# Premier University

Permanently Certified Private University

Opportunity to Study Jointly at University of Technology Sydney (UTS), Australia & Premier University.

**ADMISSION**

## Undergraduate Programs

- BBA (Accounting, Finance, Marketing, Management & HRM)
- BSc in CSE
- BSc in EEE
- Bachelor of Architecture
- BSc (Honors) in Mathematics
- BA (Honors) in English
- BSS (Honors) in Economics
- LLB (Honors)
- BSS (Honors) in Sociology and Sustainable Development
- Bachelor of Arts in Fashion Design & Technology
- বিএ (অনার্স) বাংলা ভাষা ও সাহিত্য

◆ Students seeking admission to Premier University who have secured GPA 5 in both SSC and HSC or equivalent examinations will enjoy 50% waiver for the 1st semester.

◆ Other scholarships are also available.



## Graduate Programs

- MBA (Accounting, Finance, Marketing, HRM. & Supply Chain Management)
- LLM
- MSc in Mathematics
- MA in English (Major in TESOL / ELL)
- MSS in Economics (Banking & Finance; Development Studies)
- Master of Public Health (MPH)
- MSc in Computer Science and Engineering
- MSS in Sociology and Sustainable Development

## Professional Courses

- Postgraduate Diploma in Library & Information Science
- CCNA (Ver 6.0) - Routing and Switching
- IoT & Data Analytics
- Amazon Web Service (AWS) Cloud Foundation
- Fashion Design
- Fashion Merchandising
- Apparel Merchandising
- চীনা (মান্দারিন) ও জাপানি ভাষা শিক্ষা কোর্স

Students seeking admission to Fashion Design and Technology require only CGPA 2 in both SSC and HSC and equivalent examinations

Online Form Link
https://bit.ly/PUCadmission

STUDY AT
UNIVERSITY OF TECHNOLOGY SYDNEY (UTS)



**Bachelor of Information Technology (IT)**
**Bachelor of Business (Including Law)**

Requirement: A Level or HSC → 1st year in Premier University → 2nd and 3rd year in Australia

018-415-65448
018-415-65449
enquire@utscollegebangladesh.org
utscollegebangladesh.org

### Admission Booths

Academic Building- 2 : 1/A, O.R. Nizam Road, Probartak Circle, Chattogram.
Academic Building- 3 : Wasa Circle, Dampara, Chattogram.
Academic Building- 5 : 541, O.R. Nizam Road, GEC Circle, Chattogram.

Contact : +880 1313 044515-16 facebook.com/PremierUniversityChittagong

উপদেষ্টা: প্রফেসর ড. অনুপম সেন, উপাচার্য, প্রিমিয়ার ইউনিভার্সিটি; সম্পাদক: অমল ভূষণ নাগ, অধ্যাপক, ব্যবসা-শিক্ষা অনুষদ; সহযোগী সম্পাদক: খুরশিদুর রহমান, রেজিস্ট্রার; সহকারী সম্পাদক: শামসুল আরেফীন, সহকারী জনসংযোগ কর্মকর্তা।
প্রকাশনায়: জনসংযোগ শাখা, প্রিমিয়ার ইউনিভার্সিটি, ৫৪১, ও.আর. নিজাম রোড, জিইসি, চট্টগ্রাম। ফোন: +৮৮-০৩১-৬৫৬৬১২-১৪, ৬৫৬৬১৭, ৬৫৭৬৫৪, ই-মেইল: info@puc.ac.bd, ওয়েবসাইট : www.puc.ac.bd, www.facebook.com/PremierUniversityChittagong

# প্রিমিয়ার ইউনিভার্সিটি, চট্টগ্রাম

## বুলেটিন

২০২৩, ৮ম সংখ্যা

# প্রিমিয়ার ইউনিভার্সিটি, চট্টগ্রাম বুলেটিন

প্রতিষ্ঠাতা: আলহাজ্ব এবিএম মহিউদ্দিন চৌধুরী

২০২৩, ৮ম সংখ্যা




প্রিমিয়ার ইউনিভার্সিটিতে মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদ্‌যাপন


## ভাষা আন্দোলনের পথ ধরেই বাংলাদেশ রাষ্ট্রের সৃষ্টি হয়

প্রিমিয়ার ইউনিভার্সিটির জিইসি মোড়স্থ কেন্দ্রীয় শহীদ মিনারে মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন করা হয়েছে ২১ ফেব্রুয়ারি ২০২৩। এ উপলক্ষে আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী ও শিক্ষায় একুশে পদকপ্রাপ্ত প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন শহীদ মিনারে পুষ্পমাল্য অর্পণ করে ভাষা-শহীদদের প্রতি শ্রদ্ধা জানান। এরপর প্রিমিয়ার ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের সম্মানিত সদস্য জনাব বোরহানুল হাসান চৌধুরীসহ শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীবৃন্দ, জনস্বাস্থ্য (পাবলিক হেলথ) বিভাগ, সমাজতত্ত্ব ও টেকসই উন্নয়ন বিভাগ, গণিত বিভাগ, স্থাপত্য বিভাগ, তড়িৎ ও ইলেকট্রনিক প্রকৌশল বিভাগ, অর্থনীতি বিভাগ, আইন বিভাগ, ইংরেজি বিভাগ, কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগ, ব্যবসা-প্রশাসন বিভাগ, ফ্যাশন ডিজাইন এন্ড টেকনোলজি বিভাগ ও প্রিমিয়ার ইউনিভার্সিটি ডিবেটিং *১৬ পৃষ্ঠার ১ম কলাম*

## প্রিমিয়ার ইউনিভার্সিটি ওয়েল্ডিং সেন্টার উদ্বোধন

প্রিমিয়ার ইউনিভার্সিটিতে প্রিমিয়ার ইউনিভার্সিটি ও আমেরিকার বিখ্যাত লিংকন ইলেক্ট্রিক কোম্পানির যৌথ উদ্যোগে উদ্বোধন করা হয়েছে প্রিমিয়ার ইউনিভার্সিটি ওয়েল্ডিং সেন্টার। ০৬ নভেম্বর ২০২৩, প্রিমিয়ার ইউনিভার্সিটির প্রবর্তক মোড়স্থ ভবনে ওয়েল্ডিং সেন্টারটি উদ্বোধন করেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী, একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ ও প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। এসময় উপস্থিত ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় ট্রেজারার প্রফেসর ড. তৌফিক সাঈদ, রেজিস্ট্রার জনাব খুরশিদুর রহমান, সহকারী ইঞ্জিনিয়ার (আইটি) কামরুল হাসান, সহকারী ইঞ্জিনিয়ার (সিভিল) আবু রাসেল চৌধুরী, আইটি সাপোর্ট এন্ড মেইনটেন্যান্স অ্যাসিস্ট্যান্ট বিভাস পাল। লিংকন ইলেক্ট্রিক কোম্পানির পক্ষ থেকে উপস্থিত ছিলেন বাংলাদেশের অথোরাইজ ডিস্ট্রিবিউটর এজেডএন কর্পোরেশনের ডিরেক্টর চৌধুরী মাহতাব উদ্দিন, সেলস ইঞ্জিনিয়ার এম. তামজিদুল ইসলাম দীপ্ত ও ওয়েল্ডার শেখ ফরিদ।

উদ্বোধনকালে প্রফেসর ড. অনুপম সেন বলেন, প্রিমিয়ার ইউনিভার্সিটিতে ওয়েল্ডিং সেন্টার চালু হলো। এখানে ওয়েল্ডিং জগতের খুবই *৬ পৃষ্ঠার ১ম কলাম*




প্রিমিয়ার ইউনিভার্সিটির প্রতিষ্ঠাতা আলহাজ্ব এবিএম মহিউদ্দিন চৌধুরীর ৬ষ্ঠ মৃত্যুবার্ষিকী পালন

## চট্টগ্রামের উন্নয়ন ও স্বার্থ রক্ষায় তাঁর আপসহীন ভূমিকা তাঁকে চট্টলবীরে পরিণত করে



প্রিমিয়ার ইউনিভার্সিটির প্রতিষ্ঠাতা, সাবেক মেয়র, বীর মুক্তিযোদ্ধা ও চট্টলবীর আলহাজ্ব এবিএম মহিউদ্দিন চৌধুরীর ৬ষ্ঠ মৃত্যুবার্ষিকী উপলক্ষ্যে তাঁর কবরে পুষ্পমাল্য অর্পণ করেছেন প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য প্রফেসর ড. অনুপম সেনের নেতৃত্বে শিক্ষক-শিক্ষিকা ও কর্মকর্তা-কর্মচারীবৃন্দ। ১৫ ডিসেম্বর ২০২৩, এই পুষ্পমাল্য অর্পণকালে উপস্থিত ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, ট্রেজারার প্রফেসর ড. তৌফিক সাঈদ, কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম, রেজিস্ট্রার জনাব খুরশিদুর রহমান, পরীক্ষা নিয়ন্ত্রক শেখ মুহাম্মদ ইব্রাহিম, প্রকৌশল অনুষদের প্রফেসর মিহির কুমার রায়, ব্যবসা-শিক্ষা অনুষদের সহকারী ডিন প্রফেসর এম. মঈনুল হক, গণিত বিভাগের চেয়ারম্যান মো. ইফতেখার মনির, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারম্যান টুটন চন্দ্র মল্লিক, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারম্যান ড. সাহীদ মো. আসিফ ইকবাল, ইংরেজি বিভাগের চেয়ারম্যান সাদাত জামান খান, ফ্যাশন ডিজাইন এন্ড টেকনোলজি বিভাগের চেয়ারম্যান সঞ্জয় কুমার দাশ, প্রক্টর আহমদ রাজীব চৌধুরী এবং ডেপুটি লাইব্রেরিয়ান জনাব কাউছার *১০ পৃষ্ঠার ২য় কলাম*

## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে অনুষ্ঠিত হলো ইউটিএস বাংলাদেশের প্রথম সমাবর্তন

প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়েছে ইউনিভার্সিটি অব টেকনোলজি সিডনি (ইউটিএস) বাংলাদেশের ডিপ্লোমা অব ইনফরমেশন টেকনোলজি এবং ডিপ্লোমা অব বিজনেস প্রোগ্রামের প্রথম সমাবর্তন। ১১ নভেম্বর ২০২৩, অনুষ্ঠিত এই সমাবর্তনে আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী, একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ ও প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. অনুপম সেন সভাপতিত্ব করেন। প্রধান অতিথি ছিলেন প্রফেসর কার্ল রোডস, ডিন, ইউটিএস বিজনেস স্কুল, ইউটিএস, অস্ট্রেলিয়া। বিশেষ অতিথি ছিলেন মিঃ পিটার মারে, হেড, ইন্টারন্যাশনাল স্টুডেন্ট রিক্রুটমেন্ট, ইউটিএস, অস্ট্রেলিয়া। মঞ্চে উপস্থিত ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী *১৪ পৃষ্ঠার ১ম কলাম*



প্রিমিয়ার ইউনিভার্সিটিতে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদাতবার্ষিকী ও জাতীয় শোক দিবস পালিত

# বিশ্ব-ইতিহাসে এই দুর্বৃত্তরা চিরকাল ঘৃণিত হয়ে থাকবে




প্রিমিয়ার ইউনিভার্সিটির জিইসি মোড়স্থ ক্যাম্পাসে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদাতবার্ষিকী ও জাতীয় শোক দিবস পালন করা হয়েছে ১৫ আগস্ট ২০২৩। আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী, একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ ও প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন প্রিমিয়ার ইউনিভার্সিটি পরিবারের পক্ষ থেকে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ করেন। এসময় উপস্থিত ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, রেজিস্ট্রার জনাব খুরশিদুর রহমান, কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম, পরীক্ষা নিয়ন্ত্রক জনাব শেখ মুহম্মদ ইব্রাহিম, প্রকৌশল ও বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. তৌফিক সাঈদ, ব্যবসা-শিক্ষা অনুষদের সহকারী ডিন এম. মঈনুল হক, স্থাপত্য বিভাগের চেয়ারম্যান বিশিষ্ট স্থপতি সোহেল এম. শাকুর, গণিত বিভাগের চেয়ারম্যান মোহাম্মদ ইফতেখার মনির, ইংরেজি বিভাগের চেয়ারম্যান সাদাত জামান খান, তড়িৎ ও ইলেকট্রনিক প্রকৌশল বিভাগের চেয়ারম্যান টুটন চন্দ্র মল্লিক, আইন বিভাগের চেয়ারম্যান তানজিনা আলম চৌধুরী, অর্থনীতি বিভাগের চেয়ারম্যান ফারজানা ইয়াসমিন চৌধুরী, জনস্বাস্থ্য (পাবলিক হেলথ) বিভাগের চেয়ারম্যান মো. জাহেদুল ইসলাম, ফ্যাশন ডিজাইন এন্ড টেকনোলজি বিভাগের চেয়ারম্যান সঞ্জয় কুমার দাশ ও প্রক্টর আহমদ রাজীব চৌধুরী। উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন তাঁর *২০ পৃষ্ঠার ২য় কলাম*

# প্রিমিয়ার ইউনিভার্সিটিতে 'চেইজিং ইউর ড্রিম জব' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত




প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে প্রিমিয়ার ইউনিভার্সিটি বিজনেস ক্যারিয়ার ক্লাব ও বিএসএইচআরএম চিটাগং চ্যাপ্টারের যৌথ উদ্যোগে 'চেইজিং ইউর ড্রিম জব' শীর্ষক এক সেমিনার অনুষ্ঠিত হয়। ২০ মার্চ ২০২৩, অনুষ্ঠিত সেমিনারে প্রধান অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির ট্রেজারার ও ব্যবসা-শিক্ষা অনুষদের কো-অর্ডিনেটর প্রফেসর একেএম তফজল হক। বিশেষ অতিথি ছিলেন ব্যবসা-শিক্ষা অনুষদের সহকারী ডিন প্রফেসর মোহাম্মদ মঈনুল হক। ফ্যাসিলিটেটর ছিলেন ইউনিটেক্স এলপি গ্যাস লিমিটেডের অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (এইচআর এন্ড জেনারেল সার্ভিসেস) মো. আতিকুল ইসলাম চৌধুরী, জিপিএইচ ইস্পাতের ম্যানেজার-রিওয়ার্ড (পিএমএস এন্ড ওডি) মো. হামেদ হাসান রিয়াদ, রুবি সিমেন্টের হেড অব এইচআর এন্ড এডমিন-সিপি মিজানুর রহমান ও প্যাসিফিক জিনস-এর অ্যাসিস্ট্যান্ট জেনারেল *৮ পৃষ্ঠার ২য় কলাম*

# প্রিমিয়ার ইউনিভার্সিটিতে বসন্ত উৎসব উদ্‌যাপিত

প্রিমিয়ার ইউনিভার্সিটির জিইসি মোড়স্থ ক্যাম্পাসে সমাজতত্ত্ব ও টেকসই উন্নয়ন বিভাগের উদ্যোগে বসন্ত উৎসব-১৪২৯ আয়োজন করা হয়েছে। ১৪ ফেব্রুয়ারি ২০২৩, বসন্ত উৎসবের উদ্বোধন করেন প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা। এসময় উপস্থিত ছিলেন কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম, পরীক্ষা নিয়ন্ত্রক শেখ মুহাম্মদ ইব্রাহিম, সমাজতত্ত্ব ও টেকসই উন্নয়ন বিভাগের কো-অর্ডিনেটর ড. সাদিকা সুলতানা চৌধুরী, প্রভাষক তানিয়াহ্ মাহমুদা তিন্নি ও অর্পা পাল। এছাড়া আরও উপস্থিত ছিলেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সিনেট সদস্য ও ঘাসফুল চেয়ারম্যান ড. মঞ্জুর-উল-আমিন চৌধুরী। উদ্বোধনী বক্তব্যে উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা সকলকে বসন্তের শুভেচ্ছা জানিয়ে বলেন, ফাল্গুন আমাদের গৌরবের ভাষার মাস। প্রাচীনকাল থেকেই বাংলা অঞ্চলে বসন্ত উৎসব পালন করার রীতি রয়েছে। ১৯০৭ সালে কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর শান্তিনিকেতনে নাচ ও গানের মধ্য দিয়ে বসন্ত উৎসব পালন করা শুরু করেন। বঙ্গাব্দ ১৪০১ থেকে বাংলাদেশে বসন্ত উৎসব উদযাপন করা হচ্ছে। তিনি উল্লেখ করেন, প্রকৃতি



হলো একাধারে উপশমকারী ও অনুপ্রেরণার উৎস। নিজেদের কষ্টগুলোকে এবং মনের কালো ও দীনতাকে আমরা যেন ফাগুনের রঙে রাঙিয়ে *১৯ পৃষ্ঠার ২য় কলাম*

# প্রিমিয়ার ইউনিভার্সিটিতে মাস্টার্স ইন সিএসই প্রোগ্রামের ওরিয়েন্টেশন অনুষ্ঠান সম্পন্ন

প্রিমিয়ার ইউনিভার্সিটির হাজারী গলির ভবনে প্রিমিয়ার ইউনিভার্সিটির কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগের মাস্টার্স ইন সিএসই প্রোগ্রামের ওরিয়েন্টেশন অনুষ্ঠান সম্পন্ন হয়েছে। ১৯ আগস্ট ২০২৩, এই অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিভাগের চেয়ারম্যান ও মাস্টার্স ইন সিএসই-র কো-অর্ডিনেটর ড. সাঈদ মোহাম্মদ আসিফ ইকবাল। অনুষ্ঠানে আলোচক ছিলেন ইউনিভার্সিটির মাননীয় ট্রেজারার ও সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং ফ্যাকাল্টির ডিন অধ্যাপক ড. তৌফিক সাঈদ। তিনি বলেন, আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স, ভার্চুয়াল রিয়েলিটি, স্মার্ট মেশিন, অগমেন্টেড রিয়েলিটি, ইন্টারনেট অব থিংস, ব্লক চেইন, ডিপ লার্নিং, ডেটা সায়েন্স, সিকিউরিটি, সফটওয়্যার ম্যানেজমেন্ট প্রভৃতি অত্যাধুনিক প্রযুক্তিকে পূর্ণতা দিতে চালু হলো কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং-এ গবেষণানির্ভর ও বিশেষায়িত মাস্টার্স। সভাপতির বক্তব্যে বিভাগীয় চেয়ারম্যান ড. আসিফ বলেন, গবেষণা ও উদ্ভাবন নির্ভর এ নতুন মাস্টার্স *১৫ পৃষ্ঠার ২য় কলাম*



# প্রিমিয়ার ইউনিভার্সিটি ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগে 'প্রোগ্রাম আউটকাম অ্যাসেসমেন্ট এন্ড কমপ্লেক্স ইঞ্জিনিয়ারিং প্রব্লেম' শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত



বর্তমান বিশ্বে প্রকৌশল বিদ্যায় বহুল আলোচিত শিক্ষাক্রম হচ্ছে আউটকাম বেইসড কারিকুলাম। এই কারিকুলাম-এর অত্যন্ত গুরুত্বপূর্ণ দুটি অংশ হচ্ছে প্রোগ্রাম আউটকাম এবং প্রকৌশল বিদ্যার জন্য কমপ্লেক্স ইঞ্জিনিয়ারিং প্রবলেম। এই দুইটি বিষয়ে শিক্ষকদের মাঝে প্রশিক্ষণ প্রদানের উদ্দেশ্যে সম্প্রতি প্রিমিয়ার ইউনিভার্সিটির ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের সেলফ অ্যাসেসমেন্ট কমিটির উদ্যোগে ও আইকিউএসি প্রিমিয়ার ইউনিভার্সিটির সহযোগিতায় অনুষ্ঠিত হয়ে গেল 'প্রোগ্রাম আউটকাম অ্যাসেসমেন্ট এন্ড কমপ্লেক্স ইঞ্জিনিয়ারিং প্রব্লেম' শীর্ষক দিনব্যাপী এক প্রশিক্ষণ কর্মশালা। প্রকৌশল অনুষদের ডিন ও আইকিউএসি প্রিমিয়ার ইউনিভার্সিটির পরিচালক প্রফেসর ড. তৌফিক সাঈদের সভাপতিত্বে কর্মশালায় কি-নোট প্রেজেন্টার হিসেবে প্রশিক্ষণ প্রদান করেন প্রিমিয়ার ইউনিভার্সিটির ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক *৪র্থ পৃষ্ঠার ২য় কলাম*

# প্রিমিয়ার ইউনিভার্সিটিতে 'ইলেকট্রিক্যাল এন্ড ফায়ার হ্যাজার্ডস প্রিভেনশন এন্ড রেসপন্স' শীর্ষক কর্মশালা



প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে 'ইলেকট্রিক্যাল এন্ড ফায়ার হ্যাজার্ডস প্রিভেনশন এন্ড রেসপন্স' শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। ০৩ আগস্ট ২০২৩, দিনব্যাপী প্রিমিয়ার ইউনিভার্সিটির ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের উদ্যোগে অনুষ্ঠিত এই কর্মশালায় প্রধান অতিথি ছিলেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী, একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ ও প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। রিসোর্স পারসন হিসেবে উপস্থিত ছিলেন হাইরদারামনি বাংলাদেশ-কেনপার্ক এন্ড রিজেন্সির ম্যানেজার-মেইনটেন্যান্স মোহাম্মদ আল-আমিন এবং আরএমও সাসটেইনেবিলিটি কাউন্সিল (আরএসসি)-র সিনিয়র ইলেকট্রিক্যাল সেইফটি ইঞ্জিনিয়ার স্তাবক দাশ। উপস্থিত ছিলেন বিভাগের চেয়ারম্যান জনাব টুটন চন্দ্র মল্লিক ও কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের সহযোগী অধ্যাপক ড. সাহিদ মো. আসিফ ইকবাল। প্রধান অতিথি উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন তাঁর বক্তব্যে প্রাগৈতিহাসিক কালে ও সভ্যতার সূচনালগ্ন থেকে আগুনের ব্যবহারের ইতিহাস, বিশ শতকের আগে বিদ্যুতের আবিষ্কার ও বিশ শতক থেকে বিদ্যুতের ব্যবহারের বর্ণনা তুলে ধরেন। তিনি বলেন, আগুন সভ্যতার অগ্রগতিতে বিশাল ভূমিকা পালন করলে ও অগ্নিকাণ্ড সভ্যতার জন্য বড়ো বিপদজনক। বাংলাদেশে বিভিন্ন সময়ে বিভিন্ন ভবন ও বাসগৃহ, শপিং কমপ্লেক্স এবং শিল্প-কারখানা প্রভৃতিতে আগুন লেগে অনেক মানুষ মারা গেছে, অনেক সম্পদ ক্ষতিগ্রস্ত হয়েছে। এই কর্মশালা আমাদের বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকা, কর্মকর্তা-কর্মচারী ও ছাত্রছাত্রীদের আগুন থেকে নিরাপদ থাকার জন্য সচেতনতা *২০ পৃষ্ঠার ২য় কলাম*

প্রিমিয়ার ইউনিভার্সিটিতে মাস্টার অব সায়েন্স ইন কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং-এর উদ্বোধন করলেন শিক্ষা উপমন্ত্রী ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী

# পূর্ণাঙ্গ অনেকগুলো দক্ষতার স্বীকৃতি হলো মাস্টার অব সায়েন্স

প্রিমিয়ার ইউনিভার্সিটিতে মাস্টার অব সায়েন্স ইন কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং উদ্বোধন করেছেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষা উপমন্ত্রী ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী নওফেল, এমপি। এসময় তিনি বলেন, প্রিমিয়ার ইউনিভার্সিটিতে এই প্রোগ্রাম চালু হচ্ছে। এটা একটি মহতী উদ্যোগ। এই প্রোগ্রাম যুগোপযোগী প্রশিক্ষণ এবং যুগোপযোগী শিক্ষা। সব শিক্ষার্থীর জানা প্রয়োজন যে, এই দীর্ঘমেয়াদী মাস্টার কোর্স খুবই গুরুত্বপূর্ণ। অনেক আন্তর্জাতিক বিশ্ববিদ্যালয়ে ও প্ল্যাটফর্মে মাস্টার অব সায়েন্সের পাশাপাশি অনেকগুলো কোর্স অফার করা হয়, বিশেষ করে ডাটা সায়েন্স, সফটওয়্যার ইত্যাদির উপরে। একই সঙ্গে কিছু কোয়ান্টিটিভ স্কিলস ও কিছু বেসিক প্রোগ্রামিং ল্যাংগুয়েজেরও প্রয়োজন। অন্যান্য ডিসিপ্লিন থেকেও যাতে করে কম্পিউটার সায়েন্সে ছাত্ররা পড়তে পারে, সেজন্য কিছু ফাউন্ডেশন কোর্স আয়ত্ত করাও দরকার। শিক্ষকমণ্ডলী তাদের এ-ব্যাপারে উৎসাহ ও দিকনির্দেশনা দিবেন, এমন আশা করি। শিক্ষা




উপমন্ত্রী সুনির্দিষ্ট দক্ষতা ও যোগ্যতার জন্য মাস্টার অব সায়েন্সের প্রয়োজন রয়েছে উল্লেখ করে বলেন, পূর্ণাঙ্গ অনেকগুলো দক্ষতার স্বীকৃতি হলো মাস্টার অব সায়েন্স। ০৫ মার্চ ২০২৩, প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে প্রিমিয়ার ইউনিভার্সিটির কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের উদ্যোগে মাস্টার অব সায়েন্স ইন কম্পিউটার *১১ পৃষ্ঠার ১ম কলাম*

# প্রিমিয়ার ইউনিভার্সিটিতে ২৩ ও ২৪ সেপ্টেম্বর ২০২৩ দুদিন ব্যাপী অনুষ্ঠিত হলো ইংলিশ ল্যাংগুয়েজ টিচার'স ট্রেনিং

প্রিমিয়ার ইউনিভার্সিটিতে ২৩ ও ২৪ সেপ্টেম্বর ২০২৩, দুদিন ব্যাপী অনুষ্ঠিত হলো ইংলিশ ল্যাংগুয়েজ টিচার'স ট্রেনিং। এই ট্রেনিং পরিচালনা করেন ইংরেজি ভাষা বিশেষজ্ঞ, যুক্তরাষ্ট্রের পেনসিলভেনিয়া ইউনিভার্সিটি থেকে পিএইচডি ডিগ্রি অর্জনকারী ড. মলি ম্যাক হার্গ, যাঁর মাতৃভাষা ইংরেজি বা আমেরিকান। প্রিমিয়ার ইউনিভার্সিটির ইংরেজি বিষয়ের শিক্ষকবৃন্দ এই ট্রেনিং-এ অংশগ্রহণ করেন। দুদিনের ট্রেনিং শেষে ড. মলি ম্যাক হার্গ আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী, একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ ও প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য প্রফেসর ড. অনুপম সেনের সঙ্গে সাক্ষাৎ করেন। এসময় উপস্থিত ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় ট্রেজারার প্রফেসর ড. তৌফিক সাঈদ ও ইংরেজি বিভাগের চেয়ারম্যান জনাব সাদাত জামান খান। উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন এসময় ড. মলি ম্যাক হার্গের হাতে সম্মাননা তুলে দেন।



# প্রিমিয়ার ইউনিভার্সিটির কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষক সাহীদ মোঃ আসিফ ইকবালের পিএইচ.ডি ডিগ্রি অর্জন



প্রিমিয়ার ইউনিভার্সিটির কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষক সাহীদ মোঃ আসিফ ইকবাল চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (চুয়েট)-এর সিএসই বিভাগ থেকে পিএইচ.ডি ডিগ্রি অর্জন করেছেন। ১০ নভেম্বর ২০২২ তাঁর থিসিস ডিফেনস অনুষ্ঠিত হয় এবং ২৯ ডিসেম্বর ২০২২ ফলাফল প্রকাশিত হয়। সাহীদ মোঃ আসিফ ইকবাল চুয়েটের সিএসই বিভাগ থেকে প্রথম পিএইচ.ডি ডিগ্রি অর্জনের কৃতিত্ব অর্জন করেন। তাঁর পিএইচ.ডি গবেষণার বিষয় ছিল 'ফিউচার ইন্টারনেট অথবা নেক্সট-জেনারেশন ইন্টারনেট' এবং তাঁর পিএইচ.ডি থিসিসের টাইটেল ছিল 'সোর্স-অ্যাসিস্টেড অ্যাডেপ্টিভ ফরওয়ার্ডিং এন্ড ক্যাচিং স্ট্রাটেজিস টু রিডিউস ট্রান্সমিশন ওভারহেড এন্ড লেটেনসি ইন নেইমড ডাটা নেটওয়ার্কস'। আসিফ ইকবালের পিএইচ.ডি সুপারভাইজার ছিলেন অধ্যাপক ড. আসাদুজ্জামান এবং কো-সুপারভাইজার ছিলেন অধ্যাপক ড. মোহাম্মদ মশিউল হক। পিএইচ.ডি থিসিসের অংশ হিসেবে আসিফ ইকবালের একাধিক গবেষণালব্ধ প্রবন্ধ বিভিন্ন খ্যাতনামা কিউ-ওয়ান এবং কিউ-টু রেঙ্কড জার্নালে প্রকাশিত হয়েছে। এই জার্নালগুলো প্রকাশ করেছে এলসেভিয়ার, স্প্রিংজার এবং জন উইলি প্রকাশনী।

আসিফ ইকবাল ২০০৫ সালে চুয়েটের সিএসই বিভাগ থেকে বি.এসসি ডিগ্রি এবং ২০১১ সালে বুয়েটের সিএসই বিভাগ থেকে এম.এসসি ডিগ্রি অর্জন করেন। ২০০৬ সাল থেকে তিনি প্রিমিয়ার ইউনিভার্সিটির কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগে শিক্ষকতা করছেন। ২০১৭ সাল থেকে তিনি এই বিভাগে সহযোগী অধ্যাপক হিসেবে কর্মরত আছেন।

*দৈনিক পূর্বকোণ, ১৭-০১-২০২৩, পৃষ্ঠা: ৩*

# প্রিমিয়ার ইউনিভার্সিটি আইন বিভাগের 'পেশাগত নিরাপত্তা ও স্বাস্থ্য সুরক্ষা' শীর্ষক সেমিনার




প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে প্রিমিয়ার ইউনিভার্সিটির আইন বিভাগের উদ্যোগে ও আইকিউএসির সহযোগিতায় 'পেশাগত নিরাপত্তা ও স্বাস্থ্য সুরক্ষা' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। ০৯ ডিসেম্বর ২০২৩, অনুষ্ঠিত এই সেমিনারে প্রধান অতিথি ছিলেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী, একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ ও প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। আলোচক ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের আইন অনুষদের ডিন প্রফেসর ড. আবদুল্লাহ আল ফারুক, কক্সবাজার জেলার নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল-৩-এর জজ (ডিস্ট্রিক্ট জজ পদমর্যাদার) জনাব মোহাম্মদ আবু হান্নান এবং ঢাকাস্থ আইএলও-র বেটার ওয়ার্ক প্রোগ্রামের এন্টারপ্রাইজ এডভাইজার মো. মিনহাজুল ইসলাম। আইন বিভাগের চেয়ারপার্সন তানজিনা আলম চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত সেমিনারে প্রবন্ধ উপস্থাপক ছিলেন বিভাগের সহকারী অধ্যাপক হিল্লোল সাহা। সেমিনার সঞ্চালনা করেন বিভাগের সহকারী অধ্যাপক তাহমিনা সানজিদা সাহীদ। প্রবন্ধে কর্মস্থলে পেশাগত নিরাপত্তা ও স্বাস্থ্য সুরক্ষার জন্য বিভিন্ন করণীয় বিষয় উল্লেখ করা হয়; যেমন, কারখানা নির্মাণ ও বাস্তবায়নের সময় সর্বোচ্চ নিরাপত্তা মান এবং অভ্যন্তরীণ নিরাপত্তা পরিবেশের নিয়মকানুন বজায় রাখতে হবে এবং নিয়োগকারীদের অবশ্যই সমস্ত ওএসএইচ (অকুপেশনাল সেইফটি এন্ড হেলথ) ঝুঁকি চিহ্নিত করতে হবে এবং সমস্ত শ্রমিকের এই ধরনের ঝুঁকি এবং দুর্ঘটনার সম্ভাব্য কারণগুলি প্রতিরোধ করতে হবে। সেইফটি কমিটি থাকতে হবে। শ্রমিকদের সংখ্যা অনুসারে ফার্স্ট এইড বক্স, ডিসপেনসারি, মেডিকেল সেন্টার, কুলিং ওয়াটার, রেস্টরুম, পিপিই প্রভৃতির ব্যবস্থা থাকতে হবে। এছাড়া ইন্স্যুরেন্স স্কিম চালু করতে হবে।

প্রধান অতিথি প্রফেসর ড. অনুপম সেন এই প্রবন্ধকে যুগোপযোগী ও কালোপযোগী চিহ্নিত করে বলেন, প্রবন্ধটি শুধু আইনের শিক্ষার্থীদের জন্য নয়, সমস্ত সমাজের জন্য। তিনি বলেন, কুটিরশিল্প অনেক আগে থেকেই আছে। কিন্তু ইন্ডাস্ট্রি বলতে আজকে আমরা যা বুঝি, তার উদ্ভব অষ্টাদশ *২৪ পৃষ্ঠার ২য় কলাম*

### প্রিমিয়ার ইউনিভার্সিটি ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগে 'প্রোগ্রাম আউটকাম অ্যাসেসমেন্ট এন্ড কমপ্লেক্স ইঞ্জিনিয়ারিং প্রব্লেম' শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত

*৩ পৃষ্ঠার পর*

ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারম্যান ও সহযোগী অধ্যাপক টুটন চন্দ্র মল্লিক। প্রশিক্ষণের শুরুতে স্বাগত বক্তব্যে প্রফেসর ড. তৌফিক সাঈদ বলেন, আউটকাম বেইসড শিক্ষাক্রমের অন্যতম লক্ষ্য হচ্ছে প্রোগ্রাম আউটকাম শিক্ষার্থীরা ঠিকমতো অর্জন করতে পারলো কিনা সেটি নির্ণয় করা। কারণ এই শিক্ষা পদ্ধতিতে শিক্ষার্থীর গ্রেট বা সিজিপি-এর পাশাপাশি সে তার প্রতিটি কোর্সের আউটকাম কতটুকু অর্জন করতে পেরেছে, তার পুরো ডিগ্রির যে ১২টি আউটকাম রয়েছে যাকে আমরা প্রোগ্রাম আউটকাম বলছি সেগুলো কতটুকু অর্জন করতে পেরেছে এসব অনেক বেশি গুরুত্বপূর্ণ। প্রকৌশল বিদ্যার আরেকটি গুরুত্বপূর্ণ অংশ হচ্ছে শিক্ষার্থীদের কমপ্লেক্স ইঞ্জিনিয়ারিং প্রবলেম-এর সমাধান করতে পারদর্শী করা। শিক্ষার্থীরা তাদের শিক্ষাক্রমে কমপ্লেক্স ইঞ্জিনিয়ারিং প্রবলেমগুলো সলভ করতে পারছে কিনা সেটি জানার জন্য আজকের এই কর্মশালাটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে আমি মনে করি।

প্রশিক্ষক টুটন চন্দ্র মল্লিক প্রশিক্ষণ কর্মশালায় প্রথমে প্রোগ্রাম আউটকাম অ্যাসেসমেন্ট করার বিভিন্ন পদ্ধতি সম্পর্কে আলোচনা করেন এবং শিক্ষকরা সেটি কীভাবে নির্ণয় করবেন এবং এই প্রোগ্রাম আউটকাম নির্ণয় করার জন্য কীভাবে প্রশ্নপত্র প্রণয়ন করতে হবে তা নিয়ে বিশদ আলোচনা করেন। তিনি ব্লুমস ট্যাক্সোনমির লার্নিং ডোমেইন ও বিভিন্ন অ্যাসেসমেন্ট টুল নিয়ে বিশদ আলোচনা করেন। কমপ্লেক্স ইঞ্জিনিয়ারিং প্রবলেম-এর প্রশ্নপত্র কীভাবে করতে হবে সেটি নিয়েও শিক্ষকদের মাঝে গুরুত্বপূর্ণ বক্তব্য দেন। এই কর্মশালায় অংশগ্রহণ করেন গণিত বিভাগের সহকারী অধ্যাপক তানিয়া নূর, সহকারী অধ্যাপক কল্লোল দে, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের সহকারী অধ্যাপক মোহাম্মদ সাইফুদ্দিন মুন্না, সহকারী অধ্যাপক আকরামুল হক, সহকারী অধ্যাপক মোঃ হেলাল উদ্দিন, সহকারী অধ্যাপক সামিনা আলম, প্রভাষক আসিফ মোহাম্মদ সিদ্দিকী, প্রভাষক রাহুল চৌধুরী, প্রভাষক সরিৎ ধর, প্রভাষক সৌমেন দত্ত, প্রভাষক সুজন চৌধুরী ও অন্যান্যরা। প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থীদের হাতে সার্টিফিকেট তুলে দেন অতিথিবৃন্দ।

*দৈনিক আজাদী, ১৬-০২-২০২৩, পৃষ্ঠা: ২*

### প্রকৃতিকে জয় করে নয়, প্রকৃতির সঙ্গে একাত্ম হয়ে বাঁচতে হবে

*২২ পৃষ্ঠার পর*

আমরা মানুষ। আমাদের কৃষিনির্ভর সমাজে বর্ষা হলো আশীর্বাদ। তিনি বর্ষা নিয়ে রচিত কালিদাসের 'মেঘদূত' কাব্যের কথা উল্লেখ করেন। গণিত বিভাগের চেয়ারম্যান জনাব ইফতেখার মনির বলেন, গণিতের ছাত্ররা বর্ষাবরণ করছে; কারণ, বৃষ্টি শুধু সাহিত্যের ছাত্রদের জন্য নয়, সবার জন্য। গণিত এবং বিজ্ঞানের ছাত্ররাও কেবলমাত্র তাদের বিষয়গুলোই চর্চা করে না, সংস্কৃতিরও চর্চা করে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন গণিত বিভাগের সহকারী অধ্যাপক ড. হারাধন কুমার মহাজন, প্রভাষক মামুন-অর-রশিদ, প্রভাষক মাহবুবুর রহমান, প্রভাষক সুমাইয়া ইয়াসমিন। শেষে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়।

প্রিমিয়ার ইউনিভার্সিটিতে 'জেন্ডার সমতা ও সমনাগরিকত্ব প্রতিষ্ঠায় গণতান্ত্রিক ও ইহজাগতিক মূল্যবোধ' শীর্ষক সেমিনার

## প্রথম শ্রেণিবৈষম্য লিঙ্গভিত্তিক, অর্থনৈতিক নয়




প্রিমিয়ার ইউনিভার্সিটির জিইসি মোড়স্থ ক্যাম্পাসে 'জেন্ডার সমতা ও সমনাগরিকত্ব প্রতিষ্ঠায় গণতান্ত্রিক ও ইহজাগতিক মূল্যবোধ' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। ১৫ জুন ২০২৩, বাংলাদেশ নারী প্রগতি সংঘ (বিএনপিএস), চট্টগ্রাম কেন্দ্রের উদ্যোগে ও প্রিমিয়ার ইউনিভার্সিটির সহযোগিতায় অনুষ্ঠিত এই সেমিনারে প্রধান অতিথি ছিলেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী, একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ ও প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। মাননীয় উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানার সভাপতিত্বে অনুষ্ঠিত সেমিনারে আলোচক ছিলেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান অনুষদের প্রাক্তন ডিন প্রফেসর হোসাইন কবীর, নৃবিজ্ঞান বিভাগের প্রফেসর ড. মুহাম্মদ আলা উদ্দিন ও প্রিমিয়ার ইউনিভার্সিটির স্যোশিওলজি এন্ড সাসটেইনেবল ডেভেলপমেন্ট বিভাগের কো-অর্ডিনেটর ড. সাদিকা সুলতানা চৌধুরী। ধারণাপত্র উপস্থাপক ছিলেন বাংলাদেশ নারী প্রগতি সংঘ (বিএনপিএস), চট্টগ্রাম কেন্দ্রের ব্যবস্থাপক মো. ফেরদৌস আহম্মদ, শুভেচ্ছা বক্তা ছিলেন বাংলাদেশ নারী প্রগতি সংঘ (বিএনপিএস), চট্টগ্রাম কেন্দ্রের উন্নয়ন কর্মকর্তা এম এম এরশাদুল করিম। সেমিনার সঞ্চালনা করেন প্রিমিয়ার ইউনিভার্সিটির স্যোশিওলজি এন্ড সাসটেইনেবল ডেভেলপমেন্ট বিভাগের প্রভাষক তানিয়াহ্ মাহমুদা *১১ পৃষ্ঠার ২য় কলাম*

## প্রিমিয়ার ইউনিভার্সিটির কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগে সেমিনার



প্রিমিয়ার ইউনিভার্সিটির কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগে কম্পিউটার সায়েন্সের সাম্প্রতিক গবেষণালব্ধ নানাবিধ জ্ঞান ও অনুসন্ধিৎসু বিশ্লেষণের লক্ষ্যে সিরিজ সেমিনারের প্রথম সেমিনারটি অনুষ্ঠিত হয়েছে ১২ ডিসেম্বর ২০২৩। সিরিজ সেমিনারের প্রথম দিন প্রবন্ধ পাঠ করেন বিভাগটির চেয়ারম্যান ড. সাহীদ মোঃ আসিফ ইকবাল। প্রবন্ধের বিষয় ছিল: Cache-MCDM: A Hybrid Caching Scheme in Mobile Named Data Networks based on Multi-Criteria Decision Making.

শুরুতে সিরিজ সেমিনারের উদ্দেশ্য নিয়ে আলোচনা করেন কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের সহকারী অধ্যাপক সৈয়দ মোহাম্মদ মিনহাজ হোসাইন। বক্তব্যে তিনি বলেন, বিভাগের শিক্ষকদের সমন্বিত গবেষণা কার্যক্রম পরিচালনা ও গবেষণার মানোন্নয়নে এ ধরনের সেমিনার বিশেষ ভূমিকা রাখবে। প্যানেলে আরও ছিলেন চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সহযোগী অধ্যাপক মুহাম্মদ কামাল হোসেন এবং প্রিমিয়ার ইউনিভার্সিটির কম্পিউটার *১৩ পৃষ্ঠার ১ম কলাম*

প্রিমিয়ার ইউনিভার্সিটিতে ইংরেজি বিভাগের বরণ ও বিদায় অনুষ্ঠানে উপাচার্য ড. অনুপম সেন

## এই ভাষায় রয়েছে মননশীল অসংখ্য অসাধারণ গ্রন্থ

প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে প্রিমিয়ার ইউনিভার্সিটির ইংরেজি বিভাগের ৪১তম ব্যাচের বরণ ও ৩৫তম ব্যাচের বিদায় উপলক্ষে অনুষ্ঠান আয়োজন করা হয়েছে। ০৫ জানুয়ারি ২০২৩, আয়োজিত এই অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী, একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ ও প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। সম্মানিত অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের সম্মানিত সদস্য মিসেস হাসিনা মহিউদ্দিন। বিশেষ অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, ট্রেজারার প্রফেসর একেএম তফজ্জল হক, কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম ও রেজিস্ট্রার জনাব খুরশিদুর রহমান। এছাড়া স্বাগত বক্তা ছিলেন ৩৫তম ব্যাচের কো-অর্ডিনেটর সহকারী অধ্যাপক আবদুর রহিম। ইংরেজি বিভাগের চেয়ারম্যান সাদাত জামান খানের সভাপতিত্বে এই অনুষ্ঠানে প্রধান অতিথি প্রফেসর ড. অনুপম সেন নবীন ও বিদায়ী শিক্ষার্থীদের গভীর ভালোবাসা ব্যক্ত করেন। তিনি বলেন, বিশ্বের মুখ্য কর্পোরেট ভাষা




ইংরেজি। বর্তমানে দুইশত কোটি মানুষ এই ভাষা বোঝে ও এই ভাষায় কথা বলতে পারে। তার ফলেই এই ভাষা বর্তমান বিশ্বের মুখ্য কর্পোরেট ভাষা। এই ভাষায় রয়েছে সাহিত্য-সংস্কৃতি, দর্শন ও বিজ্ঞানের তথ্য ও তত্ত্বসমৃদ্ধ মননশীল অসংখ্য অসাধারণ গ্রন্থ। তিনি ইংরেজি ভাষার সর্বশ্রেষ্ঠ কবি ও নাট্যকার শেক্সপিয়ারসহ আরও অনেক কবি-লেখকের রচনা *১৮ পৃষ্ঠার ২য় কলাম*

## প্রিমিয়ার ইউনিভার্সিটির অর্থনীতি বিভাগের 'Inflation and the Environment: An Econometric Analysis' শীর্ষক সেমিনার

সম্প্রতি প্রিমিয়ার ইউনিভার্সিটির অর্থনীতি বিভাগের উদ্যোগে একটি সেমিনার আয়োজন করা হয়। সেমিনারে সভাপতিত্ব করেন অর্থনীতি বিভাগের চেয়ারপার্সন ফারজানা ইয়াসমিন চৌধুরী। এই সেমিনারে মূল বক্তা ছিলেন সহকারী অধ্যাপক উম্মে সালমা। তিনি সেমিনারে 'Inflation and the Environment: An Econometric Analysis' শীর্ষক একটি গবেষণা প্রবন্ধ উপস্থাপন করেন। তিনি প্রবন্ধে বলেন, সাম্প্রতিক বিশ্বে মুদ্রাস্ফীতি এবং পরিবেশ বিপর্যয় দুটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। এই দুটো বিষয়ের প্রভাব রয়েছে আমাদের অর্থনীতি, সমাজ এবং প্রাকৃতিক পরিবেশে। বাংলাদেশ হলো বিশ্বের *২২ পৃষ্ঠার ২য় কলাম*



প্রিমিয়ার ইউনিভার্সিটিতে বাণী অর্চনা অনুষ্ঠানে উপাচার্য ড. অনুপম সেন

# শিক্ষার্থীদের জ্ঞান অর্জন করে দেশের সেবায় আত্মনিয়োগ করতে হবে



আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী ও শিক্ষায় একুশে পদকপ্রাপ্ত প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন বলেন, এই বাংলাদেশে সবাই যেমন ঈদ উদযাপন করে, ঠিক তেমনি ধর্ম-বর্ণ নির্বিশেষে অনেকেই সরস্বতী পূজার আনন্দ উৎসবে অংশগ্রহণ করে। সনাতন ধর্মীয় এই পূজা বিশেষ করে শিক্ষার্থীদের জন্য। এই পূজা বহু প্রাচীন। সরস্বতীর প্রথম উল্লেখ পাওয়া যায় ঋগ্বেদে। জ্ঞান, সংগীত, শিল্পকলা, বুদ্ধি ও বিদ্যার দেবী হিসেবে তিনি পূজিত হন। এই পূজার প্রকৃত অর্থ হলো, প্রকৃত জ্ঞানের মাধ্যমে মানুষ যেন মানুষ হয়ে ওঠে, পৃথিবীকে করে তোলে শান্তিময়। ২৬ জানুয়ারি ২০২৩, প্রিমিয়ার ইউনিভার্সিটির জিইসি মোড়স্থ ক্যাম্পাসে বাণী অর্চনা পরিষদের উদ্যোগে বিদ্যা ও সুরের দেবী সরস্বতীর আরাধনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। তিনি কবিগুরু রবীন্দ্রনাথ সম্পর্কে বলেন, রবীন্দ্রনাথ ব্রহ্মবাদী হলেও সরস্বতী বন্দনাকে তিনি জ্ঞানের বন্দনা হিসেবে গ্রহণ করেছেন। তিনি সরস্বতীর বন্দনা করে কবিতা রচনা করেছেন। তিনি এক কবিতায় বলেছেন, আমরা সবাইকে আপন করে নেব, এটাই সরস্বতীর শিক্ষা। চণ্ডীদাস, লালন ও বিবেকানন্দও সবাইকে ভালোবাসার, সবাইকে আপন করার কথা বলেছেন। প্রধান অতিথি আরও বলেন, প্রতিটি ধর্মের মূল লক্ষ্য হলো ভালবাসার জয় ঘোষণা করা, মানবতাবাদ প্রতিষ্ঠা করা। তিনি যাঁরা জ্ঞান অর্জন করেন ও জ্ঞান অনুসারে চলেন, তাঁদেরকে প্রকৃত জ্ঞানী উল্লেখ করে বলেন, জ্ঞানের ভিত্তিই মানবতা। তিনি শিক্ষার্থীদের জ্ঞান অর্জন করে মানবতার সেবায়, দেশের সেবায় আত্মনিয়োগ করার আহ্বান জানান।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক, ব্যবসা-শিক্ষা অনুষদের প্রফেসর অমল ভূষণ নাগ, পরীক্ষা নিয়ন্ত্রক জনাব শেখ মুহাম্মদ ইব্রাহিম, আইন বিভাগের চেয়ারম্যান ১৪ পৃষ্ঠার ২য় কলাম

## প্রিমিয়ার ইউনিভার্সিটি ওয়েল্ডিং সেন্টার উদ্বোধন

১ম পৃষ্ঠার পর

অত্যাধুনিক যন্ত্র 'ওয়েল্ডিং সিম্যুলেটর (ভোরটেক্স ৩৬০)' স্থাপন করা হয়েছে। বাংলাদেশে এই যন্ত্র স্থাপনের এটাই প্রথম ঘটনা। সুতরাং প্রিমিয়ার ইউনিভার্সিটিতে ওয়েল্ডিং সেন্টারের শুরু বাংলাদেশের শিল্পজগত ও যন্ত্রজগতকে এগিয়ে নেওয়ার ক্ষেত্রে একটি বিরাট সূচনা ও অগ্রযাত্রা।

তিনি উল্লেখ করেন, ওয়েল্ডিং প্রশিক্ষণ প্রদানের জন্য বাংলাদেশে স্বয়ংসম্পূর্ণ ও নিরাপদ কোনো প্রতিষ্ঠান নেই মনে হয়। বাংলাদেশে প্রিমিয়ার ইউনিভার্সিটিই 'প্রিমিয়ার ইউনিভার্সিটি ওয়েল্ডিং সেন্টার' নামে অত্যাধুনিক প্রতিষ্ঠানের সূচনা ঘটাল। এই ওয়েল্ডিং সেন্টারে সম্পূর্ণ নিরাপদ ও ঝুঁকিমুক্ত ওয়েল্ডিং প্রশিক্ষণ প্রদান করা হবে। এতোকাল ধরে অনিরাপদ প্রতিষ্ঠানগুলোতে ওয়েল্ডিং শেখা বেশিরভাগ শ্রমিকেরা মূলত অদক্ষ। একারণে তারা দেশ-বিদেশে ভালো বেতনের চাকরি পায় না। প্রিমিয়ার ইউনিভার্সিটির উদ্দেশ্য হলো, বাংলাদেশে ওয়েল্ডিং ইঞ্জিনিয়ারিং গড়ে তুলবে এবং সার্টিফাইড ওয়েল্ডার্স সৃষ্টি করবে; যার ফলে তারা দেশ-বিদেশে ওয়েল্ডার্সের যে-বিরাট চাহিদা, তা মেটাবে।

প্রিমিয়ার ইউনিভার্সিটির ইংরেজি বিভাগের নজরুল বিষয়ক সাহিত্য সেমিনার

# নজরুলের বিদ্রোহ ছিল উপনিবেশবাদের বিরুদ্ধে

প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে ইংরেজি বিভাগের উদ্যোগে জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিষয়ক বিশেষ সাহিত্য সেমিনার অনুষ্ঠিত হয়েছে। ২৬ সেপ্টেম্বর ২০২৩, প্রিমিয়ার ইউনিভার্সিটির ইংরেজি বিভাগের চেয়ারম্যান জনাব সাদাত জামান খানের সভাপতিত্বে অনুষ্ঠিত সেমিনারে প্রবন্ধ উপস্থাপক ছিলেন নেপালের ত্রিভুবন ইউনিভার্সিটির সেন্ট্রাল ডিপার্টমেন্ট অব ইংলিশের প্রফেসর ড. কমল পুইয়াল। প্রবন্ধের ওপর মুখ্য আলোচক ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম। আলোচক ছিলেন নজরুল সংগীত বিশেষজ্ঞ ও কলকাতা ছায়ানটের সভাপতি শ্রীমতি শমরিতা মল্লিক, প্রিমিয়ার ইউনিভার্সিটির ইংরেজি বিভাগের সহকারী অধ্যাপক জনাব আবদুর রহিম ও কোহিনূর আকতার। সঞ্চালনা করেন বিভাগের প্রভাষক দুহিতা চৌধুরী। প্রফেসর ড. কমল পুইয়াল তাঁর প্রবন্ধে বলেন,




নজরুল ইসলামের কাব্যসাহিত্যের অসাধারণ বৈশিষ্ট্য হলো, তিনি ছিলেন একজন সৃজনশীল ধ্বংসকারী। তাঁর ধ্বংস সৃজনের জন্য, যা একজন মহৎ কবির অনন্য দিক। তাঁর কাব্যে মূর্ত হয়েছে সাম্যবাদ ও সার্বজনীনতা। ড. কমল পুইয়াল তাঁর প্রবন্ধে নজরুলের সঙ্গে তুলনা করেন নেপালের কবি ২২ পৃষ্ঠার ২য় কলাম

# প্রিমিয়ার ইউনিভার্সিটি তড়িৎ প্রকৌশল বিভাগের উদ্যোগে প্রজেক্ট ডে স্প্রিং-২০২৩ অনুষ্ঠিত

সম্প্রতি প্রিমিয়ার ইউনিভার্সিটি তড়িৎ ও ইলেকট্রনিক প্রকৌশল বিভাগের উদ্যোগে প্রজেক্ট ডে স্প্রিং-২০২৩ অনুষ্ঠিত হয়। এই প্রদর্শনীতে তড়িৎ ও ইলেকট্রনিক প্রকৌশল বিভাগের বিভিন্ন সেমিস্টারে অধ্যয়নরত ছাত্রছাত্রীরা তাদের স্প্রিং-২০২৩ সেশনের ৪৮টি প্রজেক্ট ও ৬৪টি পোস্টার উপস্থাপন করেন, যা ছিল বিভিন্ন ল্যাবরেটরি কোর্সের অংশ। দিনব্যাপী এই অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিভাগের চেয়ারম্যান ও সহযোগী অধ্যাপক টুটন চন্দ্র মল্লিক। প্রধান অতিথি তার বক্তব্যে বলেন, দক্ষ প্রকৌশলী হতে হলে তাত্ত্বিক জ্ঞানের পাশাপাশি ব্যবহারিক কাজে পারদর্শী হতে হবে। বিশেষ করে প্রকৌশল বিদ্যার ছাত্র-ছাত্রীদের সবসময় নানা ধরনের উদ্ভাবনী কাজ করতে হয়। তিনি মনে করেন আজকের আয়োজনের মাধ্যমে শিক্ষার্থীরা নিজেদেরকে বড় বড় প্রজেক্ট করার জন্যে প্রস্তুত করতে পারবে। তিনি আশা প্রকাশ করেন এই প্রদর্শনী ছাত্র-ছাত্রীদেরকে ভবিষ্যতে চতুর্থ শিল্পবিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় কর্মক্ষেত্রে কার্যকর ভূমিকা রাখতে সহায়তা করবে। বিভাগের সহকারী অধ্যাপক মোহাম্মদ সাইফুদ্দিন মুন্নার পরিচালনায় ও বিভাগের প্রভাষক সৌমেন দত্ত এবং প্রভাষক সুজন ১৬ পৃষ্ঠার ১ম কলাম



# প্রিমিয়ার ইউনিভার্সিটি ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগে 'টেকনিক্যাল রাইটিং ইউজিং ল্যাটেক্স' শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত



বর্তমান বিশ্ব গবেষণার বিশ্ব। বিজ্ঞানী কিংবা গবেষকরা তাদের গবেষণাকাজকে সকলের মাঝে পৌঁছে দেওয়ার জন্য বিভিন্ন আন্তর্জাতিক সাময়িকী ও কনফারেন্সে গবেষণাপত্র প্রকাশ করে থাকেন। আর এই গবেষণাপত্র তৈরি করার একটি অত্যাধুনিক টুলস হচ্ছে ল্যাটেক্স। সম্প্রতি প্রিমিয়ার ইউনিভার্সিটির ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের উদ্যোগে অনুষ্ঠিত হয়ে গেল 'টেকনিক্যাল রাইটিং ইউজিং ল্যাটেক্স' শীর্ষক দিনব্যাপী এক প্রশিক্ষণ কর্মশালা। প্রকৌশল অনুষদের ডিন প্রফেসর ড. তৌফিক সাঈদের সভাপতিত্বে এই কর্মশালায় কি-নোট প্রেজেন্টার হিসেবে প্রশিক্ষণ প্রদান করেন প্রিমিয়ার ইউনিভার্সিটির কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগের সহযোগী অধ্যাপক ড. শাহীদ মোঃ আসিফ ইকবাল।

প্রশিক্ষণের শুরুতে স্বাগত বক্তব্যে প্রফেসর ড. তৌফিক সাঈদ বলেন, বর্তমান সময়ে বিশ্বের গবেষকদের গবেষণাপত্র লেখার প্রথম এবং অন্যতম পছন্দের টুল ল্যাটেক্স। বিভিন্ন গবেষণাপত্রে ও জার্নালে প্রকাশনার জন্য গাণিতিক সমীকরণগুলো এই সফটওয়্যারের মাধ্যমে খুব সহজে লেখা যায়। শিক্ষার্থীদের উদ্দেশ্যে তিনি বলেন, তোমরা যারা ফাইনাল থিসিস করছ কিংবা পড়ালেখার পাশাপাশি ছোটখাটো গবেষণায় জড়িত, তোমাদেরও গবেষণাপত্র লেখার জন্য এখন থেকেই ল্যাটেক্স সফটওয়্যার ব্যবহার করা উচিত। এই সফটওয়্যার ব্যবহার করার মাধ্যমে তোমরা তোমাদের গবেষণাপত্রের মান আরো *১৭ পৃষ্ঠার ১ম কলাম*

প্রিমিয়ার ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটির নিয়মিত প্রকাশনা 'পৌনঃপুনিক' প্রকাশ

# 'নতুন সত্য প্রতিষ্ঠিত হয় যুক্তির মাধ্যমে'



প্রিমিয়ার ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটি-পিইউডিএস তাদের যুগপূর্তি উপলক্ষে নিয়মিত ম্যাগাজিন 'পৌনঃপুনিক' প্রকাশ করেছে। ১৬ এপ্রিল ২০২৩, জিইসি মোড়স্থ প্রিমিয়ার ইউনিভার্সিটি মিলনায়তনে পিইউডিএস-এর উদ্যোগে 'পৌনঃপুনিক'-এর মোড়ক উন্মোচন অনুষ্ঠানের আয়োজন করা হয়। প্রধান অতিথি ছিলেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী ও শিক্ষায় একুশে পদকপ্রাপ্ত প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। বিশেষ অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের সম্মানিত সদস্য জনাব বোরহানুল হাসান চৌধুরী ও মাননীয় উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে প্রফেসর ড. অনুপম সেন 'জ্ঞানকে এগিয়ে নেওয়া হয় যুক্তির মাধ্যমে' উল্লেখ করে প্লেটোর রচিত গ্রন্থাবলী থেকে তর্ক সম্পর্কে গুরুত্বপূর্ণ অনেক তথ্য তুলে ধরেন, সক্রেটিস সম্পর্কেও অনেক তথ্য দেন। তিনি বলেন, গ্রীসেই একসময় বিতর্ক চর্চার মধ্য দিয়ে সত্যের অনুসন্ধান শুরু হয়; বিজ্ঞানের সত্য এবং সমাজবিজ্ঞানের সত্য দু'টোরই। এই সত্যকে অনুসন্ধান করা হয়েছে যুক্তির মাধ্যমে। পরবর্তী রেনেসাঁস যুগে বিজ্ঞানের জ্ঞান এবং এনলাইটেনমেন যুগে সমাজবিজ্ঞানের জ্ঞানও যুক্তিকে অবলম্বন করে এগিয়ে যায়। আজকের জ্ঞান-বিজ্ঞানের যুগও *১৭ পৃষ্ঠার ২য় কলাম*

প্রিমিয়ার ইউনিভার্সিটির ইংরেজি বিভাগের নজরুল বিষয়ক আন্তর্জাতিক সেমিনার

# নজরুল তাঁর বিদ্রোহকে মহাবিদ্রোহে রূপ দিয়েছিলেন

প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে ইংরেজি বিভাগের উদ্যোগে 'পয়েট নজরুল ইন এ গ্লোকাল পার্সপেক্টিভ' শীর্ষক এক আন্তর্জাতিক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। ০৯ জানুয়ারি ২০২৩, অনুষ্ঠিত সেমিনারে প্রধান অতিথি ছিলেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী, একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ,



প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। উদ্বোধক ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম। মূল প্রবন্ধ উপস্থাপক ছিলেন প্রসিদ্ধ নজরুল স্কলার যুক্তরাষ্ট্রের ম্যাসাচুসেটস ইউনিভার্সিটির প্রফেসর ড. উইন্সটন লেংলি এবং কলম্বিয়া ইউনিভার্সিটির প্রফেসর ড. র‍্যাচেল ম্যাকডরমট। সেমিনারে সভাপতিত্ব করেন প্রিমিয়ার ইউনিভার্সিটির ইংরেজি বিভাগের চেয়ারম্যান *২১ পৃষ্ঠার ২য় কলাম*

# প্রিমিয়ার ইউনিভার্সিটিতে আমেরিকান শিক্ষামেলা

প্রিমিয়ার ইউনিভার্সিটির জিইসি মোড়স্থ ক্যাম্পাসে আমেরিকান শিক্ষামেলা অনুষ্ঠিত হয়েছে। ০৭ সেপ্টেম্বর ২০২৩, অনুষ্ঠিত এই মেলায় আমেরিকার ২৬টি বিশ্ববিদ্যালয় অংশগ্রহণ করে। এই বিশ্ববিদ্যালয়গুলো হলো ক্যানিসিয়াস ইউনিভার্সিটি, কাসকাডিয়া কলেজ, ড্রেক্সেল ইউনিভার্সিটি, এমপরিয়া স্টেট ইউনিভার্সিটি, ইনডিয়ানা ইউনিভার্সিটি-পারডু ইউনিভার্সিটি ইনডিয়ানাপলিস, দ্য শিকাগো স্কুল অব প্রফেশনাল সাইকোলজি, আইওয়া স্টেট ইউনিভার্সিটি অব সায়েন্স এন্ড টেকনোলজি, জনস হপকিনস ইউনিভার্সিটি, লুসিয়ানা টেক ইউনিভার্সিটি, নর্থইস্টার্ন ইউনিভার্সিটি, নোভা সাউথইস্টার্ন ইউনিভার্সিটি, ওল্ড ডমিনিয়ন ইউনিভার্সিটি, প্যাসিফিক ওকস কলেজ, সিয়াটল সেন্ট্রাল কমিউনিটি কলেজ, স্টেট ইউনিভার্সিটি অব নিউইয়র্ক আলবেনি, স্টেট ইউনিভার্সিটি অব নিউইয়র্ক বাফালো, ট্রাইন ইউনিভার্সিটি, ইউনিভার্সিটি অব সিনসিনাটি, ইউনিভার্সিটি অব কলরাডো এট বাউলডার, ইউনিভার্সিটি অব মিসিগান ফ্লিন্ট, ইউনিভার্সিটি অব মিসৌরি-কলম্বিয়া, ইউনিভার্সিটি অব নিউ হ্যাভেন, ইউনিভার্সিটি অব ওরেগন, ইউনিভার্সিটি অব ইউটাহ্, ইউনিভার্সিটি অব উইসকনসিন-মিলওয়াকি ও ইয়ংসটাউন স্টেট ইউনিভার্সিটি। এসব বিশ্ববিদ্যালয়ে ভর্তি হতে ইচ্ছুক সম্ভাব্য শিক্ষার্থী ও তাদের অভিভাবকরাও এই মেলায় অংশ নেন। উচ্চতর শিক্ষার জন্য আমেরিকার বিশ্ববিদ্যালয়গুলোর ভর্তি প্রক্রিয়া, স্কলারশিপ, ওয়েভার ও ফান্ডিংসহ আমেরিকা সরকারের শিক্ষা বিষয়ক বিভিন্ন পলিসি জানানোর জন্য এই মেলা অনুষ্ঠিত হয়। মেলার স্টলগুলোতে এসব *১৯ পৃষ্ঠার ২য় কলাম*



## প্রিমিয়ার ইউনিভার্সিটির কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের ৩৫তম ব্যাচের 'কোর্স কমপ্লিশন সিরমনি '




২০ সেপ্টেম্বর ২০২৩, প্রিমিয়ার ইউনিভার্সিটির কেন্দ্রীয় মিলনায়তনে কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের ৩৫তম ব্যাচের 'কোর্স কমপ্লিশন সিরেমনি' অনুষ্ঠিত হলো। অনুষ্ঠান কেক কেটে উদ্বোধন করেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী, একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ ও প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। এসময় মিলনায়তনে আরও উপস্থিত ছিলেন ইঞ্জিনিয়ারিং ফ্যাকাল্টির ডিন প্রফেসর ড. তৌফিক সাঈদ এবং কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারম্যান ড. সাহীদ মোহাম্মদ আসিফ ইকবাল। প্রফেসর ড. অনুপম সেন শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, বর্তমান যুগ প্রযুক্তির যুগ। এ যুগে শুধু কম্পিউটার সায়েন্সের শিক্ষার্থীদের নয়, অন্য বিভাগের শিক্ষার্থীদেরও প্রযুক্তি সম্পর্কে জানতে হয়, এমনকি সমাজবিজ্ঞান ও কলা অনুষদের শিক্ষার্থীদেরও। বাংলাদেশের প্রযুক্তি ও প্রকৌশল শিক্ষা বিশ্বব্যাপী সমাদৃত। বহু শিক্ষার্থী প্রতিবছর স্কলারশিপ নিয়ে উচ্চশিক্ষার জন্য বিদেশ গমন করেন। প্রিমিয়ার ইউনিভার্সিটির কম্পিউটার সায়েন্স এন্ড *১৮পৃষ্ঠার ১ম কলাম*

## প্রিমিয়ার ইউনিভার্সিটির ইংরেজি বিভাগে দুদিনব্যাপী ড্রামা ফেস্টিবল অনুষ্ঠিত



১৩ ও ১৪ জুলাই ২০২৩, প্রিমিয়ার ইউনিভার্সিটির জিইসি মোড়স্থ ক্যাম্পাসে ইংরেজি বিভাগে দুদিনব্যাপী ড্রামা ফেস্টিবল অনুষ্ঠিত হয়েছে। হিস্ট্রি অব দ্য থিয়েটার কোর্সের এই ফেস্টিবলে ৪টি সলিলকি এবং ১২টি নাটকের বিভিন্ন দৃশ্য অভিনিত হয়। নাটকগুলোর মধ্যে উল্লেখযোগ্য শেক্সপিয়ারের 'এ মিডসামার নাইটস ড্রিম' ও 'দ্য মার্চেন্ট অব ভেনিস', ক্রিস্টোফার মার্লোর 'ড. ফস্টাস', এডমন্ড রোস্টার্ডের 'দ্য রোমান্সারস', জর্জ বার্নার্ড শ'র 'আর্মস এন্ড দ্য মেন' প্রভৃতি। ফেস্টিবলে উপস্থিত ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম, ইংরেজি বিভাগের চেয়ারম্যান সাদাত জামান খান এবং ইংরেজি বিভাগের অন্যান্য শিক্ষকবৃন্দ। কোর্সটির ইন্সট্রাক্টর সহকারী অধ্যাপক শান্তনু দাশ ফেস্টিবলটি পরিচালনা করেন। মাননীয় উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা বলেন, এভাবে নাটক মঞ্চায়নের মাধ্যমে শিক্ষার্থীরা পাঠ্যপুস্তকের পাশাপাশি ব্যবহারিক শিক্ষায় দক্ষতা অর্জন *১৭পৃষ্ঠার ২য় কলাম*

## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে 'চেইজিং ইউর ড্রিম জব' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত

*২য় পৃষ্ঠার পর*

ম্যানেজার নোমান বিন জহিরুদ্দিন। এই সেমিনারে কনভেনর ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটি ব্যবসা-প্রশাসন বিভাগের সহকারী অধ্যাপক সুলতানা রাজিয়া চৌধুরী। সেমিনারে প্রধান অতিথি প্রফেসর একেএম তফজল হক বলেন, শিল্পপ্রতিষ্ঠানসমূহের উত্তরোত্তর উন্নতি ও অগ্রগতির ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের ব্যবসা-প্রশাসনের শিক্ষার গুরুত্ব অপরিসীম। শিল্পপ্রতিষ্ঠানের সাথে বিশ্ববিদ্যালয়গুলোর সম্পর্ক বাড়ানোর উপরও তিনি গুরুত্বারোপ করেছেন। তিনি বলেন, আমরা যদি শিল্পপ্রতিষ্ঠানের চাহিদা ও প্রয়োজনীয়তা জানতে না পারি, তবে ব্যবসা-প্রশাসনের কারিকুলাম অসম্পূর্ণ থাকবে। সেক্ষেত্রে শিল্পপ্রতিষ্ঠানের জন্য দক্ষ জনবল সৃষ্টি হবে না। তিনি আরও বলেন, এখনকার কর্পোরেট জগতে চাকরি পেতে এবং চাকরি পাওয়ার পর তা ধরে রাখতে এমপ্লয়েবিলিটি স্কিলস দরকার। তিনি বাস্তবতার সঙ্গে তাত্ত্বিক জ্ঞানের যোগসূত্র তৈরির গুরুত্ব তুলে ধরেন।

উক্ত সেমিনারে ফ্যাসিলিটেটরবৃন্দ প্রিমিয়ার ইউনিভার্সিটির ব্যবসা-প্রশাসন বিভাগের শিক্ষার্থীদের ক্যারিয়ার গঠনে সহায়ক বিভিন্ন নির্দেশনা প্রদান করেন। ১) তাঁরা চাকরিদাতা প্রতিষ্ঠানে যুগোপযোগী ও আকর্ষণীয় সিভি তৈরি করার নিয়মাবলী নিয়ে সুন্দর ও প্রাণবন্ত আলোচনা করেন। ২) বিবিএ ও এমবিএ এর ছাত্রছাত্রীরা তাদের মেজর কোর্স নির্বাচনের ক্ষেত্রে কী কী বিষয় বিবেচনা করবে তার সম্পর্কে দিক নির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন। ৩) কোন্ মেজরের ছাত্রছাত্রীরা কোন্ ধরনের কোম্পানিতে ইর্ন্টানশিপ বা চাকরি করবে তা আলোচনা করেন। ৪) বিভিন্ন প্রতিষ্ঠানে জব অপরচুনিটি, চাকরি পাওয়ার জন্য প্রয়োজনীয় বিভিন্ন ধরনের স্কিলস ও আচার-আচরণ, চাকরির ইন্টারভিউতে ভালো করার উপায় প্রভৃতি সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। 'প্যানেল ডিসকাসন' শীর্ষক প্রশ্নোত্তর পর্বের মধ্য দিয়ে সেমিনারের সমাপ্তি ঘটে। সেমিনারে উপস্থিত ছিলেন আফতাব উদ্দিন চৌধুরী (চেয়ারম্যান, বিএসএইচআরএম চিটাগং চ্যাপ্টার এন্ড ম্যানেজার এডমিনিস্ট্রেশন এন্ড জেনারেল অ্যাফেয়ার্স, ইয়ংওয়ান), আরিফ উল্লাহ (ফাউন্ডার সেক্রেটারি, বিএসএইচআরএম চিটাগং চ্যাপ্টার এন্ড ডিজিএম এইচআর এন্ড এডমিন, বসুন্ধরা গ্রুপ), ইশরাক হোসাইন (ফাউন্ডার মেম্বার, বিএসএইচআরএম চিটাগং চ্যাপ্টার এন্ড কু, রেডিয়াম কনসালটেনসি), হেদায়েত উল্লাহ (ম্যানেজার-এইচআর, এডমিন এন্ড সেইফটি, কেএসআরএম), মনজুরুল ইসলাম (ম্যানেজার-এইচআর এন্ড এডমিন, সেভেন রিংস সিমেন্ট), আতিকুল আলম মজুমদার (ইসি, বিএসএইচআরএম চিটাগং চ্যাপ্টার, ম্যানেজার-আজাদী জবস), ফারহানা আফরোজ (ট্রেজারার, বিএসএইচআরএম চিটাগং চ্যাপ্টার এন্ড এইচআরবিপি, ইয়ংওয়ান), লিটন মিয়া মৃধা (অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার-অপারেশন, সিপিডিএল), মহিউদ্দিন কাউছার (ইসি, বিএসএইচআরএম চিটাগং চ্যাপ্টার এন্ড অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার-এইচএন্ডএস, হাইডেলবার্গ সিমেন্ট) এবং নিলুফার ইয়াসমিন (এডভোকেট, চিটাগং জজ কোর্ট)। সেমিনারটি অনুষ্ঠিত হয় বিজনেস ক্যারিয়ার ক্লাব এর তত্ত্বাবধানে। ক্লাবের সদস্যগণ হলেন সহকারী অধ্যাপক রাজীব দত্ত, সহকারী অধ্যাপক মো. আহসান উদ্দিন। প্রভাষক একেএম নাসিম ও প্রভাষক কাইনাতুন নুর। অনুষ্ঠানটি সঞ্চালন করেন সহকারী অধ্যাপক রাজীব দত্ত ও প্রভাষক কাইনাতুন নুর।

### প্রিমিয়ার ইউনিভার্সিটিতে কোভিড-১৯-এর বুস্টার টিকা (৪র্থ ডোজ) প্রদান কর্মসূচি সম্পন্ন

২৬ পৃষ্ঠার পর

রহমান, পাবলিক হেলথ বিভাগের চেয়ারম্যান জনাব মো. জাহেদুল ইসলাম, সিভিল সার্জন কার্যালয়ের জেলা স্বাস্থ্য তত্ত্বাবধায় সুজন বড়ুয়া এবং চট্টগ্রাম মেডিকেল কলেজের হেলথ এডুকেটর সম্পদ দে। প্রফেসর ড. অনুপম সেন বলেন, বাংলাদেশে করোনা সংক্রমণ নিয়ন্ত্রণ করার জন্য বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনা যেসব পদক্ষেপ গ্রহণ করেছেন, তার মধ্যে টিকাদান কর্মসূচি অত্যন্ত গুরুত্বপূর্ণ পদক্ষেপ। বাংলাদেশে এই টিকাদান কর্মসূচি এমন সাফল্য অর্জন করেছে, যা অভূতপূর্ব। তিনি বলেছেন, আমেরিকার লোকসংখ্যা ৩৪ কোটি, করোনায় আক্রান্ত হয়ে মারা গেছে প্রায় ১১ লক্ষ। বাংলাদেশের লোকসংখ্যা ১৭ কোটি, যা আমেরিকার প্রায় অর্ধেক, কিন্তু মারা গেছে মাত্র ২৯ হাজার। এই সাফল্য বাংলাদেশের জন্য একটি পরম প্রাপ্তি, যা বহির্বিশ্বের জানা উচিত। সিভিল সার্জন ডা. মোহাম্মদ ইলিয়াছ চৌধুরী বলেন, মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনার নেওয়া টিকা কার্যক্রম সফল হওয়ায় বাংলাদেশে করোনা নিয়ন্ত্রণ সম্ভব হয়েছে। বুস্টার টিকা (৪র্থ ডোজ) হলো আপডেট ভার্সন, যা প্রিমিয়ার ইউনিভার্সিটিতে প্রদান করা হলো। টিকাদান কর্মসূচিতে আরও উপস্থিত ছিলেন চট্টগ্রাম সিভিল সার্জন কার্যালয়ের স্বাস্থ্য পরিদর্শক, সহকারী স্বাস্থ্য পরিদর্শক, স্যানিটারি ইন্সপেক্টর ও মেডিকেল টেকনোলজিস্টবৃন্দ।

## প্রিমিয়ার ইউনিভার্সিটির ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগে লাইব্রেরি-ওরিয়েন্টেশন প্রোগ্রাম



প্রিমিয়ার ইউনিভার্সিটির ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের উদ্যোগে ২ সেপ্টেম্বর ২০২৩, স্নাতক প্রথম সেমিস্টারের শিক্ষার্থীদের জন্য লাইব্রেরি-ওরিয়েন্টেশন প্রোগ্রাম অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিভাগের চেয়ারম্যান টোটন চন্দ্র মল্লিক। তিনি তাঁর বক্তব্যে জ্ঞানার্জনে প্রযুক্তিবান্ধব তথ্যনির্ভর লাইব্রেরির গুরুত্বের কথা তুলে ধরেন। পরে লাইব্রেরির বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন বিশ্ববিদ্যালয়ের উপ-গ্রন্থাগারিক মোহাম্মদ কাউসার আলম। তিনি বলেন, বর্তমান যুগ ওয়েব এবং সার্চ ইঞ্জিনের যুগ। মানবজ্ঞানকে সহজলভ্য করতে ডিজিটাল লাইব্রেরি এনে দিয়েছে অপার সুযোগ। তিনি প্রিমিয়ার ইউনিভার্সিটি কর্তৃক সাবক্রাইবকৃত বিভিন্ন ই-রিসোর্সের সাথে শিক্ষার্থীদের পরিচয় করিয়ে দেন। তা ছাড়া লাইব্রেরি ক্যাটালগ, ইনস্টিটিউশনাল রিপোজিটরি এবং পৃথিবীর বিখ্যাত ই-রিসোর্স ডাটাবেস থেকে কীভাবে জার্নাল, আর্টিকেল এবং ই-বুক সার্চ করে ডাউনলোড করে ব্যবহার করতে হয় তা দেখিয়ে দেন। অনুষ্ঠানের শেষের দিকে তিনি ছাত্র-ছাত্রীদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন এবং ডিজিটাল পাঠপদ্ধতি ও জ্ঞান অন্বেষণ প্রক্রিয়া সম্পর্কে অবহিত করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রক্টর আহমেদ রাজীব চৌধুরী, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের সহকারী অধ্যাপক মো. সাইফুদ্দিন মুন্না, আকরামুল হক, সহকারী গ্রন্থাগারিক মোহাম্মদ আলী, ইঞ্জিনিয়ারিং লাইব্রেরির শাখা প্রধান শাহেদা আক্তার প্রমুখ।

## প্রিমিয়ার ইউনিভার্সিটির তড়িৎ প্রকৌশল বিভাগে 'পিসিবি ডিজাইন ও ফেব্রিকেশন' শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত

০৩ জুন ২০২৩, প্রিমিয়ার ইউনিভার্সিটির তড়িৎ প্রকৌশল বিভাগের উদ্যোগে ও আইকিউএসি প্রিমিয়ার ইউনিভার্সিটির সহযোগিতায় বিভাগের তৃতীয় ও চতুর্থ বর্ষের শিক্ষার্থীদের জন্য 'পিসিবি ডিজাইন এন্ড ফেব্রিকেশন' শীর্ষক দিনব্যাপি এক কর্মশালা অনুষ্ঠিত হয়। এই কর্মশালায় প্রধান অতিথি ছিলেন ইউনিভার্সিটির প্রকৌশল অনুষদের ডিন ও আইকিউএসির ডিরেক্টর প্রফেসর ড. তৌফিক সাঈদ। বিভাগের চেয়ারম্যান টুটন চন্দ্র মল্লিকের সভাপতিত্বে এই কর্মশালায় প্রশিক্ষণ প্রদান করেন ইউসেপ বাংলাদেশের ইন্সট্রাক্টর ও ইনসাইট অটোম্যাটার এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ার উচ্ছ্বাস দেবনাথ। প্রধান অতিথি ড. তৌফিক সাঈদ তাঁর বক্তব্যে বলেন, আমাদের ডিজিটাল বাংলাদেশ খুব কম সময়ের মধ্যে স্মার্ট বাংলাদেশে রূপান্তরিত হবে, যা আমাদের মাননীয় প্রধানমন্ত্রীর স্বপ্ন। এই স্মার্ট বাংলাদেশের হাতিয়ার হতে হবে প্রকৌশলীদের। এই স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে বর্তমানে তোমরা যারা শিক্ষার্থী রয়েছো, তাদের ভূমিকা বেশি *২১ পৃষ্ঠার ১ম কলাম*




## প্রিমিয়ার ইউনিভার্সিটির গণিত বিভাগের ক্রিকেট প্রতিযোগিতা অনুষ্ঠিত

প্রিমিয়ার ইউনিভার্সিটি গণিত বিভাগের শিক্ষার্থীদের অংশগ্রহণে সমাপ্ত হল ক্রিকেট প্রতিযোগিতা ২০২৩। এই প্রতিযোগিতার ফাইনাল খেলা অনুষ্ঠিত হয় ১৩ নভেম্বর ২০২৩। বিএসসি (অনার্স) এবং মাস্টার্স প্রোগ্রামসমূহের বিভিন্ন সেমিস্টারের ছাত্রদের সমন্বয়ে ইসেনট্রিসিটি, লেটাস রেক্টাম, ডিরেকট্রিক্স এবং ভার্টেক্স নামের চারটি টিম প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। এতে ইসেনট্রিসিটি টিম চ্যাম্পিয়ন, লেটাস রেক্টাম রানার আপ এবং ডিরেকট্রিক্স ৩য় হয়। লেটাস রেক্টাম টিমের আল আমিন ম্যান অব দ্যা টুর্নামেন্ট হয়। বিভাগের চেয়ারম্যান মোহাম্মদ ইফতেখার মনির সকল শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী এবং শিক্ষার্থীদের নিয়ে ফাইনাল খেলা উপভোগ করেন। প্রিমিয়ার ইউনিভার্সিটি গণিত ক্লাবের সহোযোগিতায় এই টুর্নামেন্টের সার্বিক সমন্বয় করেন বিভাগের সহকারী অধ্যাপক জান্নাতুল ফেরদাউস।



## প্রিমিয়ার ইউনিভার্সিটির ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষার্থীদের চট্টগ্রাম বিদ্যুৎ কেন্দ্রে দিনব্যাপী প্রশিক্ষণ



১০ মে ২০২৩, প্রিমিয়ার ইউনিভার্সিটির ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের চতুর্থ বর্ষের শিক্ষার্থীরা রাউজানে অবস্থিত চট্টগ্রাম বিদ্যুৎ কেন্দ্রে দিনব্যাপী হাতে-কলমে প্রশিক্ষণ কর্মশালায় অংশগ্রহণ করে। বিভাগের উদ্যোগে এই প্রশিক্ষণ কর্মশালায় প্রশিক্ষণ প্রদান করেন চট্টগ্রাম বিদ্যুৎ কেন্দ্রের প্রধান প্রকৌশলী মোঃ জসিম উদ্দিন, অপারেশন ম্যানেজার ইঞ্জিনিয়ার আব্দুল মান্নান, সহকারী প্রকৌশলী আব্দুল হাই ভূঁইয়া। এই ইন্ডাস্ট্রিয়াল প্রশিক্ষণে শিক্ষার্থীদের বয়লারের অপারেশন, তার বাইরের বিভিন্ন দিক, স্টিম টারবাইনের অপারেশন ও স্টিম জেনারেটরের অপারেশন, বিদ্যুৎ কেন্দ্রের কন্ট্রোল রুমের বিভিন্ন অপারেশন সম্পর্কে হাতে কলমে প্রশিক্ষণ প্রদান করা হয়। এছাড়াও বিদ্যুৎ কেন্দ্রের অদূরে অবস্থিত জাতীয় গ্রিট সাবস্টেশনের বিভিন্ন অপারেশন ও বিভিন্ন দিক দিয়ে দিকনির্দেশনামূলক বক্তব্য রাখেন প্রশিক্ষকরা। শিক্ষার্থীরা এই প্রশিক্ষণ কর্মশালায় বিদ্যুৎ কেন্দ্রের বিভিন্ন অংশের অপারেশন নিয়ে হাতে-কলমে শিক্ষা অর্জন করে। চট্টগ্রাম বিদ্যুৎ কেন্দ্রের পক্ষে এই কর্মশালার সমন্বয় করেন সহকারী প্রধান প্রকৌশলী আফরোজা আক্তার এবং সহকারী প্রকৌশলী ফারহানা বিনতে কামরুল। প্রিমিয়ার ইউনিভার্সিটির ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের সহকারী অধ্যাপক মোঃ সাইফুদ্দিন মুন্না এবং প্রভাষক সুজন চৌধুরী কর্মশালায় উপস্থিত ছিলেন।

প্রিমিয়ার ইউনিভার্সিটিতে স্যোসিওলজি এন্ড সাসটেইনেবল ডেভেলপমেন্ট বিভাগের ওরিয়েন্টেশন প্রোগ্রামে উপাচার্য ড. অনুপম সেন

## বিশ্ববিদ্যালয় হলো বিশ্ববিদ্যার স্থান




আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী, একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ ও প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন বলেছেন, বিশ্ববিদ্যালয় হলো বিশ্ববিদ্যার স্থান। এখানে প্রচুর বিষয় পড়ানো হয়। বিষয়গুলো বর্তমানে এতই বিশেষায়িত, সূক্ষ্ম ও গভীর যে, এক বিষয়েই এত শাখা-প্রশাখা আছে যে, শিক্ষার একদম উপরিস্তরে এক বিশেষায়িত শাখার ছাত্র অন্য বিশেষায়িত শাখাটিকে বুঝতে পারে না। সমাজবিজ্ঞান ও টেকসই উন্নয়ন বিষয়টিও এখন এত শাখা-প্রশাখায় বিস্তার ও বিশেষায়িত রূপ লাভ করেছে যে, তার উপরিস্তরে এক শাখার ছাত্র বা গবেষক অন্য শাখার সূক্ষ্মাতিসূক্ষ্ম বিষয়গুলো সম্পর্কে তেমনকিছুই জানে না, জানতে আগ্রহী হতে পারে না। কিন্তু তোমরা এই বিশ্ববিদ্যালয়ে এই বিষয়ে যা পড়ছো সেখানে তোমাদের এই বিষয় সম্পর্কে একটা মৌল ধারণা দেওয়া হচ্ছে, যার ফলে তোমরা সমাজকে, সমাজের বিভিন্ন বিষয়কে বুঝতে, জ্ঞান *২৭ পৃষ্ঠার ২য় কলাম*

## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে 'Career in ICT: Challenges and Opportunities' শীর্ষক সেমিনার

প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে প্রিমিয়ার ইউনিভার্সিটি ও বিআইটিএম-বেসিসের যৌথ উদ্যোগে 'Career in ICT: Challenges and Opportunities' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। ১৫ অক্টোবর ২০২৩, অনুষ্ঠিত এই সেমিনারে উপস্থিত ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, ট্রেজারার ও প্রকৌশল ও বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. তৌফিক সাঈদ এবং বেসিসের সিনিয়র ভাইস প্রেসিডেন্ট সামিরা জুবিরি হিমিকা। সভাপতিত্ব করেন কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারম্যান ড. সাঈদ মোঃ আসিফ ইকবাল। মাননীয় উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা চাকরির বাজারে ইন্ডাস্ট্রিগুলোর কী পরিমাণ পেশাজীবি প্রয়োজন ও কীভাবে শিক্ষার্থীদের চাকরি নিয়োগে সমন্বয় করা যায়, এ বিষয়ে আলোকপাত করেন। প্রফেসর ড. তৌফিক সাঈদ ইন্ডাস্ট্রি-অ্যাকাডেমিয়ার যৌথ উদ্যোগের গুরুত্ব বিবেচনায় বলেন, শিক্ষা প্রতিষ্ঠানে চার বছর অধ্যয়ন করার পরও চাকরি বাজারে দক্ষ জনগোষ্ঠীর সংকট বিদ্যমান। চাকরি বাজারের প্রয়োজনীয়তা উপলব্ধিপূর্বক শিক্ষার্থীদের শিক্ষা দিতে ইউনিভার্সিটিগুলোর *১৪ পৃষ্ঠার ২য় কলাম*




## চট্টগ্রামের উন্নয়ন ও স্বার্থ রক্ষায় তাঁর আপসহীন ভূমিকা তাঁকে চট্টলবীরে পরিণত করে

*১ম পৃষ্ঠার পর*

আলম। এসময় উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন এবিএম মহিউদ্দিন চৌধুরীর রাজনৈতিক জীবনের বর্ণনা দিয়ে বলেন, চট্টগ্রামকে তিনি গভীরভাবে ভালোবাসতেন। চট্টগ্রামের উন্নয়নে তাঁর ভূমিকা ছিল বিরাট। বিশেষভাবে শিক্ষা ও স্বাস্থ্যখাতে তাঁর অবদান বিশাল। তিনি প্রাইমারি স্কুল থেকে শুরু করে কলেজ পর্যায়ে প্রায় পঞ্চাশটির বেশি শিক্ষা প্রতিষ্ঠান প্রতিষ্ঠা করেছেন। তিনি মেয়র থাকাকালে বিভিন্ন জীর্ণ-শীর্ণ বিদ্যালয়গুলোকে চসিক-এর অধীনে নিয়ে সেগুলোর অভূতপূর্ব মানোন্নয়ন করেছিলেন। তিনি স্বাস্থ্যখাতে চসিক-এর অধীনে দুটি হাসপাতাল প্রতিষ্ঠা করেছেন। অনেক কমিউনিটি ক্লিনিকেরও তিনি প্রতিষ্ঠাতা। তাছাড়া তিনি চট্টগ্রামে উচ্চশিক্ষার প্রসারের লক্ষ্যে একটি ইউনিভার্সিটি–প্রিমিয়ার ইউনিভার্সিটি প্রতিষ্ঠা করেছেন। বস্তুত চট্টগ্রামের উন্নয়ন ও স্বার্থ রক্ষার জন্য তাঁর আপসহীন ও সাহসী ভূমিকা তাঁকে চট্টলবীরে পরিণত করে। প্রফেসর ড. অনুপম সেন উল্লেখ করেন, মৃত্যুর আগ পর্যন্ত এবিএম মহিউদ্দিন চৌধুরী জাতির পিতার আদর্শের রাজনীতিই করে গেছেন। এবিএম মহিউদ্দিন চৌধুরীর কবরে পুষ্পমাল্য অর্পণ করা ছাড়াও নগরীর জিইসি মোড়ে প্রিমিয়ার ইউনিভার্সিটির কেন্দ্রীয় মসজিদে তাঁর আত্মার শান্তি কামনায় খতমে কোরান, মিলাদ, দোয়া মাহফিল ও মোনাজাত পরিচালনা করেন হাফেজ মুহাম্মদ মঈনুদ্দিন ও মাওলানা বোরহান উদ্দিন হোসাইনি।

## প্রিমিয়ার ইউনিভার্সিটি তড়িৎ ও ইলেকট্রনিক প্রকৌশল বিভাগের উদ্যোগে প্রজেক্ট ডে ফল-২০২৩ অনুষ্ঠিত




প্রিমিয়ার ইউনিভার্সিটি তড়িৎ ও ইলেকট্রনিক প্রকৌশল বিভাগের উদ্যোগে প্রজেক্ট ডে ফল-২০২৩ অনুষ্ঠিত হয়েছে। ১৯ ডিসেম্বর ২০২৩, এই অনুষ্ঠানে তড়িৎ ও ইলেকট্রনিক প্রকৌশল বিভাগের বিভিন্ন সেমিস্টারে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীরা তাদের ফল-২০২৩ সেশনের ৪৫টি প্রজেক্ট ও ৫৮টি পোস্টার উপস্থাপন করেন, যা ছিল বিভিন্ন ল্যাবরেটরি কোর্সের অংশ। দিনব্যাপী এই অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির ট্রেজারার ও প্রকৌশল অনুষদের ডিন প্রফেসর ড. তৌফিক সাঈদ। বিভাগের চেয়ারম্যান ও সহযোগী অধ্যাপক টুটন চন্দ্র মল্লিকের সভাপতিত্বে এই অনুষ্ঠানের সার্বিক তত্ত্বাবধানে ছিলেন প্রভাষক আসিফ মোহাম্মদ সিদ্দিকী, সৌমেন দত্ত, মনিষা দে, অভিষেক দাশ ও আবির ধর। এই অনুষ্ঠানের বিশেষ আকর্ষণ ছিল বিভাগের ৬ষ্ঠ সেমিস্টারের শিক্ষার্থীদের লাইন ফলোয়ার রোবট প্রতিযোগিতা। এই প্রতিযোগিতায় ১২টি দল অংশগ্রহণ করে। ১৬ ম্যাচ শেষে চ্যাম্পিয়ন হয় আসাদ আল মাহমুদ, আবু কায়সার ও নীলাঞ্জন রায়ের দল 'পেপ-৩'। প্রধান অতিথি প্রফেসর ড. তৌফিক সাঈদ তাঁর বক্তব্যে বলেন, দক্ষ প্রকৌশলী হতে হলে তাত্ত্বিক জ্ঞানের পাশাপাশি ব্যবহারিক কাজে পারদর্শী হতে হবে। বিশেষ করে প্রকৌশল বিদ্যার ছাত্র-ছাত্রীদের সবসময় নানা ধরনের উদ্ভাবনী কাজ করতে হয়। তিনি মনে করেন, আজকের আয়োজনের মাধ্যমে শিক্ষার্থীরা নিজেদেরকে বড় বড় প্রজেক্ট করার জন্যে প্রস্তুত করতে পারবে। তিনি আশা প্রকাশ করেন, এই প্রদর্শনী ছাত্র-ছাত্রীদেরকে ভবিষ্যতে চতুর্থ শিল্পবিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় কর্মক্ষেত্রে কার্যকর ভূমিকা রাখতে সহায়তা করবে। সভাপতি টুটন চন্দ্র মল্লিক তাঁর বক্তব্যে বলেন, আমাদের তড়িৎ ও ইলেকট্রনিক প্রকৌশল *২৫ পৃষ্ঠার ২য় কলাম*

## পূর্ণাঙ্গ অনেকগুলো দক্ষতার স্বীকৃতি হলো মাস্টার অব সায়েন্স

৩ পৃষ্ঠার পর

সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং-এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী, একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ ও প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। বিশেষ অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক, প্রকৌশল ও বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. তৌফিক সাঈদ, আইইবি চট্টগ্রাম সেন্টারের চেয়ারম্যান জনাব এম. এ. রশিদ এবং বাংলাদেশ ইনোভেশন ফোরামের প্রেসিডেন্ট জনাব আরিফুল হাসান অপু।

সভাপতির বক্তব্যে উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন বলেন, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগে মাস্টার অব সায়েন্স চালু হচ্ছে। সুতরাং আজকের দিন প্রিমিয়ার ইউনিভার্সিটির জন্য বিশেষ দিন। তিনি উল্লেখ করেন, যেদেশ বিজ্ঞান ও প্রযুক্তিতে সমৃদ্ধ হবে, সেদেশ এগিয়ে যাবে। প্রতিনিয়ত বিজ্ঞান ও প্রযুক্তির অগ্রগতির বার্তা শুনছি। বাংলাদেশকে এগুতে হলে অবশ্যই বিজ্ঞান ও প্রযুক্তির ক্ষেত্রে এগুতে হবে।

ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক বলেন, বিজ্ঞান ছাড়া কোনো শিক্ষাই পরিপূর্ণ নয়। তিনি প্রিমিয়ার ইউনিভার্সিটির কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রচার-প্রসারে অ্যালামনাইদের সহযোগিতা গুরুত্বপূর্ণ বলে মন্তব্য করেন।

প্রকৌশল ও বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. তৌফিক সাঈদ বলেন, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং এখন শামুকের মতো নয়, এখন তা বিশাল মহীরুহ।

আইইবি চট্টগ্রাম সেন্টারের চেয়ারম্যান জনাব এম. এ. রশিদ বলেন, আইইবির কাজ হচ্ছে প্রকৌশলীদের সার্বিক কল্যাণ। এ কারণে তিনি আইইবি থেকে প্রিমিয়ার ইউনিভার্সিটির অ্যাক্রেডিটেশন নেওয়ার উপর গুরুত্বারোপ করেন।

বাংলাদেশ ইনোভেশন ফোরামের প্রেসিডেন্ট জনাব আরিফুল হাসান অপু বলেন, মাস্টার অব সায়েন্সে যারা পড়বেন অথবা যারা গ্র্যাজুয়েশন সমাপ্ত করে চাকরি করছেন, তাদের ভাবার প্রয়োজন নেই যে, পড়ালেখা বা স্কিল অর্জন শেষ হয়ে গেছে। কারণ টেকনোলজি পরিবর্তন হয়। এছাড়াও বক্তব্য রাখেন প্রিমিয়ার ইউনিভার্সিটির কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের সহযোগী অধ্যাপক ও প্রোগ্রাম কো-অর্ডিনেটর ড. সাহীদ মো. আসিফ ইকবাল, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সিএসই বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ খাইরুল ইসলাম ও চুয়েটের অধ্যাপক ড. আসাদুজ্জামান।

উদ্বোধনী অনুষ্ঠানের পরে বাংলাদেশ ইনোভেশন ফোরাম, প্রাইডসিস আইটি লিমিটেড ও হাইটেক ইএন্ডসি-র সঙ্গে প্রিমিয়ার ইউনিভার্সিটির কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের তিনটি সমঝোতা স্মারক চুক্তি স্বাক্ষরিত হয়।

# প্রিমিয়ার ইউনিভার্সিটিতে শিক্ষকদের নিয়ে 'স্টুডেন্ট'স কোড অব কন্ডাক্ট এন্ড কন্ডাক্টিং অ্যাওয়ার্নেস সেশন' শীর্ষক কর্মশালা



প্রিমিয়ার ইউনিভার্সিটির হাজারী গলিস্থ ভবনে প্রিমিয়ার ইউনিভার্সিটির প্রক্টরিয়াল বডির উদ্যোগে ও ইন্সটিটিউশনাল কোয়ালিটি অ্যাসিওরেন্স সেল (আইকিউএসি)-এর সহযোগিতায় ইউনিভার্সিটির শিক্ষকদের নিয়ে 'স্টুডেন্ট'স ১৪ পৃষ্ঠার ২য় কলাম

# প্রিমিয়ার ইউনিভার্সিটির দুই শিক্ষক 'ইউজিসি পিএইচডি ফেলোশিপ প্রোগ্রাম ২০২১-২০২২'-এ পিএইচডি ফেলো মনোনীত




প্রিমিয়ার ইউনিভার্সিটির আইন বিভাগের চেয়ারম্যান সহযোগী অধ্যাপক তানজিনা আলম চৌধুরী ও কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের সহকারী অধ্যাপক সৈয়দ মিনহাজ হোসাইন 'ইউজিসি পিএইচডি ফেলোশিপ প্রোগ্রাম ২০২১-২০২২'-এ পিএইচডি ফেলো মনোনীত হয়েছেন। তানজিনা আলম চৌধুরী চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের আইন অনুষদের ডিন প্রফেসর ড. আবদুল্লাহ আল ফারুকের তত্ত্বাবধানে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে পিএইচডি গবেষণারত রয়েছেন। তানজিনা আলম চৌধুরী ২০১৮ সালে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের আইন অনুষদ থেকে এম.ফিল ডিগ্রি অর্জন করেন। তাঁর এম.ফিল-এর বিষয় ছিল 'ইন্ট্রোডাকশন টু অলটারনেটিভ ডিস্পিউট রিসলিউশন (এডিআর) ইন দ্য ক্রিমিনাল জাস্টিস সিস্টেম অব বাংলাদেশ'। তাঁর এম.ফিল-এর তত্ত্বাবধায়ক ছিলেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের আইন অনুষদের অধ্যাপক মোহাম্মদ মোর্শেদ মাহমুদ খান। তিনি ২০০৩ সালে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় থেকে এল এল. বি. (অনার্স) এবং ২০০৪ সালে এল এল. এম. ডিগ্রি অর্জন করেন। ২০০৬ সাল থেকে তিনি প্রিমিয়ার ইউনিভার্সিটির আইন বিভাগে শিক্ষকতা করছেন। তাঁর একাধিক গবেষণাপত্র দেশ-বিদেশের বিভিন্ন জার্নাল ও কনফারেন্সে প্রকাশিত হয়েছে। সৈয়দ মিনহাজ হোসাইন চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (চুয়েট)-এর কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগে প্রফেসর ড. কৌশিক দেবের অধীনে পিএইচডি গবেষণারত আছেন। তিনি ২০০৮ সালে চুয়েট-এর কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ থেকে বি.এসসি ডিগ্রি এবং ২০২২ সালে এই বিভাগ থেকে এম.এসসি ডিগ্রি অর্জন করেন। মাস্টার্সে তাঁর গবেষণার বিষয় ছিল 'প্লান্ট লিফ ডিসিস রিকগনিশন ইউজিং ডীপ লার্নিং'। তাঁর এই বিষয়ের গবেষণা তত্ত্বাবধায়ক ছিলেন চুয়েটের কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক ড. কৌশিক দেব। তাঁর ২৪ টি গবেষণাপত্র দেশ-বিদেশের বিভিন্ন জার্নাল ও কনফারেন্সে প্রকাশিত হয়েছে। ২০১৭ সাল থেকে তিনি প্রিমিয়ার ইউনিভার্সিটির কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগে শিক্ষকতা করছেন।

*দৈনিক পূর্বকোণ, ১৮-০১-২০২৩, পৃষ্ঠা: ০৩*

## প্রথম শ্রেণিবৈষম্য লিঙ্গভিত্তিক, অর্থনৈতিক নয়

*৫ম পৃষ্ঠার পর*

তিন্নি। প্রধান অতিথির বক্তব্যে প্রফেসর ড. অনুপম সেন বলেন, প্রথম শ্রেণিবৈষম্য লিঙ্গভিত্তিক, অর্থনৈতিক নয়। যখন থেকে সমাজ এগিয়ে চলেছে, রাষ্ট্র গড়ে উঠেনি, তখন থেকে লিঙ্গবৈষম্য চলছে। প্রাচীন সমাজব্যবস্থা মাতৃতান্ত্রিক হলেও তখনও লিঙ্গবৈষম্য ছিল, ছিল নারীর প্রতি সহিংসতা। কারণ পুরুষ শারীরিক শক্তিতে নারীর থেকে বেশি, যদিও জৈবিক শক্তি নারীর অধিক। তিনি বলেন, এখনও বিশ্বের কোথাও কোথাও মাতৃতান্ত্রিক সমাজব্যবস্থা আছে, যা প্রথার মাধ্যমে চলে। উত্তর আমেরিকা ও ইউরোপে মায়ের পরিচয়েই ব্যক্তির পরিচয়। তবু সেসব দেশে নারী সহিংসতা প্রকট। তিনি কানাডায় তাঁর দেখা নারী সহিংসতার বিবরণ দেন। ড. সেন মুসোলিনি ও হিটলার কর্তৃক মানুষের অধিকার হরণের বর্ণনা দিয়ে বলেন, তাঁরা দুজনেই গণতান্ত্রিক ভোটের মাধ্যমে জয়ী হলেও তাঁরাই দ্বিতীয় বিশ্বযুদ্ধের সূচনা করেন। ড. সেন আরও বলেন, ১৭৮৯ সালের ৪ আগস্ট ফরাসী বিপ্লবের পরে সেখানে মানুষের অধিকারের ঘোষণা দিয়ে বলা হয়, আজ থেকে সকলেই আইনের চোখে সমান। কিন্তু সকলে সমান হয়নি। নারী তখনও অধিকার পায়নি। প্রকৃতপক্ষে নারীরা কিছুটা অধিকার পেতে শুরু করেছে বিংশ শতক থেকে।

প্রফেসর হোসাইন কবীর বলেন, মানুষ হিসেবে মানুষের অধিকার প্রতিষ্ঠিত হলেই নারীর অধিকার প্রতিষ্ঠিত হবে। তিনি বিভিন্ন দেশের মানুষের অধিকার ও নারীর অধিকার নিয়ে আন্দোলন-বিপ্লব-সংগ্রামের উল্লেখ করেন। প্রফেসর ড. মুহাম্মদ আলা উদ্দিন বলেন, জাতীয় চারনীতি-গণতন্ত্র, সমাজতন্ত্র, জাতীয়তাবাদ ও ধর্মনিরপেক্ষতা বাস্তবায়ন করা গেলে জেন্ডার সমতা ও সমনাগরিকত্ব প্রতিষ্ঠিত করা যাবে। তিনি উল্লেখ করেন, অন্তর্ভুক্তিমূলক সমাজগঠনে, এমনকি নিজেদের স্বার্থে পুরুষদেরকেও লিঙ্গের সমতা প্রতিষ্ঠায় কাজ করতে হবে। ড. সাদিকা সুলতানা চৌধুরী জেন্ডার সমতা, সমনাগরিকত্ব, বাংলাদেশে নারীদের অবস্থান, নারী-নিপিড়ন সম্পর্কে বর্ণনা করেন। সভাপতির বক্তব্যে প্রফেসর ড. কাজী শামীম সুলতানা নারী অধিকারের ইতিহাস বর্ণনা করে বলেন, লিঙ্গসমতা ও সমঅধিকারের বিষয়ে আজকের দর্শকেরা সচেতন হবেন বলেই আমি বিশ্বাস করি।

## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে মহান বিজয় দিবস উদযাপন

২৮ পৃষ্ঠার পর

আসিফ ইকবাল, ইংরেজি বিভাগের চেয়ারম্যান সাদাত জামান খান, আইন বিভাগের চেয়ারম্যান তানজিনা আলম চৌধুরী, অর্থনীতি বিভাগের চেয়ারম্যান ফারজানা ইয়াসমিন চৌধুরী, প্রক্টর আহমদ রাজীব চৌধুরী, পাবলিক হেলথ বিভাগের চেয়ারম্যান মো. জাহেদুল ইসলাম, ফ্যাশন ডিজাইন এন্ড টেকনোলজি বিভাগের চেয়ারম্যান সঞ্জয় কুমার দাশ ও ডেপুটি লাইব্রেরিয়ান জনাব কাউছার আলম প্রমুখ।

এসময় উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন বলেন, ১৯৪৭ সালের ১৪ আগস্ট পাকিস্তান রাষ্ট্রের সৃষ্টি হয়। এসময় পূর্ব বাংলার জনগণ ছিল পাকিস্তানের সংখ্যাগুরু, প্রায় ৫৬ শতাংশ। পাকিস্তান সৃষ্টিতে তাদের মুখ্য ভূমিকা থাকলেও পাকিস্তান সৃষ্টির পর তারা স্বাধীনতা পায় নি। ১৯৭১ সালের ২৫ মার্চ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্বাধীনতা ঘোষণা করেন। তারপর মুক্তিযুদ্ধে অনেক ত্যাগ-তিতিক্ষার বিনিময়ে বাঙালিরা স্বাধীনতা ও বিজয় অর্জন করে। ড. অনুপম সেন বাংলাদেশ ও বাঙালির উপর পশ্চিম পাকিস্তানের নির্মম শোষণের বিবরণ দিতে গিয়ে বলেন, ইংরেজরা প্রায় ১৯০ বছর এদেশকে পরাধীন করেছিল, শোষণ করেছিল। ১৯৪৭-৭১ পর্যন্ত প্রায় ২৩ বছর পশ্চিম পাকিস্তান বাংলাদেশকে ইংরেজদের চেয়েও নির্মমভাবে শোষণ করেছে। এদেশের অর্থে পশ্চিম পাকিস্তান ও সেখানকার জনগণের জীবন-মানের আমূল পরিবর্তন ঘটেছে; সেখানে নির্মিত হয়েছে তারবেলা বাঁধ; গড়ে উঠেছে করাচি, রাওয়ালপিন্ডি ও ইসলামাবাদ; পুষ্ট হয়েছে শিল্পখাত, সেবাখাত ও কৃষিখাত। এভাবে শোষণের শিকার হয়ে বাংলাদেশ দরিদ্র থেকে দরিদ্রতর হয়েছে। এই শোষণ থেকে বাঙালির মুক্তি ঘটে স্বাধীনতা ও বিজয় অর্জনের মাধ্যমে। তিনি নতুন প্রজন্মকে মুক্তিযুদ্ধের ইতিহাস জানান দেওয়ার তাগিদ দেন।

## প্রিমিয়ার ইউনিভার্সিটির জাতীয় ইংরেজি বিতর্ক প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন ডিবেটার্স অব চিটাগাং ইউনিভার্সিটি ও চট্টগ্রাম ক্যান্টনমেন্ট পাবলিক কলেজ

প্রিমিয়ার ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটির উদ্যোগে তিন দিনব্যাপী জাতীয় ইংরেজি বিতর্ক প্রতিযোগিতার সমাপনী পুরস্কার বিতরণ ২১ অক্টোবর ২০২৩ অনুষ্ঠিত হয়েছে। এই প্রতিযোগিতায় আন্তঃ বিশ্ববিদ্যালয় পর্যায়ে চ্যাম্পিয়ন হয়েছে ডিবেটার্স অব চিটাগাং ইউনিভার্সিটি। রানারআপ হয়েছে বাংলাদেশ ইউনিভর্সিটি অব টেক্সটাইল। আন্তঃস্কুল-কলেজ পর্যায়ে চ্যাম্পিয়ন হয়েছে চট্টগ্রাম ক্যান্টনমেন্ট পাবলিক কলেজ এবং রানার আপ হয়েছে প্রেসিডেন্সি ইন্টারন্যাশনাল স্কুল।

প্রতিযোগিতা শেষে কলা অনুষদ প্রাঙ্গনে ফলাফল ঘোষণা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী, একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ ও প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। পিইউডিএস-এর চিফ মডারেটর জুলিয়া পারভীনের সভাপতিত্বে এই অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইংরেজি বিভাগের সহযোগী অধ্যাপক সাদাত জামান খান, আমেরিকান কর্ণার চট্টগ্রাম-এর প্রতিনিধি কেলি রয়স্টার, পিইউডিএস-এর মডারেটর সহকারী অধ্যাপক নীলুফার ইয়াসমিন, ইঞ্জিনিয়ারিং বিভাগের সহকারী অধ্যাপক সাইফুদ্দিন মুন্না, গণিত বিভাগের সহকারী অধ্যাপক জান্নাতুল ফেরদৌস, ডেলটা ইমিগ্রেশনের স্বত্বাধিকারী মো আলমগীর এবং ইউটিএস-পিইউসি প্রোগ্রাম-এর ১৫ পৃষ্ঠার ২য় কলাম




প্রিমিয়ার ইউনিভার্সিটিতে ইংরেজি বিভাগের কোর্স কমপ্লিশন সিরমনি

## ইংরেজি ভাষায় রয়েছে মননশীল অসংখ্য অসাধারণ গ্রন্থ




প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে প্রিমিয়ার ইউনিভার্সিটির ইংরেজি বিভাগের ৩৭তম ব্যাচের কোর্স কমপ্লিশন সিরমনির আয়োজন করা হয়েছে। ২১ ডিসেম্বর ২০২৩, আয়োজিত এই অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী, একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ ও প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। সম্মানিত অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, ট্রেজারার প্রফেসর ড. তৌফিক সাঈদ, কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম ও ইংরেজি বিভাগের ফেলো মিসেস ক্যালি রয়স্টার। এছাড়া স্বাগত বক্তা ছিলেন ৩৭তম ব্যাচের কো-অর্ডিনেটর প্রভাষক দুহিতা চৌধুরী। ইংরেজি ২৩ পৃষ্ঠার ২য় কলাম

প্রিমিয়ার ইউনিভার্সিটিতে অর্থনীতি বিভাগের বরণ ও বিদায় অনুষ্ঠানে উপাচার্য ড. অনুপম সেন

## প্রত্যক্ষ সাম্রাজ্যবাদী ও ঔপনিবেশিক অর্থনীতির সমাপ্তি ঘটেছে




আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী, একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ ও প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন বলেছেন, প্রিমিয়ার ইউনিভার্সিটির অর্থনীতি বিভাগ থেকে আজ যারা বেরিয়ে যাচ্ছো, তারা এমন একটি দেশের কর্মক্ষেত্রে প্রবেশ করছো, যে-দেশটি অধুনা অনুন্নত দেশ থেকে উন্নয়নশীল দেশের মর্যাদা লাভ করেছে। এককালে এই দেশটি পৃথিবীর সবচেয়ে ধনী দেশ ছিল। বার্নিয়ার, তাবার্নিয়ার, নিকোলা কুন্তি প্রমুখ পর্যটক তাঁদের লেখায় এই কথাটি লিখেছেন। ব্রিটিশরা ১৭৫৭ সালে এই দেশ দখল করার মাত্র তিন বছরের মধ্যে এই দেশ থেকে তৎকালীন ৫০০ কোটি পাউন্ডের সম্পদ ইংল্যান্ডে পাচার করে, যার ফলে ১৭৬০ দশকে ইংল্যান্ডে প্রথম শিল্পবিপ্লব সংঘটিত হয়। পরবর্তীতে পশ্চিম পাকিস্তান এই দেশকে আরও নগ্নভাবে শোষণ করে, যার কারণে বাংলাদেশ অতি গরিব দেশে পরিণত হয়।

২১ জুন ২০২৩, প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে অনুষ্ঠিত প্রিমিয়ার ইউনিভার্সিটির অর্থনীতি বিভাগের অনার্স পর্বের ৩৪ ও ৩৫তম ব্যাচের বরণ এবং মাস্টার্স পর্বের ২৩ ও ২৪তম ব্যাচের বিদায় অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন মাননীয় উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা এবং কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম। অর্থনীতি বিভাগের চেয়ারম্যান ফারজানা ইয়াসমিন চৌধুরীর ২১ পৃষ্ঠার ১ম কলাম

## প্রিমিয়ার ইউনিভার্সিটি ও বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের মতবিনিময় সভা অনুষ্ঠিত




প্রিমিয়ার ইউনিভার্সিটির জিইসি মোড়স্থ ক্যাম্পাসে প্রিমিয়ার ইউনিভার্সিটি ও বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। ২১ মার্চ ২০২৩, অ্যাক্রডিটেশনের আবেদন সংক্রান্ত বিষয়ে অনুষ্ঠিত এই মতবিনিময় সভায় অনলাইনে অংশগ্রহণ করেন বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের মাননীয় চেয়ারম্যান প্রফেসর ড. মেসবাহউদ্দিন আহমেদ, পূর্ণকালীন সদস্য প্রফেসর ড. সঞ্জয় কুমার অধিকারী, পূর্ণকালীন সদস্য প্রফেসর ড. এস. এম. কবির এবং উপপরিচালক ড. রীতা পারভীন। প্রিমিয়ার ইউনিভার্সিটির পক্ষ থেকে উপস্থিত ছিলেন মাননীয় উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন, মাননীয় উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, আইকিউএসি-প্রিমিয়ার ইউনিভার্সিটির পরিচালক প্রফেসর ড. তৌফিক সাঈদ, অতিরিক্ত পরিচালক প্রফেসর মোহাম্মদ মঈনুল হক, অতিরিক্ত পরিচালক সহযোগী অধ্যাপক মোহাম্মদ ইফতেখার মনির ও রেজিস্ট্রার জনাব খুরশিদুর রহমান। এছাড়া অনলাইনে অংশগ্রহণ করেন স্থাপত্য বিভাগের চেয়ারম্যান প্রফেসর সোহেল এম. শাকুর, ইংরেজি বিভাগের চেয়ারম্যান সহযোগী অধ্যাপক সাদাত জামান খান, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারম্যান সহযোগী অধ্যাপক টুটন চন্দ্র মল্লিক, আইন বিভাগের চেয়ারম্যান সহযোগী অধ্যাপক তানজিনা আলম চৌধুরী, অর্থনীতি বিভাগের চেয়ারম্যান সহযোগী অধ্যাপক ফারজানা ইয়াসমিন চৌধুরী, পাবলিক হেলথ বিভাগের চেয়ারম্যান মো. জাহেদুল ইসলাম এবং ফ্যাশন ডিজাইন এন্ড টেকনোলজি বিভাগের চেয়ারম্যান সঞ্জয় কুমার দাশ। বিভিন্ন বিভাগের এসএ কমিটির সদস্যবৃন্দও অনলাইনে অংশগ্রহণ করেন। এই সভায় কারিকুলাম, শিক্ষাপদ্ধতি, লার্নিং আউটকাম, প্রোগ্রাম লার্নিং ইত্যাদি বিষয় নিয়ে বিস্তারিত ও অনুপুঙ্খ আলোচনা হয়। এই আলোচনা মুখ্যত বিশ্ববিদ্যালয়-শিক্ষার গুণগত মান বর্ধন-করার বিষয়ে, যাতে বাংলাদেশ চতুর্থ শিল্পবিপ্লবে যথাযথভাবে অংশগ্রহণ করতে পারে।

### প্রিমিয়ার ইউনিভার্সিটির কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগে সেমিনার

৫ম পৃষ্ঠার পর

সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের সহকারী অধ্যাপক ফারহানা শিরিন চৌধুরী। কামাল হোসেন তাঁর আলোচনায় প্রস্তাবিত প্রবন্ধকে সময়োপযোগী ও কৌতূহলোদ্দীপক বলে উল্লেখ করেন। এ কাজে নেক্সট জেনারেশন ইন্টারনেটে বিশেষ ভূমিকা রাখবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। ফারহানা শিরিন চৌধুরী বলেন, এ ধরনের একাডেমিক সেমিনার জ্ঞান শেয়ারের মাধ্যমে বিভিন্ন ইউনিভার্সিটির মধ্যে আন্তঃযোগাযোগ বাড়াবে ও সহযোগিতার ক্ষেত্র তৈরি করবে। সেমিনারে উপস্থিত ছিলেন বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীরা। প্রবন্ধ পাঠের শেষে প্রশ্নোত্তর পর্বে অংশ নেন বিভাগের শিক্ষকরা। উল্লেখ্য, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ নিয়মিত নিজস্ব শিক্ষক ও বিভিন্ন ইউনিভার্সিটির শিক্ষকদের পরিচালনায় সেমিনার আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করেছে। সেমিনারের সার্বিক সহযোগিতায় ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসিউরেন্স সেল (আইকিউএসি)।

## প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেনের সঙ্গে পিইউডিএস-এর সৌজন্য সাক্ষাৎ

প্রিমিয়ার ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটি (পিইউডিএস)-এর বির্তাকিক ও মডারেটরবৃন্দ ৩ জানুয়ারি ২০২৩, সৌজন্য সাক্ষাৎ করেছেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী, একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ ও প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য প্রফেসর ড. অনুপম সেনের সঙ্গে। প্রিমিয়ার ইউনিভার্সিটির জিইসি ক্যাম্পাসে তারা এই সৌজন্য সাক্ষাৎ করেন। প্রিমিয়ার ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটি (পিইউডিএস) ২০২২ সালে ৫টি প্রতিযোগিতার চূড়ান্ত পর্বে উন্নীত হয়। এই বিতর্ক সংগঠন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় স্কুল অফ ডিবেট কর্তৃক আয়োজিত 'CUSD Regional Debate Championship-২০২২' প্রতিযোগিতায় এবং 'শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় জাতীয় বির্তক প্রতিযোগিতা-২০২২'-এ রানারআপ হয়। এই বিতর্ক সংগঠনের সাধারণ সম্পাদক 'ইউএসটিসি আন্তঃ বিশ্ববিদ্যালয় বিতর্ক প্রতিযোগিতা' ও 'শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় জাতীয় বির্তক প্রতিযোগিতা-২০২২'-এ সেরা বিতার্কিক হওয়ার গৌরব অর্জন করে। প্রিমিয়ার ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটি (পিইউডিএস)-এর বির্তাকিক ও মডারেটরবৃন্দ উপাচার্য প্রফেসর ড. অনুপম সেনের সঙ্গে সৌজন্য সাক্ষাৎকালে তাঁকে এসব অর্জন সম্পর্কে অবহিত করেন। এ সময় উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন প্রিমিয়ার ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটি (পিইউডিএস)-এর ভবিষ্যৎ কর্মপন্থা নিয়ে দিকনির্দেশনা প্রদান করেন। তিনি বিশ্ববিদ্যালয় বিতর্ক দল বিভিন্ন প্রতিযোগিতায় গৌরবান্বিত সাফল্য অর্জন করায় সাধুবাদ জানান এবং আশা করেন, ভবিষ্যতে এই বিতর্ক দল আরও ভালো ফলাফল করবে বিতর্কে। এ সময় রেজিস্ট্রার জনাব খুরশিদুর রহমান, প্রিমিয়ার ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটি (পিইউডিএস)-এর



চিফ মডারেটর জুলিয়া পারভীন, মডারেটর সঞ্জয় বিশ্বাস, মডারেটর হিল্লোল সাহা, মডারেটর সাইফুদ্দিন মুন্না, মডারেটর তানিয়া মাহমুদা তিন্নি, পিইউডিএস-এর সভাপতি ফজলে রাব্বি, সাধারণ সম্পাদক মেহেদী রহমান নিকাশ ও অন্যান্য বিতার্কিকরা উপস্থিত ছিলেন।

## প্রিমিয়ার ইউনিভার্সিটির ইংরেজি বিভাগে যুক্তরাষ্ট্র থেকে ইংলিশ ল্যাঙ্গুয়েজ ফেলো ক্যালি রয়স্টারের খণ্ডকালীন শিক্ষক হিসেবে যোগদান



প্রিমিয়ার ইউনিভার্সিটির ইংরেজি বিভাগে আমেরিকার স্টেট ডিপার্টমেন্টের পক্ষ থেকে ইংলিশ ল্যাঙ্গুয়েজ ফেলো ক্যালি রয়স্টার খণ্ডকালীন শিক্ষক হিসেবে যোগদান করেছেন। তিনি এই বিভাগে একবছর শিক্ষকতা করবেন। ক্যালি রয়স্টার যুক্তরাষ্ট্রের নর্থ ক্যারোলিনার ব্রিগহাম ইয়ং ইউনিভার্সিটির টেসল ইন্সট্রাক্টর। তিনি ব্রিগহাম ইয়ং ইউনিভার্সিটি থেকে লিংগুইস্টিক্স-এ ব্যাচেলর ডিগ্রি ও কর্নারস্টোন ইউনিভার্সিটি থেকে টেসল-এ মাস্টার্স ডিগ্রি অর্জন করেন। *দৈনিক আজাদী, ০২-০৯-২০২৩, পৃষ্ঠা: ০২*

### প্রিমিয়ার ইউনিভার্সিটির ইংরেজি বিভাগে পোস্টার প্রদর্শনী

১৬ পৃষ্ঠার পর

ব্যবহার করে এই দেশ ও সমাজের বিপুল উন্নয়ন সম্ভব। এই প্রদর্শনীর মাধ্যমে শিক্ষার্থীরা সম্ভাবনার দ্বার উন্মোচন করে আমাদের এই বিশেষ জনগোষ্ঠীর প্রতি আরো বেশি যত্নশীল হওয়ার তাগিদ দিয়েছেন। তাঁদেরকে আমাদের সমাজের গর্বিত অংশীদার হিসেবে ভাবার সুযোগ করে দিয়েছেন। *দৈনিক আজাদী, ২০-০৭-২০২৩, পৃষ্ঠা: ০৩*

## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে অনুষ্ঠিত হলো ইউটিএস বাংলাদেশের প্রথম সমাবর্তন

১ম পৃষ্ঠার পর

শামীম সুলতানা ও ইউটিএস বাংলাদেশের কো-অর্ডিনেটর প্রফেসর ড. তৌফিক সাঈদ। সভাপতির বক্তব্যে উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন বলেন, ইউনিভার্সিটি অব টেকনোলজি সিডনি (ইউটিএস) অস্ট্রেলিয়ার একটি নেতৃস্থানীয় বিশ্ববিদ্যালয়। এই বিশ্ববিদ্যালয়টি বিশ্বের শীর্ষস্থানীয় বিশ্ববিদ্যালয়গুলোরও অন্যতম। প্রিমিয়ার ইউনিভার্সিটিতে প্রিমিয়ার ইউনিভার্সিটি ও এই বিশ্ববিদ্যালয় অর্থাৎ ইউটিএস-এর যৌথ উদ্যোগে 'ইউটিএস-পিইউসি প্রোগ্রাম' পরিচালিত হচ্ছে। আজ এই প্রোগ্রামের আওতায় ডিপ্লোমা অব ইনফরমেশন টেকনোলজি এবং ডিপ্লোমা অব বিজনেস প্রোগ্রামের প্রথম সমাবর্তন অনুষ্ঠিত হচ্ছে। এটা একটা বিরাট ব্যাপার। আজ যারা প্রথম বর্ষ ডিপ্লোমার সনদ পাচ্ছে, তারা এই ইতিহাসের অংশ হয়ে থাকবে।


প্রফেসর ড. অনুপম সেন বলেন, বর্তমান বিশ্ব বিজ্ঞান ও প্রযুক্তির বিশ্ব। একসময় বিশ্ব এরকম ছিল না। প্রথম শিল্পবিপ্লব, দ্বিতীয় শিল্পবিপ্লব ও তৃতীয় শিল্পবিপ্লবের মাধ্যমে বিশ্ব বদলে গেছে। বিজ্ঞানই বিশ্বকে বদলে দিয়েছে। আগে বিজ্ঞান এগিয়েছিল ধীরে। এখন বিজ্ঞান দ্রুত এগুচ্ছে। এখন শুরু হয়েছে চতুর্থ শিল্পবিপ্লব। সামনে বিজ্ঞান ও প্রযুক্তির অগ্রগতি বিশ্বকে কীভাবে বদলাবে আমরা জানি না। কিন্তু সেটা যেন মানবকল্যাণকর ও প্রকৃতিবান্ধব হয়। সেজন্য সচেষ্ট হতে হবে। তিনি কৃত্রিম বুদ্ধিমত্তা সম্পর্কেও বর্ণনা দেন। তিনি আরও বলেন, ১৯৭৮ সালে আমি কানাডার ম্যাকমাস্টার বিশ্ববিদ্যালয়ে পিএইচডি করার সময় অনেক চেষ্টা করেও চট্টগ্রামে আমার পরিবারে একটা টেলিফোন করতে পারিনি। আজ মোবাইল ফোনে বিশ্বের এক প্রান্ত থেকে অপর প্রান্তে মুহূর্তেই যোগাযোগ করা যায়। আজ ইন্টারনেটে বহু রকমের কাজ দ্রুততম সময়ের মধ্যে করা যায়। বিজ্ঞানের নানা শাখার অগ্রগতি এখন বিস্ময়কর। তিনি উল্লেখ করেন, জাপান একসময় দরিদ্র দেশ ছিল। কিন্তু ১৮৫৪ সালে মেজিদের ক্ষমতা পুনর্দখলের পরে তারা তাদের শিক্ষার্থীদের সারা বিশ্বের উন্নত দেশে, বিশেষত, ইংল্যান্ড, জার্মানি, ফ্রান্স প্রভৃতি দেশে পাঠিয়ে দেয় বৈজ্ঞানিক-প্রযুক্তি শিক্ষা অর্জনের জন্য। এর ফলেই আজ জাপান বিশ্বের একটি উন্নত দেশ।

প্রধান অতিথি প্রফেসর কার্ল রোডস বলেন, সমাবর্তন একাডেমিক ক্যালেন্ডারের সবচেয়ে গুরুত্বপূর্ণ অনুষ্ঠান। আজকে আমরা ছাত্রদের কৃতিত্ব উদযাপন করছি; তার মানে আমাদের শ্রমের ফল দেখতে পাচ্ছি। ইউটিএস এবং প্রিমিয়ার ইউনিভার্সিটি আজ খুব আনন্দিত। এই দুই বিশ্ববিদ্যালয়ের মধ্যে শক্তিশালী অংশীদারিত্ব আমরা স্বীকার করছি। তিনি আরও বলেন, ইউটিএস-এর বিজনেস স্কুলটি শিল্পের সাথে খুব ঘনিষ্ঠভাবে কাজ করে। আমাদের ছাত্রদের ৮০% শীর্ষ কোম্পানিগুলির সাথে ইন্টার্নশিপ করে। আমরা সৃজনশীলতা এবং উদ্ভাবনকে মূল্য দিই, সক্রিয় সমস্যা সমাধান করি। তিনি উল্লেখ করেন, আমরা সিডনিতে আজকের সমাবর্তনে সনদপ্রাপ্ত মেধাবী ছাত্রদের গ্রহণ করার জন্য উন্মুখ। তিনি ডিপ্লোমা অব বিজনেস প্রোগ্রামের সনদপ্রাপ্ত শিক্ষার্থীদের বলেন, এই প্রোগ্রাম আপনাকে ব্যবসায়িক ক্যারিয়ার গড়তে প্রয়োজনীয় জ্ঞানের সাথে সজ্জিত করবে; যার ফলে আপনি নেতৃস্থানীয় শিল্পনেতাদের দ্বারা পরিবেষ্টিত হবেন।

বিশেষ অতিথি মিঃ পিটার মারে বলেন, একজন অভিভাবক হিসেবে আমি চাই আমার সন্তানরা একটি দুর্দান্ত শিক্ষা লাভ করুক। ইউটিএস এ ধরনের শিক্ষা প্রদান করতে সক্ষম। আমি ইউটিএস-এ ২০ বছর ধরে আছি। আমি অনেক বাংলাদেশির সাথে দেখা করেছি যারা খুব পরিশ্রমী। আজকের সনদপ্রাপ্ত শিক্ষার্থীদের অস্ট্রেলিয়ায় ভালোভাবে যত্ন নেওয়া হবে আমি আশ্বাস দিচ্ছি। অনুষ্ঠানে প্রিমিয়ার ইউনিভার্সিটির রেজিস্ট্রার জনাব খুরশিদুর রহমান, কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম, ব্যবসায় শিক্ষা অনুষদের সহকারী ডিন এম. মঈনুল হক, বিভিন্ন একাডেমিক বিভাগের চেয়ারম্যান ও শিক্ষকবৃন্দ এবং শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

প্রিমিয়ার ইউনিভার্সিটিতে 'ওয়ার্কশপ অন ওবিই কারিকুলাম : কম্পিউটেশন অব সিও-পিও অ্যাটেইনমেন্ট'

## আজকের বিশ্ব শিক্ষা ও জ্ঞানের বিশ্ব




প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসিউরেন্স সেল (আইকিউএসি)-প্রিমিয়ার ইউনিভার্সিটির উদ্যোগে 'ওয়ার্কশপ অন ১৮ পৃষ্ঠার ১ম ও ২য় কলাম

## শিক্ষার্থীদের জ্ঞান অর্জন করে দেশের সেবায় আত্মনিয়োগ করতে হবে

৬ পৃষ্ঠার পর

তানজিনা আলম চৌধুরী, ফ্যাশন ডিজাইন এন্ড টেকনোলজি বিভাগের চেয়ারম্যান সঞ্জয় কুমার দাশসহ বিভিন্ন বিভাগের শিক্ষক-শিক্ষিকাবৃন্দ। অনুষ্ঠানের সার্বিক তত্ত্বাবধানে ছিলেন প্রক্টর আহমদ রাজীব চৌধুরী, বাণী অর্চনা পরিষদের সদস্য সহকারী অধ্যাপক অনুপ বিশ্বাস, সহকারী অধ্যাপক সঞ্জয় বিশ্বাস ও সদস্য-সচিব সহকারী পরিচালক (ছাত্রকল্যাণ) পংকজ বিশ্বাস।

## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে 'Career in ICT: Challenges and Opportunities' শীর্ষক সেমিনার

১০ পৃষ্ঠার পর

ইন্ডাস্ট্রির সাথে আলোচনা চালিয়ে যেতে হবে। বেসিসের ভাইস প্রেসিডেন্ট সামিরা জুবিরি হিমিকা শিক্ষার্থীদের সফট স্কিল অর্জনের বিষয়টি তুলে ধরে বলেন, বর্তমান আইসিটি সেক্টরে শিক্ষার্থীদের সুযোগ তৈরির ক্ষেত্রগুলো আলোচনাপূর্বক কার্যক্ষেত্রে বিভিন্ন ইউনিভার্সিটির শিক্ষার্থীদের অনুপ্রবেশ মাল্টি কালচারাল এনভায়রনমেন্ট তৈরি করবে বলে আমি আশা করি। সভাপতির বক্তব্যে কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারম্যান ড. সাহীদ মোঃ আসিফ ইকবাল বলেন, ইন্ডাস্ট্রি-অ্যাকাডেমিয়ার যৌথ প্রচেষ্টায় কর্মক্ষেত্রের চ্যালেঞ্জগুলো নির্ধারণ করতে হবে ও বাস্তবিক দক্ষতার মাধ্যমে চ্যালেঞ্জগুলো মোকাবিলা করতে হবে। সেমিনারে আরও উপস্থিত ছিলেন তড়িৎ প্রকৌশল বিভাগের চেয়ারম্যান টুটন চন্দ্র মল্লিক, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ ও তড়িৎ প্রকৌশল বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ।

## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে শিক্ষকদের নিয়ে 'স্টুডেন্ট'স কোড অব কন্ডাক্ট এন্ড কন্ডাক্টিং অ্যাওয়ার্নেস সেশন' শীর্ষক কর্মশালা

১১ পৃষ্ঠার পর

কোড অব কন্ডাক্ট এন্ড কন্ডাক্টিং অ্যাওয়ার্নেস সেশন' শীর্ষক এক কর্মশালার দ্বিতীয় পর্ব অনুষ্ঠিত হয়েছে। ১৭ মে ২০২৩, অনুষ্ঠিত এই কর্মশালায় প্রিমিয়ার ইউনিভার্সিটির কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগ, আইন বিভাগ এবং অর্থনীতি বিভাগের শিক্ষকবৃন্দ অংশগ্রহণ করেন। কর্মশালায় মুখ্য আলোচক ছিলেন এবং কর্মশালা পরিচালনা করেন প্রিমিয়ার ইউনিভার্সিটির প্রক্টর জনাব আহমদ রাজীব চৌধুরী। তিনি প্রিমিয়ার ইউনিভার্সিটির 'স্টুডেন্ট'স কোড অব কন্ডাক্ট' অনুসারে শিক্ষকবৃন্দ কীভাবে শিক্ষার্থীদের সুচারু ও সুশৃঙ্খলভাবে পরিচালনা করবেন, কীভাবে ইউনিভার্সিটিতে শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখবেন এবং শিক্ষার্থীদের নৈতিক ও মানবিকভাবে গড়ে তুলবেন, সে-ব্যাপারে দিকনির্দেশনা প্রদান করেন। তিনি 'স্টুডেন্ট'স কোড অব কন্ডাক্ট'-এর 'ব্যাচ এডভাইজারদের ভূমিকা', 'ইভটিজিং প্রতিরোধে নির্দেশনা', 'মাদকবিরোধী সচেতনতা', 'সোশ্যাল মিডিয়া ব্যবহারে সচেতনতা', 'র‍্যাগিংবিরোধী সচেতনতা, সিনিয়র জুনিয়র সম্পর্ক এবং ক্যাম্পাসের পরিবেশ', 'শারীরিক এবং মানসিক স্বাস্থ্যের উন্নয়নে নির্দেশনা' প্রভৃতি বিষয়ে আলোকপাত করেন। কর্মশালায় আইকিউএসি-র পরিচালক প্রফেসর ড. তৌফিক সাঈদ, অতিরিক্ত পরিচালক প্রফেসর এম. মঈনুল হক ও অ্যাসোসিয়েট প্রফেসর মোহাম্মদ ইফতেখার মনির উপস্থিত ছিলেন। এছাড়া উপস্থিত ছিলেন ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারম্যান টুটন চন্দ্র মল্লিক, আইন বিভাগের চেয়ারম্যান তানজিনা আলম চৌধুরী এবং অর্থনীতি বিভাগের চেয়ারম্যান ফারজানা ইয়াসমিন চৌধুরী।

## ২৬ মার্চ বাঙালির সর্বশ্রেষ্ঠ দিন

*২৮ পৃষ্ঠার পর*

টেকনোলজি বিভাগের চেয়ারম্যান সঞ্জয় কুমার দাশ, প্রক্টর আহমদ রাজীব চৌধুরী ও ডেপুটি লাইব্রেরিয়ান জনাব কাউছার আলম প্রমুখ। শহীদ মিনারে পুষ্পমাল্য অর্পণ করার প্রাক্কালে উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন উল্লেখ করেন, বাঙালি জাতিসত্তা কয়েক হাজার বছরের। বহু বর্ণের সমন্বয়ে এই জাতিসত্তা গড়ে উঠে। তিনি বলেন, বাংলা ভাষাভাষি বাঙালির হাজার বছরের ইতিহাসে ১৯৭১ সালের ২৬ মার্চেই বাঙালি প্রথম স্বাধীনতা অর্জন করে। ১৯০ বছরের ব্রিটিশ শাসনের অবসানে পাকিস্তান রাষ্ট্রের সৃষ্টি হলে পূর্ব পাকিস্তান বা বাংলাদেশ যথার্থ অর্থে স্বাধীনতা পায় নি। পশ্চিম পাকিস্তানের নিবিড় ঔপনিবেশিক শাসনের শৃঙ্খলে আবদ্ধ হয়। এই শোষণ কী তীব্র ও নিষ্ঠুর ছিল তা আমাদের শিক্ষার্থীসমাজকে জানতে হবে, উপলব্ধি করতে হবে। পূর্ব পাকিস্তান বা বাংলাদেশের সম্পদেই পশ্চিম পাকিস্তান গড়ে উঠে। সেই সময় পাকিস্তানের প্রধান অর্থকরি ফসল ছিল পাট। পশ্চিম পাকিস্তানের আমদানি তার রপ্তানির চেয়ে অনেকগুণ বেশি ছিল। পূর্ব পাকিস্তানের আমদানি তার রপ্তানির চেয়ে অনেক কম ছিল। এই আমদানির উদ্বৃত্ত দিয়ে পশ্চিম পাকিস্তানের শিল্প-কলকারখানা, কেন্দ্রীয় রাজধানীর বেসামরিক ব্যয় ও বিশাল সামরিক ব্যয় নির্বাহ করা হতো। ড. সেন আরও বলেন, এই পরাধীন বাঙালিকে অর্থনৈতিক মুক্তি দেওয়ার জন্য বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৬৬ সালে ৬ দফা ঘোষণা করেন। তারই পথ ধরে ১৯৭১ সালের ২৬ মার্চের প্রথম প্রহরে সূচিত হয় মুক্তিযুদ্ধ, বঙ্গবন্ধু ঘোষণা করেন স্বাধীনতা। ড. সেন ২৬ মার্চকে বাঙালির সর্বশ্রেষ্ঠ দিন বলে উল্লেখ করেন।

প্রিমিয়ার ইউনিভার্সিটিতে কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের ওরিয়েন্টশন প্রোগ্রামে উপাচার্য ড. অনুপম সেন

## বর্তমান বিশ্ব বিজ্ঞান ও প্রযুক্তির বিশ্ব




প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে প্রিমিয়ার ইউনিভার্সিটির কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের ৪৪তম ব্যাচের নতুন শিক্ষার্থীদের নিয়ে ওরিয়েন্টেশন প্রোগ্রাম অনুষ্ঠিত হয়েছে। ৩১ অক্টোবর ২০২৩, এ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী ও শিক্ষায় একুশে পদকপ্রাপ্ত প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। বিশেষ অতিথি ছিলেন মাননীয় উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা ও মাননীয় ট্রেজারার প্রফেসর ড. তৌফিক সাঈদ। বিভাগের চেয়ারম্যান ড. সাহীদ মো. আসিফ ইকবালের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি প্রফেসর ড. অনুপম সেন বলেন, বর্তমান বিশ্ব বিজ্ঞান ও প্রযুক্তির বিশ্ব। একসময় বিশ্ব এরকম ছিল না। প্রথম শিল্পবিপ্লব, দ্বিতীয় শিল্পবিপ্লব ও তৃতীয় শিল্পবিপ্লবের মাধ্যমে বিশ্ব বদলে গেছে। বিজ্ঞানই বিশ্বকে বদলে দিয়েছে। আগে বিজ্ঞান এগিয়েছিল ধীরে। এখন বিজ্ঞান দ্রুত এগুচ্ছে। বিজ্ঞানের নানা শাখার অগ্রগতি এখন বিস্ময়কর। ড. অনুপম সেন আরও বলেন, জীবনপ্রবাহ সচল ও সহজ করার জন্য বিজ্ঞান ও প্রযুক্তির বিকল্প নেই। একসময় আমেরিকা থেকে শুরু করে বিশ্বের অনেক দেশে কৃষি উৎপাদন ব্যবস্থা ছিল খুবই কঠিন। ট্রাক্টর প্রভৃতির আবিষ্কারের ফলে এখন উৎপাদন ব্যবস্থা সহজ হয়ে গেছে। তিনি নবীন শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, তোমরা আগামী যুগের। আগামী যুগের একটি প্রধান বিষয় হলো কম্পিউটার সায়েন্স। বাংলাদেশ ও বিশ্বের অগ্রযাত্রায় কম্পিউটার সায়েন্স যে-ভূমিকা রাখবে, সেখানে তোমাদের ভূমিকা থাকতে হবে, আশা করি থাকবে। মাননীয় উপ-উপাচার্য প্রফেসর ড. *১৯ পৃষ্ঠার ১ম কলাম*

## প্রিমিয়ার ইউনিভার্সিটির জাতীয় ইংরেজি বিতর্ক প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন ডিবেটার্স অব চিটাগাং ইউনিভার্সিটি ও চট্টগ্রাম ক্যান্টনমেন্ট পাবলিক কলেজ

*১২ পৃষ্ঠার পর*

স্টুডেন্ট কাউন্সিলর মাইশা আহমেদ। প্রধান অতিথি তাঁর বক্তব্যে বলেন, আজ পৃথিবী যেখানে এসে পৌছেছে তা সম্ভব হয়েছে যুক্তির মাধ্যমে সমাজ চলেছে বলে। আমাদের সমাজে একসময় কুসংস্কার ও যুক্তিহীনতার ফলে নানান খারাপ কাজ হত। নারীদের লেখাপড়া করতে দেওয়া হতনা, ঘর বন্দি করে রাখা হত। বর্ণ প্রথা, দাস প্রথাও সমাজে ছিল। এইসব থেকে ধীরে ধীরে মুক্তি মিলেছে সমাজের মানুষের যুক্তিবাদী হওয়ার মাধ্যমে। আমাদের সমাজে জীবনপথে অনেক কন্টক রয়েছে, তা থেকে মুক্তি পেতে আমাদের যুক্তিবাদী হওয়ার বিকল্প নেই। বিশেষ অতিথির বক্তব্যে অধ্যাপক সাদাত জামান যুক্তিনির্ভর প্রজন্মের ভবিষ্যতে সকল বাধা পেরিয়ে যাওয়া সহজ বলে উল্লেখ করেন। তিনি বলেন, যুক্তির মাধ্যমেই একটা বিষয়ের ভালো-খারাপ বোঝার মতো মানসিকতা তৈরি হয়। আমেরিকান কর্ণার চট্টগ্রাম-এর প্রতিনিধী কেলি রয়স্টার বিশেষ অতিথির বক্তব্যে বলেন, বিতার্কিকরা আগামী দিনের ভবিষ্যত এবং ভবিষ্যত নেতৃত্বের বাহক। সভাপতির বক্তব্যের পিইউডিএসের চিফ মডারেটর জুলিয়া পারভীন বিতর্ক অঙ্গনে পিইউডিএসের সরব উপস্থিতি এবং একটি সফল আয়োজনে সকলের সহযোগিতার জন্য ধন্যবাদ জানান। বক্তব্য শেষে বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন অতিথিরা।

পিইউডিএসের আয়োজনে পিইউডিএস বিপি ক্যাজুয়াল সিজন ফোর-এর প্রথম আন্তঃস্কুল-কলেজ বিতর্ক প্রতিযোগিতার নবীন (Novice) ফাইনালে চট্টগ্রাম গ্রামার স্কুল (বৃটিশ কারিকুলাম) চ্যাম্পিয়ন এবং চট্টগ্রাম গ্রামার স্কুল (ন্যাশনাল কারিকুলাম) রানার আপ হওয়ার গৌরব অর্জন করে। প্রথম আন্ত-স্কুল কলেজ বিতর্ক প্রতিযোগিতার ওপেন ফাইনালে চট্টগ্রাম ক্যান্টনমেন্ট পাবলিক কলেজ চ্যাম্পিয়ন এবং প্রেসিডেন্সি ইন্টারন্যাশনাল স্কুল রানার আপ হওয়ার গৌরব অর্জন করে। চট্টগ্রাম ক্যান্টনমেন্ট পাবলিক কলেজ-এর বিতার্কিক সুরাইয়া আশফাক প্রথম আন্তঃস্কুল কলেজ বিতর্ক প্রতিযোগিতার শ্রেষ্ঠ বিতার্কিক এবং ফাইনালের শ্রেষ্ঠ বিতার্কিক নির্বাচিত হন। পিইউডিএস বিপি ক্যাজুয়াল সিজন ফোর-এর আন্তঃ বিশ্ববিদ্যালয় বিতর্ক প্রতিযোগিতার নবীন (Novice) ফাইনালে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে চিটাগাং ইউনিভার্সিটি ফ্যাকাল্টি অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন বিতর্ক দল (সিইউএফবিডিএ) এবং রানার আপ নির্বাচিত হয় প্রিমিয়ার ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটি (পিইউডিএস)। এছাড়াও ফাইনালে অপর দুই ফাইনালিস্ট দল হিসেবে ছিলো চিটাগাং ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটি (সিইউডিএস) এবং ফ্যাকাল্টি অব সায়েন্স ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি ডিবেটিং সোসাইটি (এফসেট)। বিশ্ববিদ্যালয় পর্যায়ের বিতর্ক প্রতিযোগিতার ওপেন ফাইনালে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে ডিবেটার্স অব চিটাগাং ইউনিভার্সিটি (ডিসিইউ) এবং রানার আপ নির্বাচিত হয় ইউনিভার্সিটি অব টেক্সটাইল ডিবেটিং ক্লাব (বুটেক্সডিসি)। এছাড়াও ফাইনালে অপর দুই ফাইনালিস্ট দল হিসেবে ছিলো এশিয়ান ইউনিভার্সিটি অব ওমেন বিতর্ক দল এবং ঢাকা বিশ্ববিদ্যালয় বিতর্ক দল (ডিইউডিএস)। ওপেন ফাইনালের শ্রেষ্ঠ বিতার্কিক হওয়ার গৌরব অর্জন করেন বুটেক্সডিসি'র বিতার্কিক ইত্তেসাফ রহমান। এছাড়াও বিশ্ববিদ্যালয় পর্যায়ের বিতর্ক প্রতিযোগিতার শ্রেষ্ঠ বিতার্কিক হিসেবে নির্বাচিত হন ডিবেটার্স অব চিটাগাং ইউনিভার্সিটি (ডিসিইউ) এর বিতার্কিক মো বখতেয়ার, হাসিব খান, ঢাকা বিশ্ববিদ্যালয় ডিবেটিং সোসাইটি (ডিইউডিএস) এর বিতার্কিক রেদোয়ান রহমান এবং ইউনিভার্সিটি অব টেক্সটাইল ডিবেটিং ক্লাব (বুটেক্সডিসি) এর বিতার্কিক উর্মি শেখ। এবারের আয়োজনের সহযোগী হিসেবে ছিল ইউটিএস কলেজ সিডনি ও আমেরিকান কর্ণার চট্টগ্রাম।

## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে মাস্টার্স ইন সিএসই প্রোগ্রামের ওরিয়েন্টেশন অনুষ্ঠান সম্পন্ন

২য় পৃষ্ঠার পর

প্রোগ্রামে আন্তর্জাতিক মান অনুসারে অর্ধেক ক্রেডিটই থাকছে থিসিসে। গবেষণায় অভিজ্ঞ বেশ কয়েকজন ফ্যাকাল্টি মেম্বার প্রোগ্রামটিতে ক্লাস ও গবেষণা পরিচালনা করবেন। চলমান ইন্ডাস্ট্রি ৪.০ রেভলিউশনের প্রয়োজনীয়তা উপলব্ধি করে দক্ষ মানবসম্পদ গড়ে তোলার উপযোগী কারিকুলাম তৈরি করা হয়েছে। এ অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন বিভাগের সহকারী অধ্যাপক ফারহানা শিরিন চৌধুরী, সহকারী অধ্যাপক সৈয়দ মোহাম্মদ মিনহাজ হোসাইন ও বিভাগের কর্মকর্তাবৃন্দ।

## ভাষা আন্দোলনের পথ ধরেই বাংলাদেশ রাষ্ট্রের সৃষ্টি হয়

*১ পৃষ্ঠার পর*

সোসাইটির পক্ষ থেকে পুষ্পমাল্য অর্পণ করা হয়। এসময় উপস্থিত ছিলেন মাননীয় উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক, রেজিস্ট্রার জনাব খুরশিদুর রহমান, পরীক্ষা নিয়ন্ত্রক জনাব শেখ মুহাম্মদ ইব্রাহিম। এছাড়া উপস্থিত ছিলেন প্রকৌশল ও বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. তৌফিক সাঈদ, ব্যবসা-প্রশাসন বিভাগের অধ্যাপক অমল ভূষণ নাগ, ব্যবসা-শিক্ষা অনুষদের সহকারী ডিন এম. মঈনুল হক, স্থাপত্য বিভাগের চেয়ারম্যান বিশিষ্ট স্থপতি সোহেল এম. শাকুর, গণিত বিভাগের চেয়ারম্যান মোহাম্মদ ইফতেখার মনির, ইংরেজি বিভাগের চেয়ারম্যান সাদাত জামান খান, তড়িৎ ও ইলেকট্রনিক প্রকৌশল বিভাগের চেয়ারম্যান টুটন চন্দ্র মল্লিক, আইন বিভাগের চেয়ারম্যান তানজিনা আলম চৌধুরী, অর্থনীতি বিভাগের চেয়ারম্যান ফারজানা ইয়াসমিন চৌধুরী, জনস্বাস্থ্য (পাবলিক হেলথ) বিভাগের চেয়ারম্যান মো. জাহেদুল ইসলাম, ফ্যাশন ডিজাইন এন্ড টেকনোলজি বিভাগের চেয়ারম্যান সঞ্জয় কুমার দাশ, প্রক্টর আহমদ রাজীব চৌধুরী ও ডেপুটি লাইব্রেরিয়ান জনাব কাউছার আলম প্রমুখ। শহীদ মিনারে পুষ্পমাল্য অর্পণ করার প্রাক্কালে উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন বাঙালি জাতিসত্তা থেকে বাঙালি জাতীয়তাবাদের স্ফুরণের ইতিহাস বর্ণনা করেন। তিনি বলেন, ২১ফেব্রুয়ারির মধ্য দিয়ে বাঙালি জাতিসত্তা প্রকৃত জাতীয়তাবাদে পরিণত হয়। তিনি ভাষা আন্দোলনের ইতিবৃত্ত ও বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ভাষা আন্দোলনের সঙ্গে সম্পৃক্ততার ইতিহাস তুলে ধরেন। তিনি বলেন, ২৩ বছর ধরে পশ্চিম পাকিস্তান পূর্ব পাকিস্তানিদের উপর নির্মম ঔপনিবেশিক শোষণ অব্যাহত রেখেছিল এবং শোষণের হাতিয়ার হিসেবেই তারা ভাষাকে ব্যবহার করতে চেয়েছে। সেসময় মুসলিম লীগের নেতৃত্বে যারা ছিলেন, তারা, এমনকি তৎকালীন পূর্ব বাংলার প্রধানমন্ত্রী খাজা নাজিমউদ্দিনের পরিবারও উর্দু ভাষার তোষক ছিল। কারণ, মুসলিম লীগের মুখ্য নেতৃবৃন্দের মুখের ভাষা ছিল উর্দু। যদিও উর্দু ছিল পাকিস্তানের কেবলমাত্র সাড়ে সাত শতাংশ মানুষের মুখের ভাষা। অন্যদিকে ছাপ্পান্ন শতাংশ লোকের মুখের ভাষা ছিল বাংলা। তবু পশ্চিম পাকিস্তান উর্দুকেই একমাত্র রাষ্ট্রভাষা করার চক্রান্ত করেছিল। বায়ান্নর ভাষা আন্দোলনের ফলে এই চক্রান্ত ব্যর্থ হয়। এই ভাষা আন্দোলনের পথ ধরেই বঙ্গবন্ধুর নেতৃত্বে পূর্ব পাকিস্তানকে শোষণমুক্ত করে বাংলাদেশ রাষ্ট্রের সৃষ্টি হয়। ড. সেন আরও বলেন, বাঙালিই বিশ্ব-ইতিহাসে প্রথম ভাষার জন্য রক্তদান করে। তিনি বলেন, ১৯৪৮ সালে বঙ্গবন্ধু ভাষা সংগ্রাম পরিষদ গঠন করে ভাষা আন্দোলনের সূচনা করেন এবং এর জন্য কারাবরণও করেছিলেন।

## প্রিমিয়ার ইউনিভার্সিটি তড়িৎ প্রকৌশল বিভাগের উদ্যোগে প্রজেক্ট ডে স্প্রিং-২০২৩ অনুষ্ঠিত

*৬ পৃষ্ঠার পর*

চৌধুরীর সার্বিক তত্ত্বাবধানে এই প্রদর্শনীতে অন্যান্যদের মধ্যে আরও উপস্থিত ছিলেন গণিত বিভাগের সহকারী অধ্যাপিকা তানিয়া নুর, তড়িৎ ও ইলেকট্রনিক প্রকৌশল বিভাগের সহকারী অধ্যাপক আকরামুল হক, সহকারী অধ্যাপক মোঃ হেলাল উদ্দিন, সহকারী অধ্যাপক সামিনা আলম, গণিত বিভাগের সহকারী অধ্যাপক কল্লোল দে, তড়িৎ ও ইলেকট্রনিক প্রকৌশল বিভাগের প্রভাষক আসিফ মোহাম্মদ সিদ্দিকী, প্রভাষক রাহুল চৌধুরী, প্রভাষক সরিৎ ধরসহ বিভাগের ২৫০জন ছাত্র-ছাত্রী। প্রদর্শনী শেষে প্রশিক্ষণার্থীদের হাতে সার্টিফিকেট ও শ্রেষ্ঠ ১০ জনের হাতে পুরস্কার তুলে দেন অতিথিবৃন্দ।

*দৈনিক আজাদী, ০৫-০৭-২০২৩, পৃষ্ঠা: ০৩*

## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে লাইব্রেরি ওরিয়েন্টেশন প্রোগ্রাম সম্পন্ন

*২৩ পৃষ্ঠার পর*

মোহাম্মদ কাউসার আলম। তিনি বলেন, বর্তমান বিশ্ব তথ্যপ্রযুক্তির বিশ্ব। জ্ঞান সংগঠন ও ব্যবস্থাপনার ক্ষেত্রে গ্রন্থাগারসমূহের ধারণা প্রতিনিয়ত পরিবর্তন হচ্ছে। মানবজ্ঞানকে সহজলভ্য করতে ডিজিটাল লাইব্রেরির বিকল্প নেই। তিনি প্রিমিয়ার ইউনিভার্সিটি কর্তৃক সাবস্ক্রাইবকৃত বিভিন্ন ই-রিসোর্সের সাথে শিক্ষার্থীদের পরিচয় করিয়ে দেন। তা ছাড়া লাইব্রেরি ক্যাটালগ, ইনস্টিটিউশনাল রিপোজিটরি এবং পৃথিবীর বিখ্যাত ই-রিসোর্স ডাটাবেস থেকে কিভাবে জার্নাল, আর্টিকেল এবং ই-বুক সার্চ করে ডাউনলোড করে ব্যবহার করতে হয় তা দেখিয়ে দেন। অনুষ্ঠানের শেষের দিকে তিনি ছাত্র-ছাত্রীদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন এবং ডিজিটাল পাঠপদ্ধতি ও জ্ঞান অন্বেষণ প্রক্রিয়া সম্পর্কে অবহিত করেন।

## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে সিন্ডিকেট সভায় মাননীয় প্রধানমন্ত্রীকে অভিনন্দন



প্রিমিয়ার ইউনিভার্সিটির ১৮তম সিন্ডিকেট সভা অনুষ্ঠিত হয়েছে। ২২ জানুয়ারি ২০২৩, অনুষ্ঠিত এই সভার শুরুতে সভার সদস্যবৃন্দ বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনাকে অকুণ্ঠ ধন্যবাদ জ্ঞাপন করেন প্রিমিয়ার ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের সম্মানিত সদস্য প্রফেসর ড. অনুপম সেনকে বাংলাদেশ আওয়ামী লীগের উপদেষ্টামণ্ডলীর সদস্য, ব্যারিস্টার বিপ্লব বড়ুয়াকে বাংলাদেশ আওয়ামী লীগের কার্যকরী পরিষদের দপ্তর সম্পাদক ও জনাব রেমন্ড আরেংকে কার্যকরী পরিষদের সদস্য হিসেবে পুনর্নির্বাচিত করার জন্য। এই সিন্ডিকেট সভায় সভাপতিত্ব করেন শিক্ষায় একুশে পদকপ্রাপ্ত প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। ভিডিও কনফারেন্সের মাধ্যমে সিন্ডিকেট সদস্য হিসেবে সভার সঙ্গে সংযুক্ত ছিলেন *২৩ পৃষ্ঠার ১ম কলাম*

## প্রিমিয়ার ইউনিভার্সিটির ইংরেজি বিভাগে পোস্টার প্রদর্শনী

প্রিমিয়ার ইউনিভার্সিটির ইংরেজি বিভাগে সম্প্রতি এক পোস্টার প্রদর্শনীর আয়োজন করে এই বিভাগের এম এ প্রথম অধিবর্ষের শিক্ষার্থীরা। ডিসএবলিটি সটাডিজ কোর্স-এর অন্তর্ভুক্ত পাঠের অংশ হিসেবে শিক্ষার্থীরা বিভিন্ন ধরনের শারীরিক ও মানসিক প্রতিবন্ধকতা নিয়ে এই আয়োজনটি প্রদর্শন করে। ওসিডি, সেরিব্রাল পালসি, ক্রনিক ফ্যাটিগ ডিসঅর্ডার, অটিজম, ল্যুপাস, এম্পটি নেস্ট সিনড্রোম, ফুড এবিউজ, ইমপোস্টর সিনড্রোম, লার্নিং ডিসএবিলিটিসহ মোট আট প্রকার প্রতিবন্ধকতা, তাদের উপসর্গ, প্রতিকার, সচেতনতা বৃদ্ধি এবং তাদের সম্পর্কে প্রচলিত ধারণা নিয়ে এই প্রদর্শনীর আয়োজন করা হয়। এই আয়োজন উদ্বোধন করেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী, একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ ও প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। এছাড়াও উপস্থিত ছিলেন উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম ।

মাননীয় উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন শিক্ষার্থীদের এই প্রচেষ্টার ভূয়সী প্রশংসা করে বলেন, এই ধরনের উদ্যোগ সমাজে সচেতনতা সৃষ্টি করে এইসব প্রতিবন্ধকতা নিয়ে সমাজে প্রচলিত ধারণাগুলোকে বদলে দিতে পারে।' তিনি আরো বলেন, সমাজে কেউ অক্ষম নয়, বরং একটু সুযোগ পেলেই এই ধরনের আপাতদৃষ্টিতে অক্ষম ব্যাক্তিরা সমাজের জন্য অনেক অবদান রাখতে পারেন। আজকের এই প্রদর্শনীর মাধ্যমে তার প্রকাশ ঘটেছে। একসময়ের অসাধ্য হিমালয় পর্বতারোহণ তেনজিং-হিলারির মাধ্যমে মানুষের জন্য অনেক সম্ভাবনার দ্বার উন্মোচন করেছে। তিনি আরো বলেন, সেইভাবে সমাজের এই অবহেলিত জনগোষ্ঠীর ক্ষমতায়ন ও তাঁদের ক্ষমতা ও মেধার যথার্থ *১৩ পৃষ্ঠার ২য় কলাম*



## প্রিমিয়ার ইউনিভার্সিটি ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগে 'টেকনিক্যাল রাইটিং ইউজিং ল্যাটেক্স' শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত

*৭ম পৃষ্ঠার পর*

উন্নত করতে পারবে এবং সহজে লিখতে পারবে। কি-নোট প্রেজেন্টার ড. শাহীদ মো: আসিফ ইকবাল তাঁর কর্মশালার বিভিন্ন অংশে ওভারলীফ ব্যবহার করে কীভাবে ল্যাটেক্স সফটওয়্যারে গবেষণাপত্র লেখার জন্য বিভিন্ন ধাপ অনুসরণ করতে হয় সেগুলো শেখান। লেটেক্স-এ গাণিতিক সমীকরণ, বিভিন্ন ট্যাবল তৈরি করা, বিবলিওগ্রাফি তৈরি করাসহ ল্যাটেক্স সফটওয়্যার ব্যবহার করে হাতে-কলমে গবেষণাপত্র লেখার বিভিন্ন দিক আলোচনা করেন। এই কর্মশালায় অংশগ্রহণ করেন ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারম্যান ও সহযোগী অধ্যাপক টুটন চন্দ্র মল্লিক, গণিত বিভাগের সহকারী অধ্যাপক তানিয়া নূর, কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগের সরকারি অধ্যাপক কিংশুক ধর, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের সহকারী অধ্যাপক মোহাম্মদ সাইফুদ্দিন মুন্না, সহকারী অধ্যাপক আকরামুল হক, সহকারী অধ্যাপক মোঃ হেলাল উদ্দিন, সহকারী অধ্যাপক সামিনা আলম, প্রভাষক আসিফ মোহাম্মদ সিদ্দিকী, প্রভাষক রাহুল চৌধুরী, প্রভাষক সরিৎ ধর, প্রভাষক সৌমেন দত্ত, প্রভাষক সুজন চৌধুরী এবং গণিত বিভাগের সহকারী অধ্যাপক কল্লোল দে-সহ বিভাগের ৫০জন ছাত্র-ছাত্রী। প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থীদের হাতে সার্টিফিকেট তুলে দেন অতিথিবৃন্দ। *দৈনিক আজাদী, ০৫-০১-২০২৩, পৃষ্ঠা: ০৩*

## প্রিমিয়ার ইউনিভার্সিটির স্যোশিওলজি এন্ড সাসটেইনেবল ডেভেলপমেন্ট বিভাগের শিক্ষার্থীদের মাঠ পর্যায়ের সমীক্ষা




প্রিমিয়ার ইউনিভার্সিটির স্যোশিওলজি এন্ড সাসটেইনেবল ডেভেলপমেন্ট বিভাগের ৩য়, ৪র্থ, ৫ম ও ৭ম সেমিস্টারের রিসার্চ মেথডোলজি এবং রুরাল স্যোশিওলজি কোর্সের শিক্ষার্থীরা মাঠ পর্যায়ের সমীক্ষা সম্পন্ন করেছে। সম্প্রতি চট্টগ্রামের আনোয়ারা উপজেলার কয়েকটি গ্রামের উপর এই সমীক্ষা সম্পন্ন হয়। কোর্স দুটির ইন্সট্রাক্টর ড. সাদিকা সুলতানা চৌধুরী এবং তানিয়াহ্ মাহমুদা তিন্নির তত্ত্বাবধানে শিক্ষার্থীরা সামাজিক গবেষণার বিভিন্ন কৌশল ও পদ্ধতি যেমন- ইন্টারভিউ, কেস স্টাডি, কি ইনফরম্যান্ট ইন্টারভিউ, অবজারভেশন ইত্যাদি ব্যবহার করে উপাত্ত সংগ্রহ সম্পন্ন করেন। এ সময় শিক্ষার্থীরা বিভিন্ন দলে বিভক্ত হয়ে সামাজিক সমস্যা, কৃষিভিত্তিক সমাজের রূপান্তর, প্রযুক্তির পরিবর্তন, সামাজিক পরিবর্তন, সমাজ কাঠামোর পরিবর্তন, গ্রাম থেকে শহরে অভিগমন, পরিবেশের উপর পর্যটনের প্রভাব, পল্লী উন্নয়নে ক্ষুদ্র ঋণের ভূমিকা বিষয়ে তথ্য-উপাত্ত সংগ্রহ করেছেন। সমীক্ষা পরিচালনার আগে আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী, একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ ও প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য প্রফেসর ড. অনুপম সেনের সঙ্গে শিক্ষার্থীরা সাক্ষাৎ করলে তিনি বলেন, বিজ্ঞান ও প্রযুক্তির উৎকর্ষ এবং বর্তমানের দ্রুত পরিবর্তনশীল অর্থনৈতিক ব্যবস্থায় বাংলাদেশের গ্রামীণ সমাজ পরিবর্তিত হচ্ছে। গ্রামীণ সমাজের মধ্যে নগর সমাজের অনেককিছুই এখন ঢুকে গেছে। এর ফলে গ্রামীণ সমাজব্যবস্থার মৌল কাঠামো ও উপরি কাঠামোতে নানা ধরনের পরিবর্তন পরিলক্ষিত হচ্ছে। এই পরিবর্তন সম্পর্কে সম্যক ধারণা লাভ করতে মাঠ পর্যায়ের (ফিল্ড ওয়ার্ক) সমীক্ষার বিকল্প নেই। *দৈনিক আজাদী, ২০-০৯-২০২৩, পৃষ্ঠা: ০৩*

প্রিমিয়ার ইউনিভার্সিটি কেন্দ্রীয় বিতর্ক সংগঠন পিইউডিএস-এর উদ্যোগে দশম পিইউডিএস জাতীয় বিতর্ক উৎসব শুরু

## 'বিতর্ক ও জ্ঞানের ভিত্তি হলো যুক্তি'




প্রিমিয়ার ইউনিভার্সিটি কেন্দ্রীয় বিতর্ক সংগঠন পিইউডিএস-এর উদ্যোগে শুরু হয়েছে 'দশম পিইউডিএস জাতীয় বিতর্ক উৎসব-২০২৩'। এবারের উৎসবের প্রথম আয়োজন চতুর্থ আন্তঃস্কুল বিতর্ক প্রতিযোগিতা ও চতুর্থ আন্তঃকলেজ বিতর্ক প্রতিযোগিতা। এই আয়োজনে আরও রয়েছে দশম আন্তঃবিশ্ববিদ্যালয় বিতর্ক প্রতিযোগিতা, বিভিন্ন মডেলের প্রদর্শনী বিতর্ক ও বিতার্কিক সম্মাননা। 'চেতনার আকাশে উড়াই যুক্তির ঘুড়ি' এই শ্লোগানকে সামনে রেখে ২৩ ফেব্রুয়ারি ২০২৩, 'দশম পিইউডিএস জাতীয় বিতর্ক উৎসব-২০২৩'-এর উদ্বোধনী অনুষ্ঠানে উদ্বোধক ও প্রধান অতিথি ছিলেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী, একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ ও প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। বিশেষ অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির *২৬ পৃষ্ঠার ২য় কলাম*

## 'নতুন সত্য প্রতিষ্ঠিত হয় যুক্তির মাধ্যমে'

*৭ম পৃষ্ঠার পর*

যুক্তিনির্ভর। যে-জাতি যতবেশি যৌক্তিক জ্ঞানের চর্চা করবে, সে-জাতির অগ্রগতিও ত্বরান্বিত হবে। ড. সেন আরও বলেন, মানবতাবাদী রাজনৈতিক নেতা চট্টলবীর আলহাজ্ব এবিএম মহিউদ্দিন চৌধুরী জ্ঞানচর্চাকে গুরুত্ব দিতেন। তিনি চাইতেন, ছেলে-মেয়েরা জ্ঞান অর্জন করুক ও সর্বক্ষেত্রে পারদর্শী হোক। এ কারণে তিনি প্রিমিয়ার ইউনিভার্সিটি প্রতিষ্ঠা করেন। ড. সেন উল্লেখ করেন, নতুন সত্য প্রতিষ্ঠিত হয় যুক্তির মাধ্যমে। সুতরাং তোমরা যারা জগতের বিভিন্ন সত্যের অনুসন্ধানে ব্রতি রয়েছো, তোমাদের এই সত্যানুসন্ধান যুক্তির পথ অবলম্বন করে আমাদের সমাজকে আলোকদীপ্ত করুক, মানবিক করুক, এই কামনা করি।

বিশেষ অতিথি প্রিমিয়ার ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের সদস্য জনাব বোরহানুল হাসান চৌধুরী বলেন, প্রিমিয়ার ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটি তাদের নিয়মিত প্রকাশনা 'পৌনঃপুনিক' প্রকাশ করায় আমি তাদের সাধুবাদ জানাচ্ছি। পিইউডিএস-এর চীফ মডারেটর জুলিয়া পারভিনের সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির প্রকৌশল ও বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. তৌফিক সাঈদ, রেজিস্ট্রার জনাব খুরশিদুর রহমান, গণিত বিভাগের চেয়ারম্যান মোহাম্মদ ইফতেখার মনির, ইংরেজি বিভাগের চেয়ারম্যান সাদাত জামান খান ও প্রক্টর আহমদ রাজীব চৌধুরী। পরে সাকিব হোসাইনকে সভাপতি, আমির আব্দুল্লাহকে সহ-সভাপতি ও তন্ময় বড়ুয়াকে সাধারণ সম্পাদক নির্বাচিত করে ২৫ সদস্যের ১১তম কার্যনির্বাহী কমিটি ঘোষণা করেন পিইউডিএস-এর মডারেটর ও প্রধান নির্বাচন কমিশনার জনাব সঞ্জয় বিশ্বাস। পিইউডিএস-এর মডারেটর সাইফুদ্দিন মুন্নার সঞ্চালনায় আরও উপস্থিত ছিলেন মডারেটর সঞ্জয় বিশ্বাস, হিল্লোল সাহা, মিনহাজ হোসাইন, নিলুফার সুলতানা, ফারিয়া হোসেন বর্ষা, দুহিতা চৌধুরী, সাবেক সভাপতি ফজলে রাব্বি, সহ-সভাপতি মো. জুনায়েদ, পিইউডিএস-এর ১১তম কার্যনির্বাহী কমিটির সভাপতি সাকিব হোসাইন, সাধারণ সম্পাদক তন্ময় বড়ুয়াসহ পিইউডিএস সদস্যবৃন্দ।

## প্রিমিয়ার ইউনিভার্সিটির ইংরেজি বিভাগে দুদিনব্যাপী ড্রামা ফেস্টিবল অনুষ্ঠিত

*৮ পৃষ্ঠার পর*

করতে পারবে, যা তাদের ভবিষ্যত কর্মজীবনের পাথেয় হিসেবে কাজে লাগবে। তিনি শিক্ষার্থীদের উত্তরোত্তর সাফল্য কামনা করেন। কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম বলেন, নাটক হচ্ছে বাস্তব জীবনের প্রতিচ্ছবি। তিনি শিক্ষার্থীদের নাট্যশৈলীর প্রশংসা করে নাটকের প্রায়োগিক বিষয় সম্পর্কে তাদের অবগত করেন। ইংরেজি বিভাগের চেয়ারম্যান সাদাত জামান খান বলেন, জীবনটাই যেন একটা রঙ্গমঞ্চ, যেমনটি শেক্সপিয়ার বলেছেন।

## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে অর্থনীতি বিভাগের 'ফ্রেশম্যান ওরিয়েন্টেশন' প্রোগ্রাম অনুষ্ঠিত



৫ ফেব্রুয়ারি ২০২৩, প্রিমিয়ার ইউনিভার্সিটির অর্থনীতি বিভাগের ৩৫ তম ব্যচের 'ফ্রেশম্যান ওরিয়েন্টেশন' প্রোগ্রাম অনুষ্ঠিত হয়। এই প্রোগ্রামে সভাপতিত্ব করেন বিভাগের চেয়ারম্যান ফারজানা ইয়াসমিন চৌধুরী। এছাড়া বিভাগের অন্যান্য শিক্ষকবৃন্দও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। বিভাগীয় চেয়ারম্যান তাঁর বক্তব্যে যুগোপযোগী শিক্ষার গুরুত্ব, শিক্ষাক্ষেত্রে এক্সট্রা-কারিকুলার এক্টিভিটিস-এর প্রয়োজনীয়তা, ক্যারিয়ার গঠন এবং আরও অনেক গুরুত্বপূর্ণ বিষয় তুলে ধরেন। বিভাগের সহকারী অধ্যাপক বিদ্যুৎ কান্তি নাথ তাঁর শুভেচ্ছা বক্তব্যে জ্ঞান অর্জনের পাশাপাশি মানবিক মূল্যবোধ ও দক্ষতাভিত্তিক শিক্ষা অর্জনের জন্য ছাত্র-ছাত্রীদের অনুরোধ জানান। এছাড়াও নতুন ছাত্র-ছাত্রীদের উদ্দেশ্যে 'একাডেমিক রুলস এন্ড রেগুলেশন' উপস্থাপন করেন ব্যাচ কো-অর্ডিনেটর প্রভাষক সুদীপ দে। পরিশেষে নবাগত শিক্ষার্থীদের পক্ষ থেকে শুভেচ্ছা বক্তব্য ও সংগীত পরিবেশনার মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করা হয়।

## প্রিমিয়ার ইউনিভার্সিটির কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের ৩৫তম ব্যাচের 'কোর্স কমপ্লিশন সিরমনি'

৮ম পৃষ্ঠার পর

ইঞ্জিনিয়ারিং-এর শিক্ষার্থীরাও দেশে-বিদেশে তাদের কাজ দ্বারা সমাদৃত হবেন বলে আমি আশা করি। অতিথির বক্তব্যে প্রফেসর ড. তৌফিক সাঈদ বলেন, শিক্ষার্থীদের আধুনিক প্রযুক্তি ব্যবহারে নিত্য অনুশীলন দরকার। প্রযুক্তিকে অনুশীলন করতে না পারলে পিছিয়ে পড়তে হবে। বিভাগের চেয়ারম্যান ড. আসিফ বলেন, প্রকৌশল শিক্ষায় শিক্ষার্থীদের নিত্য শিখতে হয়। শিক্ষার কৌশল জীবনব্যাপী কাজে লাগাতে হয়। প্রযুক্তির ব্যবহারের পাশাপাশি যোগাযোগ দক্ষতা, সামাজিক মূল্যবোধ, নৈতিকতা ও দলগত কাজে মনোযোগ দিতে হবে। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন বিভাগের সহকারী অধ্যাপক ফারহানা শিরিন চৌধুরী, সহকারী অধ্যাপক কিংশুক ধর, সহকারী অধ্যাপক সৈয়দ মোহাম্মদ মিনহাজ হোসাইন ও বিভাগের অন্যান্য শিক্ষকবৃন্দ। দ্বিতীয় পর্বে ছিলো শিক্ষার্থীদের পরিবেশনায় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান। নাচে-গানে মিলনায়তন মাতিয়ে তোলেন শিক্ষার্থীরা। সবশেষে চট্টগ্রামের স্বনামধন্য ব্যান্ড দলের পরিবেশনার মধ্য দিয়ে অনুষ্ঠানের পরিসমাপ্তি ঘটে।

## এই ভাষায় রয়েছে মননশীল অসংখ্য অসাধারণ গ্রন্থ

৫ম পৃষ্ঠার পর

পাঠ করার প্রয়োজনীয়তা তুলে ধরেন। ড. সেন আরও বলেন, ব্রিটিশ ইস্ট ইন্ডিয়া কোম্পানি ১৭৫৭ সালে নবাব সিরাজউদদৌলাকে পরাজিত করে বাংলাকে দখল করে নেয়। এই কোম্পানি এদেশ দখল করার মাত্র তিন বছরের মধ্যে এদেশ থেকে তৎকালীন ৫০০ কোটি পাউন্ডের সম্পদ ইংল্যান্ডে পাচার করে। তা সত্ত্বেও আমরা ইংরেজদের থেকে, ইংরেজি ভাষা থেকে কেবল লুণ্ঠন ছাড়া আর কিছুই পাইনি, তা বলা ঠিক হবে না। তারা আমাদের জ্ঞানের আলোয় আলোকিত করেছে। ইউরোপিয় জ্ঞানকে আমাদের সামনে তুলে ধরেছে। ঊনবিংশ শতাব্দীর দ্বিতীয় ভাগে বাঙালির যে-প্রথম নবজাগরণ ঘটেছিল এবং বিংশ শতাব্দীর পঞ্চম দশকে বাংলাদেশের বাঙালিরা যে-দ্বিতীয় নবজাগরণের সৃষ্টি করে, যার ফলে আমাদের বর্তমান বাংলাদেশ, সেখানে ইংরেজি ভাষার সৃষ্টিসম্ভার আমাদের শুধু অনুপ্রাণিতই করেনি, জাতীয়তাবোধেও উদ্বুদ্ধ করার ক্ষেত্রে ভূমিকা রেখেছে। বোর্ড অব ট্রাস্টিজের সম্মানিত সদস্য মিসেস হাসিনা মহিউদ্দিন বলেন, যারা আজ বিদায় নিচ্ছে, তাদের বলতে চাই, এটা আসলে বিদায় নয়। এটা জীবনের বৃহৎ ক্ষেত্রে ও কর্মক্ষেত্রে প্রবেশের উদ্বোধন। উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা বলেন, ইংরেজি অত্যন্ত গুরুত্বপূর্ণ ভাষা। গুগলে সাহিত্য-সংস্কৃতি, ইতিহাস, বিজ্ঞান, দর্শন ও গবেষণার ৫০ শতাংশ বিষয়বস্তু ইংরেজি ভাষায়। ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক বলেন, প্রিমিয়ার ইউনিভার্সিটির ইংরেজি বিভাগে শিক্ষার্থীদের এমনভাবে গড়ে তোলা হয়, যাতে তারা পেশাগত জীবনে ও উদ্যোক্তা হিসেবে সফল হতে পারে।

কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম বলেন, প্রিমিয়ার ইউনিভার্সিটি জ্ঞান অর্জনের একটি নিরাপদ ক্ষেত্র। এখানে শিক্ষার্থীরা জ্ঞান অর্জনের জন্য বিভিন্ন চ্যালেঞ্জ ও প্রক্রিয়ার ভেতর দিয়ে এগিয়ে চলে। রেজিস্ট্রার জনাব খুরশিদুর রহমান বলেন, বিদায়ী শিক্ষার্থীরা প্রিমিয়ার ইউনিভার্সিটিতে অধ্যয়নকালীন ছাত্র হিসেবে যুক্ত ছিল। এখন থেকে তারা প্রাক্তন ছাত্র পরিচয়ে এই ইউনিভার্সিটির সঙ্গে যুক্ত থাকবে।

সভাপতির বক্তব্যে ইংরেজি বিভাগের চেয়ারম্যান সাদাত জামান খান ইংরেজি ভাষাকে গ্লোবাল ল্যাঙ্গুয়েজ হিসেবে উল্লেখ করেন। প্রভাষক দুহিতা চৌধুরীর সঞ্চালনায় অনুষ্ঠানে অতিথিদের বক্তব্যের এক পর্যায়ে ইংরেজি বিভাগের জার্নাল 'ব্রিকোলাজ'-এর মোড়ক উন্মোচন করা হয়। শেষে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়।

## আজকের বিশ্ব শিক্ষা ও জ্ঞানের বিশ্ব

১৪ পৃষ্ঠার পর

ওবিই কারিকুলাম : কম্পিউটেশন অব সিও-পিও অ্যাটেইনমেন্ট' অনুষ্ঠিত হয়েছে। ৩০ মে ২০২৩, দিনব্যাপী অনুষ্ঠিত এই কর্মশালায় সভাপতিত্ব করেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী, একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ ও প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের স্ট্রাটেজিক প্ল্যানিং এন্ড কোয়ালিটি অ্যাসিওরেন্স ডিভিশনের পরিচালক ড. দুর্গা রানী সরকার, আইকিউএসি-প্রিমিয়ার ইউনিভার্সিটির পরিচালক প্রফেসর ড. তৌফিক সাঈদ। এছাড়া আরও উপস্থিত ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, রেজিস্ট্রার জনাব খুরশিদুর রহমান, আইকিউএসি-প্রিমিয়ার ইউনিভার্সিটির অতিরিক্ত পরিচালক প্রফেসর এম. মঈনুল হক ও মো. ইফতেখার মনির, কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম, বিভাগীয় চেয়ারম্যান ও শিক্ষকবৃন্দ এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের স্ট্রাটেজিক প্ল্যানিং এন্ড কোয়ালিটি অ্যাসিওরেন্স ডিভিশনের উপ-পরিচালক জনাব বিষ্ণু মল্লিক। সভাপতির বক্তব্যে উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন বলেন, আজকের বিশ্ব শিক্ষা ও জ্ঞানের বিশ্ব। যে-জাতি যতবেশি শিক্ষিত হবে, সে-জাতি উন্নতির দিক দিয়ে ততবেশি এগিয়ে যাবে। ১৭৫৭ সালে ব্রিটিশরা বাংলা দখল করে প্রায় ১৯০ বছর শাসন করেছিল। এছাড়া তারা পৃথিবীর আরও অনেক দেশ শাসন করেছে। কারণ তাদের জ্ঞানের জোর ছিল, প্রযুক্তির জোর ছিল।

তিনি আরও বলেন, একটি দেশের ৮৫ শতাংশ সম্পদ হচ্ছে মানবসম্পদ। দ্বিতীয় বিশ্বযুদ্ধে জাপান ও জার্মানী পরাস্ত ও ধ্বংস হওয়া সত্ত্বেও এই দুটো দেশের মানুষ জ্ঞান ও প্রযুক্তির উপর ভিত্তি করে দুটো দেশকে অনেকদূর এগিয়ে নিয়ে গেছে। তিনি বলেন, আমাদের সেই জ্ঞান অর্জন করতে হবে, যে-জ্ঞান অর্জন করলে খুব দ্রুত আমাদের দেশের উন্নতি ঘটানো যাবে। ড. সেন ইউজিসিকে অনুরোধ করেন দেশের যোগ্য বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোকে যেন এমফিল ও পিএইচডি গবেষণা করার অধিকার দেওয়া হয়। কারণ গবেষণার মাধ্যমে জ্ঞান সৃষ্টি হয়, দেশ এগিয়ে যায়। বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের স্ট্রাটেজিক প্ল্যানিং এন্ড কোয়ালিটি অ্যাসিওরেন্স ডিভিশনের পরিচালক ড. দুর্গা রানী সরকার তাঁর বক্তব্যে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে স্মরণ করে বলেন, বঙ্গবন্ধুর ক্যারিশমাটিক নেতৃত্বে আমরা স্বাধীন বাংলাদেশ পেয়েছি। তিনি বলেন, দেশে বিশ্ববিদ্যালয় বাড়ছে। বর্তমানে বেসরকারি বিশ্ববিদ্যালয়ের সংখ্যা ১১২ এবং পাবলিক বিশ্ববিদ্যালয়ের সংখ্যা ৫৩। এই বিশ্ববিদ্যালয়সমূহে শিক্ষার্থীর সংখ্যা প্রায় ৪৪ লাখ। এদের প্রপার ইডুকেশন দেওয়ার জন্য ইউজিসি যে-পদক্ষেপসমূহ নিয়েছে, সেসবের অংশ ওবিই কারিকুলাম। আইকিউএসি-প্রিমিয়ার ইউনিভার্সিটির পরিচালক প্রফেসর ড. তৌফিক সাঈদ কীভাবে পাঠ পরিকল্পনা করতে হয়, পরীক্ষার খাতা মূল্যায়ন করতে হয় এবং কোর্স আউটকাম-প্রোগ্রাম আউটকাম অ্যাটেইন ও ডকুমেন্টেশন করতে হয়, সেসব ব্যাপারে বিস্তারিত আলোচনা করেন। তিনি বলেন, যুগের সঙ্গে তাল মিলিয়ে শিক্ষাদান করা ও শিক্ষার্থীদের তৈরি করাই ওবিই কারিকুলামের উদ্দেশ্য।

## প্রিমিয়ার ইউনিভার্সিটি ও বিআইটিএম, বেসিস-এর মধ্যে এমওইউ চুক্তি স্বাক্ষরিত




প্রিমিয়ার ইউনিভার্সিটির ছাত্র-ছাত্রী ও চট্টগ্রাম অঞ্চলের প্রযুক্তি শিক্ষার্থীদের উন্নত ক্যারিয়ার গঠনের জন্য প্রিমিয়ার ইউনিভার্সিটিতে পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স পরিচালনা করা হবে। পরিচালনা করবে প্রিমিয়ার ইউনিভার্সিটি ও বিআইটিএম (বেসিস ইন্সটিটিউট অব ট্রেনিং এন্ড ম্যানেজমেন্ট), বেসিস। এ ব্যাপারে বিআইটিএম, বেসিস এবং প্রিমিয়ার ইউনিভার্সিটির মধ্যে একটি সমঝোতা স্মারক চুক্তি (এমওইউ) ১৫ অক্টোবর ২০২৩, সম্পন্ন হয়েছে। প্রিমিয়ার ইউনিভার্সিটির জিইসি মোড়স্থ ক্যাম্পাসে এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী ও শিক্ষায় একুশে পদকপ্রাপ্ত প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। এসময় উপস্থিত ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, মাননীয় ট্রেজারার প্রফেসর ড. তৌফিক সাঈদ, রেজিস্ট্রার জনাব খুরশিদুর রহমান, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারম্যান সহযোগী অধ্যাপক ড. সাহীদ মো. আসিফ ইকবাল, বেসিসের সিনিয়র ভাইস প্রেসিডেন্ট সামিরা জুবেরি হিমিকা, বিআইটিএম-এর ট্রেনিং কোঅর্ডিনেটর খালেদা বেগম ও অ্যাসিসটেন্ট ম্যানেজার (কোঅর্ডিনেশন এন্ড কোলাবরেশন) মো. মোফাজ্জল হোসাইন। এমওইউতে স্বাক্ষর করেন প্রিমিয়ার ইউনিভার্সিটির পক্ষে রেজিস্ট্রার জনাব খুরশিদুর রহমান এবং বিআইটিএম, বেসিসের পক্ষে বেসিসের সিনিয়র ভাইস প্রেসিডেন্ট সামিরা জুবেরি হিমিকা। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন বলেন, প্রিমিয়ার ইউনিভার্সিটির শিক্ষার্থীদের জন্য পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স অত্যন্ত গুরুত্বপূর্ণ। বিশেষ করে টেকনোলজির অগ্রগতি জানার জন্য এবং সেই সঙ্গে উপযুক্ত দক্ষতা অর্জনের জন্য এই কোর্সগুলো প্রিমিয়ার ইউনিভার্সিটির ছাত্র-ছাত্রীদের ও চট্টগ্রাম অঞ্চলের প্রযুক্তি শিক্ষার্থীদের চাকরির ক্ষেত্রে অগ্রণী ভূমিকা পালন করবে।

### বর্তমান বিশ্ব বিজ্ঞান ও প্রযুক্তির বিশ্ব

*১৫ পৃষ্ঠার পর*

কাজী শামীম সুলতানা নতুন শিক্ষার্থীদের বলেন, আজকের প্রোগ্রামের উদ্দেশ্য হলো, ক্যাম্পাস জীবনে যেন তোমরা নিজেদের সহজে মানিয়ে নিতে পারো, সে-ব্যাপারে দিক-নির্দেশনা দেওয়া। কারণ স্কুল-কলেজের যে-শিক্ষাঙ্গন, তার সঙ্গে বিশ্ববিদ্যালয়ের অনেক পার্থক্য রয়েছে। তোমরা এখানে বিশ্ববিদ্যা অর্জনের জন্য এসেছো। এটা তোমাদের জীবনের এক নতুন অধ্যায়ের সূচনা। তিনি আরও বলেন, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং পড়তে হলে গণিত, যুক্তি ও পদার্থবিদ্যায় গুরুত্ব দিতে হবে। তিনি কম্পিউটার বিজ্ঞানের ইতিহাস বর্ণনা করেন। মাননীয় ট্রেজারার প্রফেসর ড. তৌফিক সাঈদ বলেন, নবীন শিক্ষার্থীদের আগামী চার বছর গর্জনমুখর রাতের মতো। গর্জনমুখর রাত সুন্দর সকালের জন্ম দেয়। তারা যদি আগামী চার বছর ভালোভাবে অধ্যয়ন করতে পারে, তবে তারা ভালো ফলাফল অর্থাৎ সুন্দর সকাল দেখতে পাবে। সভাপতির বক্তব্যে বিভাগের চেয়ারম্যান ড. সাহীদ মো. আসিফ ইকবাল কো-কারিকুলার এক্টিভিটিস ও এক্সট্রা কারিকুলার এক্টিভিটিসের গুরুত্ব তুলে ধরেন। অনুষ্ঠান সঞ্চালনা করেন বিভাগের সহকারী অধ্যাপক সৈয়দ মিনহাজ হোসাইন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিভাগের সহকারী অধ্যাপক কিংশুক ধর, ফারহানা শিরিন চৌধুরী, আসমা জোসিতা তৃষা, প্রভাষক আদিবা ইভনাত হোসাইন, কাজী আবরার ইয়াছির ও সৌরভ অধিকারী। এছাড়া উপস্থিত ছিলেন ৪৪তম ব্যাচের প্রায় ২৫০জন নবীন শিক্ষার্থী ও তাদের অভিভাবকবৃন্দ।

### প্রিমিয়ার ইউনিভার্সিটিতে বসন্ত উৎসব উদ্‌যাপিত

*২য় পৃষ্ঠার পর*

তুলে দূর করতে পারি। তিনি আরও বলেন, বসন্ত উদযাপনের আরেকটি ঐতিহ্যবাহী অনুষঙ্গ হলো পিঠাপুলি উৎসব। এর মাধ্যমে আমরা ঐতিহ্য সংরক্ষণ করতে পারি, একই সঙ্গে স্মরণ করতে পারি আমাদের পূর্বপুরুষের সংস্কৃতি। ঐতিহ্য সংরক্ষণের পাশাপাশি প্রকৃতি সংরক্ষণেরও বিশেষ প্রয়োজন আছে। আসলে প্রকৃতি সংরক্ষণের মাধ্যমে আমরা জীবনের ভারসাম্য রক্ষা করতে পারি। আজকের উৎসব শিক্ষার্থীদের বৃক্ষ ও প্রকৃতির প্রতি ভালোবাসা ও দায়িত্ববোধ তৈরি করতে সহায়তা করবে এবং সংবেদনশীল হতে শেখাবে। কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম বলেন, আমাদের আচার-আচরণ যেন প্রকৃতির সাথে সামঞ্জস্যপূর্ণ হয় এবং প্রকৃতিকে যেন আমরা সম্মান করি। বসন্তের ছোঁয়ায় আমরাও নতুন উদ্যমে যেন জেগে উঠি। বসন্ত উৎসবে পিঠা, গহনা ও বৃক্ষচারা প্রদর্শনী ছিল। পিঠা প্রদর্শনীতে ছিল নকশি পিঠা, সাঁজ পিঠা, পাকন পিঠা, চায়না গ্রাম পুডিং, আতিক্কা পিঠা, কলা পিঠা, বড়া, মধুভাত, দুধপুলি, ঝিনুক পিঠা, ঝাল ফুল পিঠা, ছাচ পিঠা, ফুলকপির পাকোড়া ও দুধচিতই। বৃক্ষচারা প্রদর্শনীতে ছিল কিছু বিদেশি চারা, যেগুলো বাংলাদেশের মাটিতে রোপন করার যোগ্য। এসব চারার মধ্যে রয়েছে বিভিন্ন ধরনের সাকুল্যান্ট। খেলাধুলা, গান ও নৃত্যের আয়োজনের পরে বসন্ত উৎসবের সমাপ্তি ঘটে।

## প্রিমিয়ার ইউনিভার্সিটি গণিত বিভাগে কর্মশালা অনুষ্ঠিত



সম্প্রতি প্রিমিয়ার ইউনিভার্সিটি গণিত বিভাগের আয়োজনে এবং আইকিউএসি'র সহযোগিতায় বিভাগের শিক্ষক-শিক্ষার্থীদের নিয়ে দ্বিমাসিক কলোকুইয়ামের অংশ হিসেবে অনুষ্ঠিত হল এক প্রশিক্ষণ কর্মশালা। বিশ্ববিদ্যালয়ের দামপাড়াস্থ একাডেমিক ভবনে বিভাগের কম্পিউটার ল্যাবে 'লেটেক: এ সায়েন্টিফিক ডকুমেন্ট প্রিপারেশন টুল' শিরোনামে অনুষ্ঠিত কর্মশালায় রিসোর্স পারসন হিসেবে উপস্থিত থেকে লেটেকের উপর প্রশিক্ষণ প্রদান করেন বিভাগের চেয়ারম্যান মোহাম্মদ ইফতেখার মনির। সকল অংশগ্রহণকারীকে দিয়ে উইন্ডোজ অপারেটিং সিস্টেমের জন্য ওপেন সোর্স টেক ডিস্ট্রিবিউশন মিকটেক, লেটেক আইডিই টেকস্টুডিও এবং পিডিএফ রিডার সুমাত্রা পিডিএফ ইন্সটলেশন করানোর মধ্য দিয়ে প্রশিক্ষণের সূচনা করেন মোহাম্মদ ইফতেখার মনির। এরপর পর্যায়ক্রমে তিনি লেটেক ইনপুট এবং আউটপুট ফাইল, ডকুমেন্ট ক্লাস, নিউ ফাইল, ক্লাসসমূহের টেমপ্লেট, ইনপুট ফাইলের প্রিএম্বল এবং ডকুমেন্ট অংশের সাথে পরিচিতি, টেবল অব কনটেন্ট, পার্ট, চেপ্টার, সেকশন, সাবসেকশন ইত্যাদি তৈরি এবং এই সকল অংশের অধিনে সাধারণ টেক্সট প্রদান ও এডিটিং, গাণিতিক সমীকরণ লেখা, টেবল তৈরি, ফরমেটিং ইত্যাদির উপর বিস্তারিত আলোচনা করেন। কমান্ড, গ্রুপ এবং এনভায়রনমেন্ট তৈরির মাধ্যমে ডকুমেন্ট প্রস্তুতির উপর হাতে কলমে প্রশিক্ষণ প্রদান করেন রিসোর্স পারসন ইফতেখার মনির। বিভাগের পরবর্তী কলোকুইয়ামে লেটেকে গ্রাফিক্স এবং বিবলিওগ্রাফি ম্যানেজমেন্ট নিয়ে আলোচনা করার প্রত্যাশা ব্যক্ত করে প্রশিক্ষণ সমাপ্ত করেন ইফতেখার মনির। বিভাগের শিক্ষক মামুন-অর-রশিদের সভাপতিত্বে এই কর্মশালায় গণিত অনার্স এবং মাস্টার্স প্রোগ্রামসমূহের কেক্সটন কোর্সের শিক্ষার্থী এবং বিভাগের শিক্ষকবৃন্দ অংশগ্রহণ করেন। *দৈনিক আজাদী, ১১-০৯-২০২৩, পৃষ্ঠা: ০৩*

### প্রিমিয়ার ইউনিভার্সিটিতে আমেরিকান শিক্ষামেলা

*৭ পৃষ্ঠার পর*

বিশ্ববিদ্যালয়ের আমেরিকান প্রতিনিধিরা আগত শিক্ষার্থীদের বিভিন্ন প্রশ্নের জবাব দেন, কীভাবে এসব বিশ্ববিদ্যালয়ে ছাত্র-ছাত্রীরা ভর্তি হতে পারেন এবং তাদের শিক্ষা কার্যক্রম চালাতে পারেন। মেলার সার্বিক তত্ত্বাবধানে ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির ইংরেজি বিভাগের চেয়ারম্যান সাদাত জামান খান।

## প্রিমিয়ার ইউনিভির্সিটি স্থাপত্য বিভাগের ১১ তম ব্যাচের জুরি সম্পন্ন



৩০ মে ২০২৩, প্রিমিয়ার ইউনিভির্সিটি স্থাপত্য বিভাগের ১১ তম ব্যাচের জুরি সম্পন্ন হয়েছে। সকল শিক্ষার্থীর প্রজেক্ট অত্যন্ত পুঙ্খানুপুঙ্খভাবে যাচাই করা হয়। এই ব্যাচ থেকে মোট ১৪ জন জুরিতে অংশ নেয়। এই জুরিতে এক্সটার্নাল জুরার হিসেবে উপস্থিত ছিলেন স্ট্যামফোর্ড বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য ও ইন্সটিটিউট অব আর্কিটেক্টস (আইএবি)-এর বর্তমান ভাইস-প্রেসিডেন্ট প্রফেসর স্থপতি মোহাম্মদ আলী নকি এবং চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের স্থাপত্য বিভাগের বিভাগীয় প্রধান সহযোগী অধ্যাপক স্থপতি কানু কুমার দাস। এছাড়াও উপস্থিত ছিলেন প্রিমিয়ার ইউনিভির্সিটির স্থাপত্য বিভাগের চেয়ারম্যান প্রফেসর স্থপতি সোহেল এম শাকুর, ২১ পৃষ্ঠার ১ম কলাম

## অধ্যাপক ড. তৌফিক সাঈদকে প্রিমিয়ার ইউনিভার্সিটির ট্রেজারার পদে নিয়োগ



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মহামান্য রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এর ৩৩ (১) ধারা অনুযায়ী প্রিমিয়ার ইউনিভার্সিটি'র ট্রেজারার পদে অধ্যাপক ড. তৌফিক সাঈদকে নিয়োগ প্রদান করেছেন। অধ্যাপক ড. তৌফিক সাঈদ আগামী ৪ বছর এই পদে দায়িত্ব পালন করবেন। ড. তৌফিক সাঈদ সিলেট শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় থেকে ২০০০ সালে বিএসসি ইঞ্জিনিয়ারিং ও ২০০৬ সালে সুইডেনের স্টকহোমের রয়েল ইনস্টিটিউট অব টেকনোলজি (কেটিএইচ) থেকে 'ইনফরমেশন টেকনোলজি স্পেশালাইজড ইন ইন্টার‍্যাকটিভ সিস্টেমস' মেজরের ওপর এমএসসি ডিগ্রি অর্জন করেন। ২০১৫ সালে তিনি স্পেনের বার্সেলোনার ইউনিভার্সিটাট পলিটেকনিকা দো কাটালুনিয়া (ইউপিসি) এবং অস্ট্রিয়ার আলপেন-আড্রিয়া ইউনিভার্সিটাট ক্লাগেনফার্ট (এএইউ) থেকে 'ইন্টার‍্যাক্টিভ এন্ড কোগনিটিভ এনভাইরোনমেন্টস' মেজরের ওপর পিএইচডি ডিগ্রি লাভ করেন। ২০০২ সালে তিনি প্রিমিয়ার ইউনিভার্সিটির কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেছিলেন। ২০০৫ সালে তিনি সহকারী অধ্যাপক, ২৭ পৃষ্ঠার ২য় কলাম

## বিশ্ব-ইতিহাসে এই দুর্বৃত্তরা চিরকাল ঘৃণিত হয়ে থাকবে

২য় পৃষ্ঠার পর

বক্তব্যে বলেন, বাঙালি জাতিসত্তা কয়েক হাজার বছরের। বহু বর্ণের সমন্বয়ে এই জাতিসত্তা গড়ে উঠে। তিনি বলেন, বাংলা ভাষাভাষি বাঙালির হাজার বছরের ইতিহাসে ১৯৭১ সালের ২৬ মার্চেই বাঙালি প্রথম স্বাধীনতা অর্জন করে। ১৯০ বছরের ব্রিটিশ শাসনের অবসানে পাকিস্তান রাষ্ট্রের সৃষ্টি হলে পূর্ব পাকিস্তান বা বাংলাদেশ যথার্থ অর্থে স্বাধীনতা পায় নি। পশ্চিম পাকিস্তানের নিবিড় ঔপনিবেশিক শাসনের শৃঙ্খলে আবদ্ধ হয়। এই শোষণ ছিল তীব্র ও নিষ্ঠুর। পূর্ব পাকিস্তান বা বাংলাদেশের সম্পদেই পশ্চিম পাকিস্তান গড়ে উঠে। সেই সময় পাকিস্তানের প্রধান অর্থকরি ফসল ছিল পাট। পশ্চিম পাকিস্তানের আমদানি তার রপ্তানির চেয়ে অনেকগুণ বেশি ছিল। পূর্ব পাকিস্তানের আমদানি তার রপ্তানির চেয়ে অনেক কম ছিল। এই আমদানির উদ্বৃত্ত দিয়ে পশ্চিম পাকিস্তানের শিল্প-কলকারখানা, কেন্দ্রীয় রাজধানীর বেসামরিক ব্যয় ও বিশাল সামরিক ব্যয় নির্বাহ করা হতো। ড. সেন আরও বলেন, এই পরাধীন বাঙালিকে অর্থনৈতিক মুক্তি দেওয়ার জন্য বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৬৬ সালে ৬ দফা ঘোষণা করেন। তারই পথ ধরে ১৯৭১ সালের ২৬ মার্চের প্রথম প্রহরে সূচিত হয় মুক্তিযুদ্ধ, বঙ্গবন্ধু ঘোষণা করেন স্বাধীনতা।

প্রফেসর ড. অনুপম সেন উল্লেখ করেন, ১৯৭৫ সালের ১৫ আগস্ট জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে সপরিবারে হত্যা করা হয়েছে। তাই আগস্ট হলো বাংলার আকাশ-বাতাস ও প্রকৃতির অশ্রুসিক্ত হওয়ার মাস। পাকিস্তানপন্থি একদল দুর্বৃত্ত সপরিবারে বঙ্গবন্ধুকে হত্যা করে বাংলাদেশকে করেছে কলঙ্কিত। এই কলঙ্ক অমোচনীয়। বিশ্ব-ইতিহাসে এই দুর্বৃত্তরা চিরকাল ঘৃণিত হয়ে থাকবে। তিনি বঙ্গবন্ধুর আন্দোলন-সংগ্রামের ইতিহাস বর্ণনা করেন। তিনি 'ভাষা আন্দোলনের পথ ধরেই আমাদের পরবর্তী সমস্ত সংগ্রাম' উল্লেখ করে বলেন, বঙ্গবন্ধু সুদীর্ঘ ২৩ বছর বাঙালির অধিকারের জন্য আন্দোলন করেছিলেন। এই আন্দোলন তিনি কোনো পর্যায়েই বিসর্জন দিতে রাজি হননি, এমনকি প্রধানমন্ত্রী পদের বিনিময়েও নয়। সে-কারণেই পাকিস্তানের শাসকচক্র তাঁকে এবং বাঙালিদের স্তব্ধ করার জন্য শেষ পর্যন্ত সামরিক অস্ত্রের ভাষাই প্রয়োগ করে ১৯৭১-এর ২৫ মার্চ। নিরস্ত্র বাঙালির উপর নেমে আসে অস্ত্রের ঘৃণ্যতম আঘাত। নয় মাস নিঃশেষে প্রাণ বিলিয়ে দিয়ে, স্বাধীনতার বেদীমূলে ত্রিশ লক্ষ প্রাণ উৎসর্গ করেই বাঙালি এক মৃত্যুঞ্জয়ী সংগ্রামের মাধ্যমে অর্জন করে তার হাজার বছরের ইতিহাসের প্রথম-প্রকৃত-স্বাধীনতা।

বাদে জোহর প্রিমিয়ার ইউনিভার্সিটির কেন্দ্রীয় জামে মসজিদে জাতির জনকের আত্মার শান্তি কামনায় দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে 'ইলেকট্রিক্যাল এন্ড ফায়ার হ্যাজার্ডস প্রিভেনশন এন্ড রেসপন্স' শীর্ষক কর্মশালা

৩য় পৃষ্ঠার পর

সৃষ্টি করবে। রিসোর্স পারসন মোহাম্মদ আল-আমিন এবং স্তাবক দাশ আগুনের সংজ্ঞা, অগ্নিকাণ্ডের প্রকারভেদ, কোথায়-কী কারণে অগ্নিকাণ্ড হলো তার নোটিফিকেশন ও অ্যালার্ম, অগ্নিকাণ্ড নির্বাপন ও অগ্নিকাণ্ড থেকে প্রতিরক্ষার পদ্ধতি (যেমন, ওয়াটার টাইপ এক্সটিংগুইশার, ড্রাই কেমিক্যাল পাউডার টাইপ এক্সটিংগুইশার, কার্বনডাই অক্সাইড টাইপ এক্সটিংগুইশার), ফায়ার পাম্প, বৈদ্যুতিক নিরাপত্তা, বিদ্যুতের প্রকৃতি, বৈদ্যুতিক শক, বিদ্যুৎ বিস্ফোরণ, বৈদ্যুতিক তারের অনিরাপদ স্থাপন, বৈদ্যুতিক সরঞ্জামের সঠিক ব্যবহার, পারসোনাল প্রোটেকটিভ ইকুইপমেন্ট ব্যবহার প্রভৃতি বিষয়ে বর্ণনা করেন। তাঁরা বলেন, অগ্নিকাণ্ড নির্বাপন ও অগ্নিকাণ্ড থেকে প্রতিরক্ষার পদ্ধতি ব্যবহারে জীবনের নিরাপত্তা বজায় থাকে, সম্পদ রক্ষা হয়, প্রতিষ্ঠানের ব্র্যান্ডিং ও প্রোমোটিং হয় এবং মানসিক প্রশান্তি থাকে। ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারম্যান জনাব টুটন চন্দ্র মল্লিক বলেন, এই কর্মশালায় অংশগ্রহণকারীরা অগ্নিকাণ্ড প্রতিরোধে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারবে। কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের সহযোগী অধ্যাপক ড. সাহিদ মো. আসিফ ইকবাল এই কর্মশালাকে প্রিমিয়ার ইউনিভার্সিটির জন্য অত্যন্ত প্রয়োজনীয় বলে উল্লেখ করেন।

## প্রিমিয়ার ইউনিভার্সিটির ব্যবসায় প্রশাসন বিভাগে 'ম্যানেজারিয়েল অ্যাকাউন্টিং-এ প্র্যাকটিক্যাল ইমপ্লিকেশন' শীর্ষক প্রদর্শনী



প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ ভবনে ব্যবসায় প্রশাসন বিভাগের উদ্যোগে 'ম্যানেজারিয়েল অ্যাকাউন্টিং-এ প্র্যাকটিক্যাল ইমপ্লিকেশন' শীর্ষক প্রদর্শনীর আয়োজন করা হয়েছে। ২৯ মে ২০২৩, আয়োজিত এই প্রদর্শনী উদ্বোধন করেন ব্যবসায় শিক্ষা অনুষদের অ্যাডজাঙ্কট ডিন প্রফেসর একেএম তফজল হক। এসময় উপস্থিত ছিলেন ব্যবসায় প্রশাসন বিভাগের অধ্যাপক অমল ২১ পৃষ্ঠার ২য় কলাম

## প্রত্যক্ষ সাম্রাজ্যবাদী ও ঔপনিবেশিক অর্থনীতির সমাপ্তি ঘটেছে

১২ পৃষ্ঠার পর

সভাপতিত্বে অনুষ্ঠানে প্রফেসর ড. অনুপম সেন আরও বলেন, প্রত্যক্ষ সাম্রাজ্যবাদী ও ঔপনিবেশিক অর্থনীতির সমাপ্তি ঘটলেও নব্য ঔপনিবেশিক অর্থনীতির অবসান ঘটেনি। উন্নয়নশীল দেশের সম্পদ নানাভাবে, নানা পথে লুণ্ঠন হয়ে যাচ্ছে। বিশ্বে এই পরোক্ষ শোষণ অব্যাহত থাকা সত্ত্বেও বাংলাদেশ উন্নয়নের একটি বিস্ময় হিসেবে বর্তমানে বিশ্বের নজর কেড়েছে। তিনি আরও বলেন, প্রত্যেকে জীব হিসেবে জন্মগ্রহণ করে। তারপর তাকে মানুষ হয়ে উঠতে হয়। অর্থনীতি মানুষকে মানুষ হওয়ার সুযোগ দেয়। এই সুযোগের ফলে অর্থাৎ স্বাস্থ্য, শিক্ষা, সংস্কৃতি ইত্যাদি অর্জনের মাধ্যমে একজন শিশু মানুষ হয়ে উঠে। বিভাগের শিক্ষার্থী মো. ইফতেখার চৌধুরী আবির ও ইমু দত্তের সঞ্চালনায় অনুষ্ঠানে উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা নবীন শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, কেবলমাত্র অর্থনীতি নয়, সমাজবিজ্ঞানের ছাত্র হিসেবেও তাদের সামাজিক সমস্যা দূরিকরণে ভূমিকা রাখতে হবে। কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম বাংলাদেশের অর্থনৈতিক ব্যবস্থাপনার গতি-প্রকৃতি সম্পর্কে বর্ণনা করে বলেন, জ্ঞানের শক্তির চেয়ে বড়ো শক্তি নেই। যে-দেশ জ্ঞানে যত বিকশিত, সে-দেশ অর্থনীতিতে তত সমৃদ্ধ। সভাপতির বক্তব্যে ফারজানা ইয়াসমিন চৌধুরী বলেন, অর্থনীতি বিষয়ক জ্ঞান কাজে লাগিয়ে মানবিক বিশ্ব গড়ে তোলায় বিভাগের শিক্ষার্থীদের জড়িত হতে হবে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিভাগের সহকারী অধ্যাপক বিদ্যুৎ কান্তি নাথ, সহকারী অধ্যাপক বদরুল হাসান আউয়াল, সহকারী অধ্যাপক অর্পিতা দত্ত, সহকারী অধ্যাপক উম্মে সালমা, সহকারী অধ্যাপক ফারিয়া হোসেন বর্ষা, সহকারী অধ্যাপক সুদীপ দে ও বিভাগের শিক্ষার্থীরা। শেষে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করা হয়।

## প্রিমিয়ার ইউনিভার্সিটির তড়িৎ প্রকৌশল বিভাগে 'পিসিবি ডিজাইন ও ফেব্রিকেশন' শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত

৯ পৃষ্ঠার পর

বলে আমি মনে করি। আজকের এই কর্মশালায় তোমরা তোমাদের নিজেদের তৈরি করা সার্কিট বোর্ড কীভাবে মানুষের ব্যবহারের উপযোগী করবে, মানুষের কাছে পৌঁছে দেওয়ার মত একটা প্রোডাক্টে রূপান্তর করবে সেই জিনিস তোমরা শিখতে পেরেছো বলে আমি মনে করি। সভাপতি টুটন চন্দ্র মল্লিক বলেন, বর্তমান বিশ্বে সার্টআপ কালচার অনেক বেশি প্রচলিত, যা শিক্ষার্থীরা পড়ালেখার পাশাপাশি করে থাকে। এই ইঞ্জিনিয়ারিং সার্টআপগুলোর একটি মূল বাধা হচ্ছে, একটি প্রজেক্টকে কীভাবে প্রোডাক্টে পরিণত করা যায়। আর প্রোডাক্ট পর্যন্ত তৈরি করার সবচাইতে বড় বাধা হচ্ছে পিসিবি বানানো, যা আজ তোমরা হাতে-কলমে শিখলে। আমি বিশ্বাস করি, আজকের এই কর্মশালার পর নিজেরাই ছোট ছোট প্রজেক্টের পিসিবি তৈরি করতে পারবে এবং নিজের দক্ষতাকে বৃদ্ধি করতে পারবে। কর্মশালার প্রশিক্ষক উচ্ছ্বাস দেবনাথ কর্মশালার বিভিন্ন অংশে সার্কিট ডিজাইন, সেই সার্কিট থেকে কীভাবে পিসিবি লেআউট তৈরি করতে হয়, পিসিবি লেআউটের প্রিন্ট করতে হয়, সেই প্রিন্টেড সার্কিট বোর্ডে কীভাবে বিভিন্ন কম্পনেন্ট কানেকশন দিতে হয়, সেই বিষয়ে হাতে-কলমে প্রশিক্ষণ প্রদান করেন। বিভাগের প্রভাষক রাহুল চৌধুরীর তত্ত্বাবধানে কর্মশালায় আরও উপস্থিত ছিলেন সহকারী অধ্যাপক সাইফুদ্দিন মুন্না, সহকারী অধ্যাপক হেলাল উদ্দিন, সহকারী অধ্যাপক আকরামুল হক, প্রভাষক সুজন চৌধুরীসহ বিভাগের অন্যান্য শিক্ষক-শিক্ষিকামণ্ডলী। শেষে শিক্ষার্থী ও প্রশিক্ষকের মাঝে সনদপত্র ও পুরস্কার বিতরণ করেন অতিথিবৃন্দ।

## প্রিমিয়ার ইউনিভিার্সিটি স্থাপত্য বিভাগের ১১ তম ব্যাচের জুরি সম্পন্ন

২০ পৃষ্ঠার পর

আইএবি চট্টগ্রাম চ্যাপ্টারের ভাইস চেয়ারম্যান স্থপতি ফারুক আহমেদ, সিনিয়র স্থপতি বিধান চন্দ্র বড়ুয়া ও স্থাপত্য বিভাগের শিক্ষক-শিক্ষিকামণ্ডলি। জুরির এক পর্যায়ে ছাত্রছাত্রীদের অনুপ্রেরণা জোগাতে বেশ কিছুসময় জুরি প্রত্যক্ষ করেন প্রিমিয়ার ইউনিভির্সিটির মাননীয় উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন, মাননীয় উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা ও রেজিস্ট্রার জনাব খুরশিদুর রহমান প্রমুখ। জুরি শেষে আমন্ত্রিত জুরারগণ সন্তোষ প্রকাশ করেন। প্রফেসর স্থপতি মোহাম্মদ আলী নকি বলেন, প্রজেক্টগুলো দেখে মনে হচ্ছে স্থাপত্য বিভাগের পাঠদানের প্রসেস ঠিক আছে। শিক্ষক শিক্ষিকাগণ খুব আন্তরিকতার সাথে যথাযথভাবে শিক্ষার্থীদের গাইড করছেন। তাই ফলাফল খুবই চমৎকার দেখা যাচ্ছে। স্থপতি কানু কুমার দাস বলেন, অন্যান্য ভালো স্থাপত্য স্কুলগুলোর সাথে পাল্লা দেবার মতোই কাজের কোয়ালিটি, কয়েকটি প্রজেক্ট খুবই উঁচুমানের হয়েছে। সকলের সাথে আমিও আজ বেশ কিছু ভালো অভিজ্ঞতা নিয়ে যাচ্ছি। পরিশেষে জুরারগণ সকল শিক্ষার্থী ও শিক্ষকদের শুভেচ্ছা জ্ঞাপন করেন ও বিভাগের উত্তরোত্তর সাফল্য কামনা করেন। বিভাগের চেয়ারম্যান প্রফেসর স্থপতি সোহেল এম শাকুর জুরারদের ধন্যবাদ জানান এবং ভবিষ্যতে বিভাগের উন্নতিতে বিশেষত আইএবি অ্যাক্রেডিটেশন পেতে তাদের সহযোগিতা পাবেন বলে আশাবাদ প্রকাশ করেন।

## নজরুল তাঁর বিদ্রোহকে মহাবিদ্রোহে রূপ দিয়েছিলেন

*৭ম পৃষ্ঠার পর*

সাদাত জামান খান। উপস্থিত ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা। প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন বলেন, প্রাচীনকাল থেকে এদেশে বিদেশিরা এসেছে। এদেশে আর্য এসেছে, পাঠান এসেছে, মোঘল এসেছে, হুন এসেছে। তারা এখানে এসে একসঙ্গে লীন হয়েছে। এদেশে ব্রিটিশরাও এসেছিল। তবে এখানে আসা অন্যদের সঙ্গে তারা লীন হয় নি, এদেশের বাসিন্দা হয় নি। তারা ১৭৫৭ সালে এদেশ দখল করে নেয় এবং তিন বছরের মধ্যে এদেশ থেকে তৎকালীন ৫০০কোটি পাউন্ডের সম্পদ লুণ্ঠন করে এবং সেই সম্পদ দিয়ে ১৭৬০ দশকে ইংল্যান্ডে ১ম শিল্পবিপ্লব সংঘটিত করে। তাদের ঔপনিবেশিক শাসন ও লুণ্ঠন ১৯০ বছর চলেছিল। নজরুলের বিদ্রোহ ছিল এই ঔপনিবেশিক শাসন ও লুণ্ঠনের বিরুদ্ধে। উনবিংশ শতাব্দীতে ইংরেজদের ঔপনিবেশিক শাসন ও লুণ্ঠনের বিরুদ্ধে এদেশে জাতীয়তাবাদী স্বাধীনতা আন্দোলন গড়ে উঠে। নজরুল তাঁর বিভিন্ন কবিতা ও গানে এই আন্দোলনকে তুলে ধরেছিলেন। নজরুল তাঁর বিদ্রোহকে তাঁর কবিতা ও গানে মহাবিদ্রোহে রূপ দিয়েছিলেন।

ড. সেন আরও বলেন, নজরুল বিশ্বের অন্যতম শ্রেষ্ঠ স্বাধীনতার কবি। তাঁর সঙ্গে কেবলমাত্র তুলনা চলে হাইনের, কিছুটা বায়রনের। নেতাজী সুভাষ চন্দ্র বসু বলেছিলেন, আমরা যুদ্ধে ও জেলে যাওয়ার সময় নজরুলের কবিতা পড়বো, গান গাইবো। ড. সেন উল্লেখ করেন, নজরুল ইসলাম এই বিশ্বে সাম্যেরও একজন মহাসাধক। উদ্বোধকের বক্তব্যে কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম 'গ্লোকাল' শব্দের ব্যাখ্যা দিয়ে বলেন, নজরুলের চিন্তা ও দর্শনে দেশীয় ও বৈশ্বিক সংস্কৃতির সমন্বয় ঘটেছে। তিনি বাংলাদেশের স্বপ্নদ্রষ্টা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও কবি কাজী নজরুল ইসলামের চিন্তার ঐক্য তুলে ধরেন। তিনি নজরুলের 'বিদ্রোহী' কবিতা ও তাঁর বৈপ্লবিক চেতনা সম্পর্কে গুরুত্বপূর্ণ বিবরণ দেন। ম্যাসাচুসেটস ইউনিভার্সিটির প্রফেসর ড. উইন্সটন লেংলি তাঁর 'দ্য আইডিয়া অব পার্মানেন্ট রেভ্যুল্যশন' শীর্ষক প্রবন্ধে আমেরিকার স্থপতি টমাস জেফারসন, দার্শনিক কার্ল মার্ক্স, মাও সেতুং ও গান্ধীর বৈপ্লবিক চিন্তার সাথে নজরুলের বৈপ্লবিক চিন্তার স্বরূপ তুলে ধরেন। তিনি নজরুলের বৈপ্লবিক ভাবনাকে মানবতার স্থায়ী সম্পদ বলে অভিহিত করেন। তিনি নজরুলের 'বিদ্রোহী' কবিতা প্রসঙ্গে বলেন, বিদ্রোহ রাজনৈতিক, সামাজিক, অর্থনৈতিক ও সাংস্কৃতিক হতে পারে। এই বিদ্রোহ একটি ভূখণ্ডের বাইরেও ছড়িয়ে পড়তে পারে। কলম্বিয়া ইউনিভার্সিটির প্রফেসর ড. র‌্যাচেল ম্যাকডরমট তাঁর 'দ্যা ফেস অব মিসফরচুনঃ এক্সপ্লোরিং দ্য ট্র্যাডিশন অব এ ডিসিসড হিরো' শীর্ষক প্রবন্ধে নজরুলের যৌবন ও বার্ধক্যের অসংখ্য অলোকচিত্র তুলে ধরে তাঁর জীবন ও কর্মের ব্যাখ্যা দেন। নজরুলের কর্ম ও দর্শনের মধ্যেই অবচেতনভাবে অসাম্প্রদায়িক বাংলাদেশ ও জনগণের মুক্তির আকাঙ্ক্ষা বপন হয় বলে তাঁর প্রবন্ধে তিনি মত প্রকাশ করেন। সহকারী অধ্যাপক শান্তনু দাশের সঞ্চালনায় সেমিনারে সভাপতির বক্তব্যে প্রিমিয়ার ইউনিভার্সিটির ইংরেজি বিভাগের চেয়ারম্যান সাদাত জামান খান নজরুলকে অসাম্প্রদায়িক কবি হিসেবে তুলে ধরেন এবং তাঁর বিভিন্ন রচনা সম্পর্কে আলোকপাত করেন।

## প্রিমিয়ার ইউনিভার্সিটির ব্যবসায় প্রশাসন বিভাগে 'ম্যানেজারিয়েল অ্যাকাউন্টিং–এ প্র্যাকটিক্যাল ইমপ্লিকেশন' শীর্ষক প্রদর্শনী

২০ পৃষ্ঠার পর

ভূষণ নাগ, ব্যবসায় শিক্ষা অনুষদের সহকারী ডিন অধ্যাপক এম. মঈনুল হক, ব্যবসায় প্রশাসন বিভাগের সহকারী অধ্যাপক সুজন কান্তি বিশ্বাস, সহকারী অধ্যাপক জুলিয়া পারভিন, সহকারী অধ্যাপক সুলতানা রাজিয়া চৌধুরী, সহকারী অধ্যাপক আফসানা ইয়াসমিন, সহকারী অধ্যাপক স্টিভ অস্কার ডি রোজারিও, সহকারী অধ্যাপক মো. আহসান উদ্দিন, সহকারী অধ্যাপক শফায়তুন নাহার, সহকারী অধ্যাপক এ.কে.এম. নাসিম উদ্দিন, প্রভাষক সুমনা পোদ্দার, প্রভাষক নাঈমা নাজনিন চৌধুরী প্রমুখ।

উদ্বোধনী বক্তব্যে অ্যাডজাঙ্কট ডিন প্রফেসর একেএম তফজল হক বলেন, ম্যানেজারিয়েল অ্যাকাউন্টিং বিভিন্ন আর্থিক তথ্য প্রদানের মাধ্যমে সঠিক সময়ে সঠিক সিদ্ধান্ত নিতে সহায়তা করে। প্রতিষ্ঠানের মুনাফা বৃদ্ধিতে এর কার্যকর ভূমিকা রয়েছে। প্রতিষ্ঠানসমূহ ম্যানেজারিয়েল অ্যাকাউন্টিং-এর বিভিন্ন কৌশল অবলম্বন করে ভালো মুনাফা অর্জন করতে পারে। কৌশলগুলো কোম্পানি বা প্রতিষ্ঠানগুলোকে খরচ কমাতে সচেতন করে এবং সমস্ত অতিরিক্ত ব্যয় এড়াতে সহায়তা করে।

তিনি আরও বলেন, ম্যানেজারিয়েল অ্যাকাউন্টিং একটা প্রতিষ্ঠানের সম্পদের পর্যাপ্ত ব্যবহারের মাধ্যমে প্রতিষ্ঠানের সামগ্রিক দক্ষতা বৃদ্ধিতে সহায়ক ভূমিকা পালনে গুরুত্ব আরোপ করে।

## প্রিমিয়ার ইউনিভার্সিটি গণিত বিভাগে ডাটা সায়েন্সের উপর সেমিনার অনুষ্ঠিত



৩১ ডিসেম্বর ২০২২ তারিখে প্রিমিয়ার ইউনিভার্সিটি গণিত বিভাগের উদ্যোগে ও বিশ্ববিদ্যালয়ের আইকিউএসির সহযোগিতায় ডাটা সায়েন্সের উপর একটি সেমিনার অনুষ্ঠিত হয়। 'ডাটা সায়েন্স ইন দ্যা এইজ অব বিগ ডাটা' শিরোনামে এই সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন বিশ্বখ্যাত এইচ এন্ড এম গ্রুপের টেকনিক্যাল প্ল্যাটফর্ম, সুইডেন-এর পরিচালক ড. মিজবাহ উদ্দীন। সহকারী অধ্যাপক শাহরীনা আকতারের সভাপতিত্বে ও প্রভাষক রাজিব কর্মকারের সঞ্চালনায় সেমিনারে প্রধান অতিথি ছিলেন আইকিউএসির পরিচালক প্রফেসর ড. তৌফিক সাঈদ এবং আলোচক ছিলেন বিভাগের চেয়ারম্যান মোহাম্মদ ইফতেখার মনির। মূল প্রবন্ধে ড. মিজবাহ বিগ ডাটার পরিচয় তুলে ধরে এর সঠিক ব্যবস্থাপনার ক্ষেত্রে গণিত, পরিসংখ্যান, কম্পিউটার সায়েন্স, ইনফরমেশন সায়েন্স ইত্যাদির সমন্বয়ে ডাটা সায়েন্স ধারণার বিস্তারিত আলোচনা করেন। বিভাগের শিক্ষক এবং শিক্ষার্থীবৃন্দ সেমিনারে অংশগ্রহণ করেন। প্রশ্নোত্তর পর্বের মধ্য দিয়ে সেমিনারের সমাপ্তি ঘটে।

প্রিমিয়ার ইউনিভার্সিটির গণিত বিভাগে বর্ষাবরণ

## প্রকৃতিকে জয় করে নয়, প্রকৃতির সঙ্গে একাত্ম হয়ে বাঁচতে হবে




প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে গণিত বিভাগের উদ্যোগে 'বর্ষাবরণ ১৪৩০' উপলক্ষে বর্ণাঢ্য অনুষ্ঠানের আয়োজন করা হয়। ১৭ জুন ২০২৩, অনুষ্ঠিত এই অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী, একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ ও প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। বিশেষ অতিথি ছিলেন মাননীয় উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা। সভাপতিত্ব করেন গণিত বিভাগের চেয়ারম্যান জনাব ইফতেখার মনির। অনুষ্ঠান সঞ্চালনা করেন সহকারী অধ্যাপক জান্নাতুল ফেরদৌস।

প্রধান অতিথির বক্তব্যে প্রফেসর ড. অনুপম সেন বলেন, বর্ষার সঙ্গে আমাদের জীবনের যোগ খুবই গভীর। আমাদের দেশের শস্য বর্ষার উপর নির্ভর করে, যা আমাদের প্রকৃতি-নির্ভরতা প্রমাণ করে। বস্তুত শুধু আমাদের দেশ নয়, পুরো বিশ্বই প্রকৃতি-নির্ভর। তিনি বাংলাদেশে বর্ষার অসাধারণ রূপের বর্ণনা দেন। তিনি বর্ষা নিয়ে কালিদাস ও রবীন্দ্রনাথের রচিত কবিতার কথা তুলে ধরেন।

ড. সেন বলেন, প্রকৃতি ছাড়া মানুষ বাঁচতে পারে না। প্রকৃতির সঙ্গে খাপ খাইয়ে, প্রকৃতি যা দেয়, তা গ্রহণ করেই মানুষ জীবন অতিবাহিত করে। তিনি আরও বলেন, সভ্যতার শুরু থেকে মানুষ প্রকৃতিকে জয় করে বাঁচতে চায়। বস্তুত প্রকৃতিকে জয় করে নয়, প্রকৃতির সঙ্গে একাত্ম হয়ে বাঁচতে হবে। প্রকৃতিকে জয় করতে গেলে তা বিভিন্ন দুর্যোগ, যেমন, ঘূর্ণিঝড়, তাপদাহ, সুনামি ও খরার মাধ্যমে প্রত্যাঘাত করে।

উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা বলেন, আমরা যে-বিষয়ই পড়ি না কেন, ছয়ঋতুকে উপভোগ করি, উপভোগ করি বর্ষা। কারণ *৪ পৃষ্ঠার ২য় কলাম*

## প্রিমিয়ার ইউনিভার্সিটির অর্থনীতি বিভাগের 'Inflation and the Environment: An Econometric Analysis' শীর্ষক সেমিনার

*৫ পৃষ্ঠার পর*

অন্যতম একটি দেশ, যা জলবায়ু পরিবর্তন এবং বৈশ্বিক উষ্ণায়নের শিকার। এই দেশ কৃষি, শিল্প এবং জীবাশ্ম জ্বালানীর উপর নির্ভরশীল। বিশ্বের পাশাপাশি বাংলাদেশেও উষ্ণায়ন এবং পরিবেশ বিপর্যয় ঘটছে। অধিকন্তু কয়েক বছর ধরে এদেশে উচ্চ মূল্যস্ফীতি চলছে। এই প্রেক্ষাপটে এই গবেষণার মূল উদ্দেশ্য হলো, মুদ্রাস্ফীতির উপর পরিবেশ বিপর্যয় তথা কার্বন (CO2) নির্গমনের কোনো প্রভাব আছে কিনা যাচাই করা। পাশাপাশি অর্থনৈতিক প্রবৃদ্ধি, শস্য উৎপাদন এবং জীবাশ্ম জ্বালানীর ভোগের পরিবর্তনের ফলে মুদ্রাস্ফীতির পরিবর্তন কেমন তা পরীক্ষা করা। অর্থনৈতিক বিশ্লেষণের মাধ্যমে প্রাপ্ত ফলাফল থেকে দেখা যায়, দীর্ঘ মেয়াদে কার্বন (CO2) নির্গমন এবং মুদ্রাস্ফীতি এই দুটোর মধ্যে সরাসরি এবং উল্লেখযোগ্য সম্পর্ক রয়েছে। উষ্ণায়ন তথা কার্বন (CO2) নির্গমন যদি বাড়ে মুদ্রাস্ফীতি বাড়বে। অন্যদিকে কৃষি উৎপাদন এবং জীবাশ্ম জ্বালানীর ব্যবহার বাড়লে দীর্ঘ মেয়াদে মুদ্রাস্ফীতি কমবে। তাছাড়া স্বল্পমেয়াদে মুদ্রাস্ফীতির উপর কার্বন নির্গমন, অর্থনৈতিক প্রবৃদ্ধি, কৃষি উৎপাদন এবং জীবাশ্ম জ্বালানী ব্যবহারের উল্লেখযোগ্য প্রভাব নেই। উল্লেখ্য, বাংলাদেশ বর্তমানে বেশ কিছু কয়লাভিত্তিক বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র চালু করেছে। তাই এই গবেষণায় আশংকা করা হয়, এই প্রজেক্টের কারণে কার্বন নির্গমন আরো বৃদ্ধি পাবে। সেক্ষেত্রে সতর্কতামূলক উল্লেখযোগ্য কিছু সুপারিশ হলো, পরিবেশ বিপর্যয় ঠেকানো এবং মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণে এমন রাজস্ব নীতি ও আর্থিক নীতি প্রণয়ন করা, যা টেকসই ভোগ ও উৎপাদন নিশ্চিত করবে, এছাড়াও সামাজিক সচেনতা বৃদ্ধি, যথাযথ অভিযোজন (Adoplation) নীতি প্রণয়ন, কার্বন টেক্স আরোপ, কৃষিজাত পণ্যের জোগান নিশ্চিত করা, পরিবেশ ব্যবস্থাপনা বিকেন্দ্রিকরণ, নবায়নযোগ্য শক্তির ব্যবহার বৃদ্ধি, ঢাকাসহ উল্লেখযোগ্য শহরে খরচ কার্যকর (Cost effective) দূষণ হ্রাসের কৌশল গ্রহণ করবে। সেমিনারে আলোচক ছিলেন সহকারী অধ্যাপক বিদ্যুৎ কান্তি নাথ ও বদরুল হাসান আউয়াল। অর্থনীতি বিভাগের চেয়ারপার্সন ফারজানা ইয়াসমিন চৌধুরী তাঁর সমাপনী বক্তব্যে সমসাময়িক উন্নয়ন অর্থনীতিতে পরিবেশ দূষণ এবং প্রবৃদ্ধি সংক্রান্ত গবেষণার গুরুত্ব ও ব্যাষ্টিক অর্থনীতি কীভাবে পরিবেশ দূষণ দ্বারা প্রভাবিত হয় সেই বিষয়ে আলোকপাত করেন। এই সেমিনারে অর্থনীতি বিভাগের সকল শিক্ষক-শিক্ষিকা এবং সকল ছাত্র-ছাত্রী উপস্থিত ছিলেন। সেমিনারের সার্বিক সহযোগিতায় ছিল প্রিমিয়ার ইউনিভার্সিটির ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসিউরেন্স সেল (আইকিউএসি)। *দৈনিক পূর্বকোণ, ১৯-১২-২০২৩, পৃষ্ঠা: ০৩*

## নজরুলের বিদ্রোহ ছিল উপনিবেশবাদের বিরুদ্ধে

*৬ পৃষ্ঠার পর*

বৈরাগী কাইলার, যাঁর কবিতায় ফুটে ওঠেছে নেপালের রাজতন্ত্রের বিরুদ্ধে বিদ্রোহ, স্বৈরতন্ত্রের বিরুদ্ধে বিদ্রোহ। কিন্তু নজরুলের বিদ্রোহ ছিল উপনিবেশবাদের বিরুদ্ধে বিদ্রোহ, মুক্তি অর্জনের জন্য বিদ্রোহ। তাঁর প্রবন্ধের ওপর মুখ্য আলোচকের বক্তব্যে প্রফেসর ড. মোহীত উল আলম বলেন, ড. কমল পুইয়ালের প্রবন্ধটি আমাকে মুগ্ধ করেছে। প্রবন্ধটিতে নজরুল ও নেপালের কবি বৈরাগী কাইলার তুলনামূলক আলোচনা স্থান পেয়েছে। বৈরাগী কাইলা বিশ শতকের ষাট দশকে লিখতে শুরু করেন। ড. কমল পুইয়াল নজরুল ও বৈরাগী কাইলা উভয়ের বিদ্রোহী চেতনা ও বিদ্রোহী সত্তা নিয়ে কথা বলেছেন। শ্রীমতি শমরিতা মল্লিক নজরুলের 'বিদ্রোহী' কবিতার রচনা ও প্রকাশের ইতিবৃত্ত বর্ণনা করেন। তিনি নজরুলের 'আনন্দময়ীর আগমনে' কবিতাটি ধূমকেতু পত্রিকায় প্রকাশের পর তাঁর গ্রেপ্তার ও একবছর কারাবরণের কথা তুলে ধরেন। সভাপতির বক্তব্যে প্রিমিয়ার ইউনিভার্সিটির ইংরেজি বিভাগের চেয়ারম্যান সাদাত জামান খান নজরুলকে অসাম্প্রদায়িক কবি হিসেবে তুলে ধরেন এবং তাঁর বিভিন্ন রচনা সম্পর্কে আলোকপাত করেন।

## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে 'এক্সিবিশন অন ল' এন্ড লিগ্যাল ম্যাটেরিয়েলস' অনুষ্ঠিত

২৪ পৃষ্ঠার পর

করেন বিভাগের চেয়ারম্যান সহযোগী অধ্যাপক তানজিনা আলম চৌধুরী। উদ্বোধনী আয়োজনে বক্তব্য রাখেন প্রিমিয়ার ইউনিভার্সিটির প্রক্টর সহকারী অধ্যাপক আহমেদ রাজিব চৌধুরী।এতে উপস্থিত ছিলেন সহকারী অধ্যাপক অনুপ কুমার বিশ্বাস, সহকারী অধ্যাপক মেহের নিগার, সহকারী অধ্যাপক হুমায়রা নওশিন উর্মি, সহকারী অধ্যাপক ফাহমিদা কাদের, সহকারী অধ্যাপক সঞ্জয় বিশ্বাস, সহকারী অধ্যাপক তাকমিনা কামাল, সহকারী অধ্যাপক হিল্লোল সাহা, প্রভাষক তাহমিনা সানজিদা ও প্রভাষক সুরিনা তারজিদ প্রমুখ। শিক্ষক জাবেদ আরাফাতের নির্দেশনায় এই প্রদর্শনীতে ছাত্র-ছাত্রীদের প্রস্তুতকৃত ৫টি স্টল স্থান পায়।

## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে সিন্ডিকেট সভায় মাননীয় প্রধানমন্ত্রীকে অভিনন্দন

*১৬ পৃষ্ঠার পর*

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষা উপমন্ত্রী ও বোর্ড অব ট্রাস্টিজের সম্মানিত চেয়ারম্যান ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী এমপি, মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনার বিশেষ সহকারী ও বোর্ড অব ট্রাস্টিজের সম্মানিত সদস্য ব্যারিস্টার বিপ্লব বড়ুয়া ও শিক্ষামন্ত্রণালয়ের যুগ্মসচিব জনাব সরোজ কুমার নাথ।

সভায় সিন্ডিকেট-সদস্যদের মধ্য থেকে প্রিমিয়ার ইউনিভার্সিটির উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক, কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম, প্রকৌশল ও বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. তৌফিক সাঈদ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ফিন্যান্স বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ আকতার হোসেন, প্রিমিয়ার ইউনিভার্সিটির গণিত বিভাগের চেয়ারম্যান অ্যাসোসিয়েট প্রফেসর মোহাম্মদ ইফতেখার মনির উপস্থিত ছিলেন। আরও উপস্থিত ছিলেন সদস্য সচিব রেজিস্ট্রার জনাব খুরশিদুর রহমান।

সভায় বিগত সিন্ডিকেট সভার কার্যবিবরণী অনুমোদন ও বিগত একাডেমিক কাউন্সিল সভার কার্যবিবরণী অবহিত করা হয়। ১১ ডিসেম্বর ২০২২ তারিখে অনুষ্ঠিত শৃংখলা কমিটির সভার কার্যবিবরণী উপস্থাপন করা হয়। এছাড়া একাডেমিক অন্যান্য বিষয়ে আলোচনা করা হয়।

## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে শৃঙ্খলা কমিটির সভা অনুষ্ঠিত



১৬ এপ্রিল ২০২৩, প্রিমিয়ার ইউনিভার্সিটির জিইসি মোড়স্থ ক্যাম্পাসে শৃঙ্খলা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় সভাপতিত্ব করেন প্রিমিয়ার ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের সদস্য ও শৃঙ্খলা কমিটির সভাপতি জনাব বোরহানুল হাসান চৌধুরী। সভায় শৃঙ্খলা কমিটির সদস্য আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী ও শিক্ষায় একুশে পদকপ্রাপ্ত প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন, কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম, প্রকৌশল অনুষদের ডিন প্রফেসর ড. তৌফিক সাঈদ, ব্যবসা-শিক্ষা অনুষদের সহকারী ডিন প্রফেসর এম. মঈনুল হক, আইন বিভাগের চেয়ারম্যান তানজিনা আলম চৌধুরী, রেজিস্ট্রার জনাব খুরশিদুর রহমান এবং সদস্য সচিব প্রক্টর আহমদ রাজীব চৌধুরী উপস্থিত ছিলেন। সভায় ইতোপূর্বে অনুষ্ঠিত শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী অনুমোদন করা হয়। কর্মকর্তা-কর্মচারীদের আচরণ-বিধিসহ জবাবদিহিতামূলক কাঠামো তৈরি প্রসঙ্গে এবং বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন শৃঙ্খলা বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

## প্রিমিয়ার ইউনিভার্সিটির ইংরেজি বিভাগে মাসিক সাহিত্য সেমিনার অনুষ্ঠিত




প্রিমিয়ার ইউনিভার্সিটির জিইসি মোড়স্থ ক্যাম্পাসে ইংরেজি বিভাগের আয়োজনে সম্প্রতি অনুষ্ঠিত হয়েছে মাসিক সাহিত্য সেমিনার। ইংরেজি বিভাগের চেয়ারম্যান, সহযোগী অধ্যাপক জনাব সাদাত জামান খানের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সেমিনারে কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম উইলিয়াম শেক্সপিয়ারের বিখ্যাত নাটক কিং লিয়ার-এর ওপরে *২৪ পৃষ্ঠার ১ম কলাম*

## ইংরেজি ভাষায় রয়েছে মননশীল অসংখ্য অসাধারণ গ্রন্থ

*১২ পৃষ্ঠার পর*

বিভাগের চেয়ারম্যান সাদাত জামান খানের সভাপতিত্বে এই অনুষ্ঠানে প্রধান অতিথি প্রফেসর ড. অনুপম সেন ৩৭ তম ব্যাচের শিক্ষার্থীদের গভীর ভালোবাসা ব্যক্ত করেন। তিনি বলেন, শেক্সপিয়ার যেসময় তাঁর অসামান্য নাটকগুলো লিখেছেন, সেসময় ইংল্যান্ডের লোকসংখ্যা ৫৫ লক্ষ হলেও পরবর্তীকালে সারাবিশ্বের একটি বিরাট অংশ তাদের উপনিবেশে পরিণত হওয়ায় বর্তমানে ২০০ কোটি লোক ইংরেজি ভাষা বুঝতে পারে। এই ভাষা বিশ্বের প্রধান বাণিজ্যিক ভাষা। কিন্তু এই ভাষায় রয়েছে অসাধারণ সমৃদ্ধ সাহিত্যভাণ্ডার। তিনি আরও বলেন, এই উপমহাদেশ ইংরেজদের উপনিবেশ হওয়ায় ১৮২৭ সালে ইংরেজি এই অঞ্চলের সরকারি ভাষায় পরিণত হয়। তার আগে সরকারি ভাষা ছিল ফার্সি। ফার্সি, ইংরেজি, বাংলা ও উর্দু ইত্যাদি ভাষা স্যার উইলিয়াম জোনস গবেষণা করে দেখিয়েছেন একই ভাষাগোত্র ইন্দো-ইউরোপিয় ভাষাগোত্রের অন্তর্ভুক্ত। বাঙালিদের পক্ষে ইংরেজি ভাষা শেখা তেমন কঠিন নয়। এই ভাষা অত্যন্ত সমৃদ্ধশালী। এই ভাষায় রয়েছে অসাধারণ নাট্যকার, কবি, ঔপন্যাসিক ও ছোটগল্পকার। ইংরেজি ভাষা ও ইংরেজদের মহৎ দিকটাই আমাদের এই ভাষার ছাত্রদের মনোজগতকে সমৃদ্ধ করে মহতি চেতনায় উদ্বুদ্ধ করুক এটাই কাম্য; খারাপ দিকটা নয়। এই ভাষাই আমাদের আধুনিক জ্ঞানজগতের সঙ্গে সংযোগ ঘটিয়েছে। ড. সেন উল্লেখ করেন, ইংরেজি ভাষায় রয়েছে সাহিত্য-সংস্কৃতি, দর্শন ও বিজ্ঞানের তথ্য ও তত্ত্বসমৃদ্ধ মননশীল অসংখ্য অসাধারণ গ্রন্থ।

তিনি উল্লেখ করেন, ইংরেজি বিশ্বের অন্যতম প্রধান ভাষা হলেও একসময় ইংল্যান্ডের অফিসিয়াল ভাষা ছিল ফরাসি। সেই সময়েই, ১২১৫ খ্রিস্টাব্দে, ম্যাগনাকার্টা রচিত হয়। আধুনিক বিশ্বে গণতন্ত্র বা সাংবিধানিক শাসনের সূচনা এই ম্যাগনাকার্টার মাধ্যমে।

উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা বলেন, প্রিমিয়ার ইউনিভার্সিটির ইংরেজি বিভাগে একাডেমিক শিক্ষার পাশাপাশি কো-কারিকুলার এক্টিভিটিসের মাধ্যমে শিক্ষার্থীদের শিক্ষা দেওয়া হয়। তিনি প্রযুক্তির গুরুত্ব তুলে ধরে বলেন, প্রযুক্তির উন্নয়ন ও বৈজ্ঞানিক আবিষ্কারের মাধ্যমে মানুষ উপকৃত হচ্ছে। ট্রেজারার প্রফেসর ড. তৌফিক সাঈদ বলেন, আমি বিশ্বাস করি, ৩৭ তম ব্যাচের শিক্ষার্থীরা ইংরেজি বিভাগে যথাযথ অধ্যয়ন করে তাদের পড়ালেখা শেষ করেছে। আমি আশা করি, তারা পেশাগত জীবনে ও উদ্যোক্তা হিসেবে সফল হতে পারবে।

কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম ইংরেজি সাহিত্যের প্রসিদ্ধ কবি শেক্সপিয়ার, রবার্ট ব্রাউনিং, শেলি, রবার্ট ফ্রস্ট ও জর্জ অরওয়েল প্রমুখের অসাধারণ রচনাবলীর সাহিত্যগুণ তুলে ধরেন। ফেলো মিসেস ক্যালি রয়স্টার তাঁর বক্তব্যে অনেক মহৎ মানুষের ব্যর্থতা কাটিয়ে সফল হওয়ার কথা উল্লেখ করেন। সভাপতির বক্তব্যে ইংরেজি বিভাগের চেয়ারম্যান সাদাত জামান খান ইংরেজি ভাষাকে গ্লোবাল ল্যাঙ্গুয়েজ হিসেবে উল্লেখ করেন। শেষে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়।

## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে লাইব্রেরি ওরিয়েন্টেশন প্রোগ্রাম সম্পন্ন

প্রিমিয়ার ইউনিভার্সিটির অর্থনীতি বিভাগের উদ্যোগে স্নাতক প্রথম সেমিস্টারের শিক্ষার্থীদের জন্য লাইব্রেরি- ওরিয়েন্টেশন প্রোগ্রাম অনুষ্ঠিত হয়েছে। ১৬ এপ্রিল ২০২৩, অনুষ্ঠিত প্রোগ্রামে সভাপতিত্ব করেন বিভাগের চেয়ারপারসন ফারজানা ইয়াসমিন চৌধুরী। তিনি তার বক্তব্যে জ্ঞানার্জনে প্রযুক্তিবান্ধব তথ্যনির্ভর লাইব্রেরির গুরুত্বের কথা তুলে ধরেন। পরে লাইব্রেরির বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন বিশ্ববিদ্যালয়ের উপ-গ্রন্থাগারিক *১৬ পৃষ্ঠার ১ম কলাম*



## প্রিমিয়ার ইউনিভার্সিটির আইন বিভাগে 'রিসার্চ পেপার সাবমিশন এন্ড থিসিস ডিফেন্স' শীর্ষক অনুষ্ঠান



প্রিমিয়ার ইউনিভার্সিটির হাজারী লেইনস্থ ভবনে আইন বিভাগের ৪১তম ব্যাচের 'রিসার্চ পেপার সাবমিশন এন্ড থিসিস ডিফেন্স' শীর্ষক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। ০৮ ফেব্রুয়ারি ২০২৩, অনুষ্ঠিত এই অনুষ্ঠানে অনলাইন প্রজেক্টরের মাধ্যমে যুক্ত ছিলেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের আইন অনুষদের ডিন প্রফেসর ড. আব্দুল্লাহ আল-ফারুক। এসময় ৪১ তম ব্যাচের গবেষকরা চারটি ভিন্ন ভিন্ন বিষয়ে গবেষণাপ্রবন্ধ উপস্থাপন করেন। ডক্টর ফারুক নবীন গবেষকদের উদ্দেশ্যে বলেন, আগামীর বিশ্ব গবেষণার বিশ্ব এবং সেই বিশ্বে নেতৃত্ব দেবে গবেষকরাই। বিভাগের চেয়ারম্যান ও সহযোগী অধ্যাপক তানজিনা আলম চৌধুরী বলেন, সামগ্রিক উন্নয়নে গবেষণার কোনো বিকল্প নেই। বিশ্ববিদ্যালয়ের প্রক্টর আহমেদ রাজীব চৌধুরী গবেষণাকে একটি সফট স্কিল বলে অভিহিত করেন। অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন বিভাগের সহকারী অধ্যাপক মেহের নিগার। উপস্থিত ছিলেন সহকারী অধ্যাপক সঞ্জয় বিশ্বাস এবং প্রভাষক সুরিনা তারজিদ। গবেষণাপ্রবন্ধ চারটি সুপারভাইজ করেন বিভাগের শিক্ষক জাবেদ আরাফাত।

## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে 'এক্সিবিশন অন ল' এন্ড লিগ্যাল ম্যাটেরিয়েলস' অনুষ্ঠিত



০৮ ফেব্রুয়ারি ২০২৩, প্রিমিয়ার ইউনিভার্সিটির হাজারি লেইনস্থ ভবনে আইন বিভাগের ৩৮তম ব্যাচের আয়োজনে 'এক্সিবিশন অন ল' এন্ড লিগ্যাল ম্যাটেরিয়েলস' অনুষ্ঠিত হয়। এই এক্সিবিশন উদ্বোধন *২২ পৃষ্ঠার ২য় কলাম*

## প্রিমিয়ার ইউনিভার্সিটির ইংরেজি বিভাগে মাসিক সাহিত্য সেমিনার অনুষ্ঠিত

*২৩ পৃষ্ঠার পর*

তাঁর গবেষণাপত্র 'আ স্টাডি অব কিং লিয়ার এজ মোর আ ফাদার দ্যান আ কিং' এবং প্রভাষক দুহিতা চৌধুরী তাঁর সাহিত্যভিত্তিক গবেষণাপত্র 'অন্টোলজিক্যাল ইনসিকিউরিটি অব ম্যারিঃ আ সাইকোপ্যাথোলোজিক্যাল স্টাডি অব লেসিংস দ্য গ্রাস ইজ সিঙ্গিং' পাঠ করেন। দুটো গবেষণাপত্রেই মানবমনের ভেতরকার গভীর আবেগ, দ্বন্দ্ব ও রহস্য নিয়ে আলোকপাত করা হয়েছে। সহকারী অধ্যাপক মোহাম্মদ সোলায়মান চৌধুরীর সঞ্চালনায় আলোচক হিসেবে সহকারী অধ্যাপক শহীদুল আলম চৌধুরী, সহকারী অধ্যাপক শান্তনু দাশ এবং প্রভাষক জাগরণ দে মিল্টন তাঁদের মূল্যবান মতামত প্রদান করেন। মানবমনের গভীর আবেগ নিয়ে লিখিত এই দুই গবেষণাপত্র নিয়ে আলোচনার পাশাপাশি আলোচকবৃন্দ উপস্থিত শিক্ষার্থী ও শিক্ষকদের গবেষণা চালিয়ে যাওয়ার অনুপ্রেরণা দেন। সভাপতি সাদাত জামান খানের সমাপনী বক্তব্যের মাধ্যমে শেষ হয় সেমিনার। *দৈনিক আজাদী, ২১-০৭-২০২৩, পৃষ্ঠা: ০৩*

## প্রিমিয়ার ইউনিভার্সিটি আইন বিভাগের 'পেশাগত নিরাপত্তা ও স্বাস্থ্য সুরক্ষা' শীর্ষক সেমিনার

*৪ পৃষ্ঠার পর*

শতকে। ১৭৬০ দশকের মাঝামাঝি ইংল্যান্ডে প্রথম শিল্পবিপ্লব সংঘটিত হয়। ইংরেজরা ১৭৫৭ সালে এদেশ দখল করার পর মাত্র তিন বছরের মধ্যে তৎকালীন ৫০০ কোটি পাউন্ডের সম্পদ ইংল্যান্ডে পাচার করে। এই বিশাল সম্পদ ও ক্যারিবিয় দ্বীপপুঞ্জ থেকে তাদের লুণ্ঠন করা সম্পদ দিয়েই প্রথম শিল্পবিপ্লব সংঘটিত হয়েছিল। তখনকার ইন্ডাস্ট্রি বা কারখানাগুলোতে পুরুষ ও নারী শ্রমিকরা দৈনিক ১২/১৪ ঘন্টা কাজ করতো। শিশুদেরকেও শ্রমিক হিসেবে ব্যবহার করা হতো, যা ছিল খুবই অমানবিক। পুরুষ, নারী ও শিশু শ্রমিকরা প্রচুর শ্রম দিয়েও তার প্রকৃত মূল্য পেত না। প্রফেসর ড. অনুপম সেন আব্রাহাম লিংকন কর্তৃক আমেরিকার ক্রীতদাস প্রথার উচ্ছেদ, সেখানকার কালো মানুষদের শ্রমদাসত্ব, তাদের মানুষ ও নাগরিক হিসেবে মর্যাদা না পাওয়ার বিবরণ দেন। তিনি আরও বলেন, আধুনিককালে বিশ্বের প্রথম লিখিত সংবিধান রচনা করে তৎকালীন ১৩টি ব্রিটিশ কলোনি স্বাধীনতা পাওয়ার পর যুক্তরাষ্ট্র নামক রাষ্ট্রটি। এইসময় যেহেতু তাদের ব্রিটিশদের বিরুদ্ধে স্বাধীনতা যুদ্ধে প্রত্যেক নাগরিককে অস্ত্র রাখার অধিকার দেওয়া হয়েছিল, এখনও সেই অধিকার সংবিধানে রাখার ফলে যে-কেউ স্কুলে, কলেজে, রাস্তায় নিরীহ নাগরিক ও শিশুদের হত্যা করে; মানুষকে তার বাঁচার অধিকার থেকে বঞ্চিত করে। এটি কি মানবাধিকারের চরম লংঘন নয়? তিনি উল্লেখ করেন, বিশ্ব চলে সম্পদের উপর ভিত্তি করে। শ্রমিকরাই এই সম্পদ সৃষ্টি করে থাকে।

উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা বলেন, বিশ্বে প্রতি বছর কয়েক কোটি মানুষ পেশাগত অসুস্থতা ও নিরাপত্তাজনিত সমস্যায় ভুগে থাকে। এটা শুধু শ্রমিকের ব্যক্তিগত ক্ষতি নয়, ইন্ডাস্ট্রিরও ক্ষতি, দেশেরও ক্ষতি। এক পর্যায়ে এই মানুষগুলো পারিবারিক, সামাজিক ও রাষ্ট্রীয়ভাবে বোঝা হয়ে মারা যায়। কর্মক্ষেত্রে পেশাগত নিরাপত্তা ও স্বাস্থ্য সুরক্ষা ব্যবস্থা তাই খুবই গুরুত্বপূর্ণ। প্রফেসর আবদুল্লাহ আল ফারুক বলেন, ওএসএইচ (অকুপেশনাল সেইফটি এন্ড হেলথ) বিশ্বে আলোচিত একটি বিষয়। শ্রমিকদের নিরাপত্তা-ব্যবস্থা না করে প্রোডাক্টিভিটি সম্ভব নয়। ইন্টারন্যাশনাল লেবারস স্ট্যান্ডার্ড প্রয়োগ করে তাদের নিরাপত্তা ও স্বাস্থ্য সুরক্ষার ব্যবস্থা করা দরকার। তিনি উল্লেখ করেন, আমাদের দেশে ৮০ শতাংশ রেমিটেন্স আসে আরএমজি সেক্টর থেকে, শ্রমিকের শ্রমের মাধ্যমে। কক্সবাজার জেলার নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল-৩-এর জজ (ডিস্ট্রিক্ট জজ পদমর্যাদার) জনাব মোহাম্মদ আবু হান্নান তাঁর বক্তব্যে এদেশের গার্মেন্টস কারখানাগুলোর মালিক ও শ্রমিকদের আর্থিক বৈষম্যের বিবরণ দিয়ে বলেন, শ্রমিকের মূল্যায়ন ও অধিকার আদায়ে সমাজতান্ত্রিক গণতন্ত্র প্রতিষ্ঠা করতে হবে। ঢাকাস্থ আইএলও-র বেটার ওয়ার্ক প্রোগ্রামের এন্টারপ্রাইজ এডভাইজার মো. মিনহাজুল ইসলাম বাংলাদেশের শ্রম আইন ও আইএলও-র দৃষ্টিকোণ থেকে ইন্ডাস্ট্রির কর্মক্ষেত্রে নিরাপত্তা ও স্বাস্থ্য সুরক্ষা বজায় রাখার জন্য বিভিন্ন নির্দেশনা তুলে ধরেন। সেমিনারে আইন বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

## 'প্রিমিয়ার ক্রিটিকাল পারস্পেক্টিভ' অসাধারণ মানসম্পন্ন জার্নাল



প্রিমিয়ার ইউনিভার্সিটির জার্নাল 'প্রিমিয়ার ক্রিটিকাল পারস্পেক্টিভ (ভলিয়্যুম ৬, ইস্যু ১, এপ্রিল-২০২৩)' প্রকাশিত হয়েছে। ১৮ এপ্রিল ২০২৩ প্রিমিয়ার ইউনিভার্সিটির জিইসি মোড়স্থ ক্যাম্পাসে আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী, একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ ও প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য প্রফেসর ড. অনুপম সেনের সঙ্গে সাক্ষাৎ করে তাঁর হাতে জার্নালটি তুলে দিয়েছেন কলা ও সমাজবিজ্ঞান *২৬ পৃষ্ঠার ২য় কলাম*

## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে শিল্পকলা বিষয়ে সেমিনার অনুষ্ঠিত



সম্প্রতি প্রিমিয়ার ইউনিভার্সিটির জিইসি মোড়স্থ ক্যাম্পাসে আমেরিকান অ্যামবেসির প্রতিনিধি দল এবং প্রিমিয়ার ইউনিভার্সিটির বিভিন্ন বিভাগের শিক্ষকবৃন্দ ও ছাত্র-ছাত্রীদের নিয়ে শিল্পকলা বিষয়ে এক সেমিনার অনুষ্ঠিত হয়। প্রিমিয়ার ইউনিভার্সিটির ইংরেজি বিভাগের চেয়ারম্যান সাদাত জামান খানের সভাপতিত্বে সেমিনারে বক্তব্য রাখেন বিখ্যাত আমেরিকান চিত্রশিল্পী ভাষা চক্রবর্তী। তিনি শিল্পকলার উপরে প্রবন্ধ পাঠ করেন। আমেরিকান অ্যামবেসির ডেপুটি স্পোক পার্সন ব্রায়ান শিলার বাংলাদেশ ও আমেরিকার মধ্যে সাংস্কৃতিক ও শিল্পকর্মের মেরুবন্ধন নিয়ে আলোচনা করেন। সেমিনার শেষে ভাষা চক্রবর্তীসহ ইউএস অ্যামবেসির প্রতিনিধি দল প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য প্রফেসর ড. অনুপম সেনের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন। এসময় উপস্থিত ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা এবং মাননীয় ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক। *দৈনিক আজাদী, ১৩-০২-২০২৩, পৃষ্ঠা: ০২*

প্রিমিয়ার ইউনিভার্সিটির গণিত বিভাগে আন্তর্জাতিক গণিত দিবস উদযাপন

## 'জীবনের কোনো ক্ষেত্রে গণিতের বাইরে যাওয়া যায় না'

প্রিমিয়ার ইউনিভার্সিটি গণিত বিভাগের উদ্যোগে ইউনেস্কো ঘোষিত আন্তর্জাতিক গণিত দিবস উদযাপন করা হয়েছে। ১৪ মার্চ ২০২৩ প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ ভবনে এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী ও শিক্ষায় একুশে পদকপ্রাপ্ত প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। বিশেষ অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, মাননীয় ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক ও প্রকৌশল ও বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. তৌফিক সাঈদ। সভাপতি ও সঞ্চালক ছিলেন গণিত বিভাগের চেয়ারম্যান ইফতেখার মনির। প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন বলেন, আমাদের জীবন তো গণিত ছাড়া চলেই না। যে লেখাপড়া কম জানে বা একেবারেই জানে না, তাকেও কিছুটা অংক জানতে হয়। ফলে বলা যায়, আন্তর্জাতিক গণিত দিবসের তাৎপর্য বিরাট। তিনি উল্লেখ করেন, একসময় রোমান হরফে সংখ্যা লেখা হতো। সংখ্যাগুলো অনেক বড়ো বড়ো হতো। বস্তুত রোমান হরফে সংখ্যা লেখা ছিল একটা জটিল প্রক্রিয়া। এই




উপমহাদেশের গণিতবিদদের শূন্য আবিষ্কার অংকশাস্ত্রকে মুক্তি দিয়েছে। শূন্য আবিষ্কারের ফলে অনেক বড়ো বড়ো সংখ্যার লিখন ও পঠন একেবারে সহজ হয়ে গেছে। ড. সেন দ্বাদশ ও ত্রয়োদশ শতকে ইউরোপে নবজাগরণের সময় গণিত নিয়ে ব্যাপক আলোচনার কথা তুলে ধরেন। তিনি 'জীবনের কোনো ক্ষেত্রে গণিতের বাইরে যাওয়া যায় না' উল্লেখ করে বলেন, গণিতের মাধ্যমে কেবলমাত্র মূর্ত নয়, গভীরভাবে বিমূর্ত চিন্তাও করা হয়। উদাহরণস্বরূপ বলা চলে, আলোকবর্ষ। তিনি আরও বলেন, একসময় বিশ্বের নানা প্রান্ত থেকে লোকজন জ্ঞান অর্জনের জন্য এথেন্সে প্লেটোর ২৬ পৃষ্ঠার ১ম কলাম

## প্রিমিয়ার ইউনিভার্সিটি তড়িৎ ও ইলেকট্রনিক প্রকৌশল বিভাগের উদ্যোগে প্রজেক্ট ডে ফল-২০২৩ অনুষ্ঠিত

*১০ পৃষ্ঠার পর*

বিভাগ সাম্প্রতিক সময়ে ইঞ্জিনিয়ারিং ইনস্টিটিউটের সদস্য পদ লাভ করেছে। এটা প্রমাণ করে, আমরা আমাদের বিভাগের শিক্ষার্থীদের যুগোপযোগী শিক্ষা প্রদান করছি। আমাদের আউটকাম বেইসড কারিকুলামের একটি বড় অংশ হচ্ছে নিয়মিত ল্যাব প্রজেক্ট ও পোস্টার প্রেজেন্টেশন। আমাদের শিক্ষার্থীরা এর মাধ্যমে চতুর্থ শিল্পবিপ্লব ও স্মার্ট বাংলাদেশের জন্যে নিজেদের তৈরি করছে।

এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন তড়িৎ ও ইলেকট্রনিক প্রকৌশল বিভাগের সহকারী অধ্যাপক মোহাম্মদ সাইফুদ্দিন মুন্না, গণিত বিভাগের সহকারী অধ্যাপক তানিয়া নুর, কল্লোল দে, তড়িৎ ও ইলেকট্রনিক প্রকৌশল বিভাগ সহকারী অধ্যাপক আকরামুল হক, সামিনা আলম, প্রভাষক রাহুল চৌধুরী ও সরিৎ ধর। এছাড়া তড়িৎ ও ইলেকট্রনিক প্রকৌশল বিভাগের ২৫০জন ছাত্র-ছাত্রী উপস্থিত ছিলেন। প্রদর্শনী শেষে প্রশিক্ষণার্থীদের হাতে সার্টিফিকেট ও পুরস্কার তুলে দেন অতিথিবৃন্দ।

## প্রিমিয়ার ইউনিভার্সিটি গণিত বিভাগে ওমেন্স ব্যাডমিন্টন টুর্নামেন্ট অনুষ্ঠিত



প্রিমিয়ার ইউনিভার্সিটি গণিত বিভাগের বিএসসি (অনার্স) এবং মাস্টার্স প্রোগ্রামসমূহে অধ্যয়নরত ছাত্রীদের অংশগ্রহণে সমাপ্ত হল ব্যাডমিন্টন প্রতিযোগিতা-২০২৩। এই প্রতিযোগিতার ফাইনাল খেলা অনুষ্ঠিত হয় ০৭ ডিসেম্বর ২০২৩। বিভিন্ন সেমিস্টারে অধ্যয়নরত ছাত্রীদের সমন্বয়ে আলফা, বিটা, গামা, ডেল্টা, এপ্সাইলন, পাই, রো, সিগমা এবং টাউ নামের নয়টি দ্বৈত টিম প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। গ্রুপ পর্ব, সেমিফাইনাল, তৃতীয় স্থান নির্ধারণী ও ফাইনাল এই চার ধাপে প্রতিযোগিতা সম্পন্ন হয়। গ্রুপ পর্বের খেলাসমূহ রাউন্ড-রবিন লীগ পদ্ধতিতে এবং অন্য খেলাসমূহ নকআউট পদ্ধতিতে অনুষ্ঠিত হয়। এই প্রতিযোগিতায় প্রান্তিকা বড়ুয়া ও নিলা বড়ুয়ার সমন্বয়ে গঠিত পাই টিম চ্যাম্পিয়ন, আনিকা রহমান ও সানজিদা আক্তার দীপ্তির সমন্বয়ে গঠিত গামা টিম রানার-আপ এবং আকলিমা খাতুন ও পূজাশ্রী বিশ্বাসে'র আলফা টিম ৩য় হয়। প্রিমিয়ার ইউনিভার্সিটি গণিত ক্লাবের সহোযোগিতায় এই টুর্নামেন্টের সার্বিক সমন্বয় করেন বিভাগের সহকারী অধ্যাপক জান্নাতুল ফেরদাউস। এই ক্রীড়াসমূহে উপস্থিত ছিলেন বিভাগের চেয়ারম্যান মোহাম্মদ ইফতেখার মনির ও অন্যান্য শিক্ষকবৃন্দ।

## প্রিমিয়ার ইউনিভার্সিটি গণিত বিভাগে সেমিনার অনুষ্ঠিত

সম্প্রতি প্রিমিয়ার ইউনিভার্সিটি গণিত বিভাগের আয়োজনে ও আই.কিউ.এ.সি'র সহযোগিতায় ম্যাথমেটিক্যাল বায়োলজি-এর ওপর এক *২৬ পৃষ্ঠার ১ম কলাম*



# প্রিমিয়ার ইউনিভার্সিটিতে কোভিড-১৯-এর বুস্টার টিকা (৪র্থ ডোজ) প্রদান কর্মসূচি সম্পন্ন



প্রিমিয়ার ইউনিভার্সিটির জিইসি মোড়স্থ ক্যাম্পাসে ইউনিভার্সিটির সকল শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীকে কোভিড-১৯-এর বুস্টার টিকা (৪র্থ ডোজ) প্রদানের কর্মসূচি সম্পন্ন হয়েছে ১৫ জুন ২০২৩ প্রিমিয়ার ইউনিভার্সিটির পাবলিক হেলথ বিভাগের সহযোগিতায় এবং চট্টগ্রাম সিভিল সার্জন কার্যালয়ের সার্বিক তত্ত্বাবধানে বাংলাদেশ সরকারের টিকাদান কর্মসূচির অংশ হিসেবে আয়োজিত এই টিকাদান কর্মসূচিতে সকাল ৯টা থেকে দিনব্যাপী টিকা প্রদান করা হয়। শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীরা নিজ নিজ অফিসিয়াল আইডি কার্ড এবং সুরক্ষায় নিবন্ধিত টিকা কার্ড নিয়ে টিকা গ্রহণ করেন। এসময় উপস্থিত ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন, মাননীয় উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, ট্রেজারার (ভারপ্রাপ্ত) প্রফেসর একেএম তফজল হক, চট্টগ্রাম সিভিল সার্জন ডা. মোহাম্মদ ইলিয়াছ চৌধুরী, প্রিমিয়ার ইউনিভার্সিটির রেজিস্ট্রার জনাব খুরশিদুর ৮ পৃষ্ঠার ২য় কলাম

## 'জীবনের কোনো ক্ষেত্রে গণিতের বাইরে যাওয়া যায় না'

২৫ পৃষ্ঠার পর

একাডেমিতে যেত। একাডেমিতে লেখা ছিল 'যিনি গণিত জানেন না, তাঁর একাডেমিতে আসার প্রয়োজন নেই'। এই একাডেমি আটশ বছর টিকেছিল। উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা বলেন, জীবনের প্রতিটি ক্ষেত্রে জেনে-না জেনে আমরা গণিত ব্যবহার করি। এ কারণে শিশু শ্রেণি থেকে দশম শ্রেণি পর্যন্ত গণিত বাধ্যতামূলক। তিনি গণিতকে একটা টুল উল্লেখ করে বলেন, প্রাতিষ্ঠানিক শিক্ষার সব বিষয়ে গণিতকে ব্যবহার করতে হয়। তিনি শূন্য-র কনসেপ্ট ও ব্যবহার নিয়েও কথা বলেন।

ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক বলেন, গণিত হলো জীবনের সবক্ষেত্রে গুরুত্বপূর্ণ। গণিত হলো ল্যাংগুয়েজ অব নেচার। প্রফেসর ড. তৌফিক সাঈদ বলেন, গণিত জটিল বলে গণিতকে ভয় পেলে চলবে না। ভয়কে জয় করে গণিত অধ্যয়ন করলে তা সহজ হয়ে যায়। অনুষ্ঠানে দাবা, বাস্কেটবল ও ক্রিকেট প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন ও রানার আপদের পুরস্কার বিতরণ করা হয়। অনুষ্ঠানে বিভাগের শিক্ষার্থীদের তৈরি গণিত বিষয়ক বিভিন্ন প্রজেক্ট এবং শিক্ষক-শিক্ষার্থীদের গবেষণামূলক কাজ নিয়ে একটি প্রদর্শনীর আয়োজন করা হয়। প্রধান অতিথিসহ অন্য অতিথিবৃন্দ প্রদর্শনী দেখে সন্তোষ প্রকাশ করেন।

## প্রিমিয়ার ইউনিভার্সিটি গণিত বিভাগে সেমিনার অনুষ্ঠিত

২৫ পৃষ্ঠার পর

সেমিনার অনুষ্ঠিত হয়। বিভাগের শিক্ষক জনাব মো: মাহবুবুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আই.কিউ.এ.সি'র অতিরিক্ত পরিচালক জনাব মোহাম্মদ ইফতেখার মনির। 'ওভারভিউ অন এনথ্রোপোমেট্রিক টুলস্ টু ম্যাজার ওভারওয়েট এন্ড ওবেসিটি' শীর্ষক এই সেমিনারে রিসোর্স পারসন হিসেবে উপস্থিত থেকে মূল বক্তব্য প্রদান করেন প্রিমিয়ার ইউনিভার্সিটি গণিত বিভাগের সহকারী অধ্যাপক ড. হারাধন কুমার মহাজন। মূল বক্তব্যে ড. মহাজন দৈহিক স্থূলতা, এর সাথে সম্পর্কিত বিভিন্ন রোগ এবং দৈহিক স্থূলতা পরিমাপের কয়েকটি গাণিতিক নিয়ম সম্পর্কে বিশদভাবে ধারণা দেন। এই সেমিনারে আরও উপস্থিত ছিলেন বিভাগের শিক্ষক জনাব সুমাইয়া ইয়াসমিন, জনাব মামুন-অর-রশিদ এবং বিভাগের শিক্ষার্থীবৃন্দ। *দৈনিক আজাদী, ১৮-০৭-২০২৩, পৃষ্ঠা: ০২*

## 'বিতর্ক ও জ্ঞানের ভিত্তি হলো যুক্তি'

১৭ পৃষ্ঠার পর

মাননীয় ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক, রেজিস্ট্রার জনাব খুরশিদুর রহমান ও পিইউডিএস-এর মডারেটর সঞ্জয় বিশ্বাস। সভাপতিত্ব করেন পিইউডিএস-এর চিফ মডারেটর জুলিয়া পারভিন। উদ্বোধক ও প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন 'বিতর্ক ও জ্ঞানের ভিত্তি হলো যুক্তি' উল্লেখ করে বলেন, সভ্যতার সূচনা ও সভ্যতার অগ্রগতির সঙ্গে যুক্তির একটা বড়ো সম্পর্ক রয়েছে। যুক্তি সত্যকে এগিয়ে নিয়ে যায়। আমরা কার্যকারণের কথা বলি; কারণ কাজের পেছনেও একটা কারণ থাকে। এটা হলো যুক্তি। বিজ্ঞানে যুক্তিকে সেভাবে দেখা হয়। কার্যকারণের সম্পর্ক যারা খণ্ডন করার চেষ্টা করেছেন, শেষ পর্যন্ত তারাও স্বীকার করতে বাধ্য হয়েছেন, প্রতিটি কাজের নেপথ্যে একটা কারণ থাকে। অর্থাৎ তারা যুক্তিকে মেনে নিয়েছেন। তিনি জগত ও মানবজীবনের ব্যাখ্যার বারবার যে-পরিবর্তন ঘটে, তা যুক্তির মাধ্যমে ঘটে বলে বর্ণনা করেন। বিজ্ঞানের অগ্রগতিতে, রাজনৈতিক ক্ষেত্রে ও পার্লামেন্টে যুক্তির গুরুত্বপূর্ণ ভূমিকার কথা তিনি তুলে ধরেন।

ড. সেন আরও বলেন, প্লেটোর মুখ্য রচনাগুলো, যেমন, রিপাবলিক, সিম্পোজিয়াম ইত্যাদি ডায়ালগে একজনের বক্তব্য খণ্ডন করছেন আরেকজন ডায়ালগের মধ্য দিয়ে। প্লেটোর এইসব ডায়ালগের মুখ্য বক্তা বা তার্কিক-তাত্ত্বিক হলেন সক্রেটিস। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পিইউডিএস-এর মডারেটর হিল্লোল সাহা, নিলুফার সুলতানা, মিনহাজ হোসেন, সাইফুদ্দিন মুন্না, ফারিয়া হোসেন বর্ষা, দুহিতা চৌধুরী, তানিয়াহ্ মাহমুদা তিন্নি, পিইউডিএস-এর সহ-সভাপতি মো. জোনায়েদ ও সাধারণ সম্পাদক মেহেদী রহমান নিকাশ। দেশের ২৪টি স্কুল, ১২টি কলেজ ও ৩২টি বিশ্ববিদ্যালয় নিয়ে শুরু হয়েছে এবারের আয়োজন।

প্রিমিয়ার ইউনিভার্সিটিতে দশম পিইউডিএস জাতীয় বিতর্ক উৎসবের সমাপনী

## যুক্তিই হলো বিতর্কের ভিত্তি



প্রিমিয়ার ইউনিভার্সিটিতে প্রিমিয়ার ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটি (পিইউডিএস)-এর উদ্যোগে দশম পিইউডিএস জাতীয় বিতর্ক উৎসব অনুষ্ঠিত হয়েছে। এই উৎসবে আন্তঃবিশ্ববিদ্যালয় বিতর্ক প্রতিযোগিতায় ৩২টি বিশ্ববিদ্যালয়, আন্তঃকলেজ বিতর্ক প্রতিযোগিতায় ২৪টি কলেজ ও আন্তঃস্কুল বিতর্ক প্রতিযোগিতায় ৩২টি স্কুল অংশগ্রহণ করে। ০৪ মার্চ ২০২৩, দিনব্যাপী প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে বিতর্ক উৎসবের চূড়ান্ত পর্ব এবং পুরস্কার বিতরণ ও সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। চূড়ান্ত পর্বে আন্তঃবিশ্ববিদ্যালয় বিতর্ক প্রতিযোগিতায় বাংলাদেশ ইউনিভার্সিটি অব টেক্সটাইল চ্যাম্পিয়ন এবং চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় রানার আপ হয়। আন্তঃকলেজ বিতর্ক প্রতিযোগিতায় ঢাকা কমার্স কলেজ চ্যাম্পিয়ন এবং চট্টগ্রাম ক্যান্টনমেন্ট পাবলিক কলেজ রানার আপ হয়। আন্তঃস্কুল বিতর্ক প্রতিযোগিতায় বাংলাদেশ নৌ-বাহিনী স্কুল চ্যাম্পিয়ন এবং বাংলাদেশ মহিলা সমিতি বালিকা উচ্চ বিদ্যালয় রানার আপ হয়। পুরস্কার বিতরণ ও সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী, একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ ও প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় ২৭ পৃষ্ঠার ১ম কলাম

## 'প্রিমিয়ার ক্রিটিকাল পারস্পেক্টিভ' অসাধারণ মানসম্পন্ন জার্নাল

২৪ পৃষ্ঠার পর

অনুষদের ডিন ও জার্নালের এডিটর ইন চিফ প্রফেসর ড. মোহীত উল আলম এবং অ্যাসোসিয়েট এডিটর কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের সহযোগী অধ্যাপক ড. সাহিদ মো. আসিফ ইকবাল। এসময় উপস্থিত ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, ব্যবসা-শিক্ষা অনুষদের প্রফেসর অমল ভূষণ নাগ ও রেজিস্ট্রার জনাব খুরশিদুর রহমান। উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন জার্নালটি হাতে পেয়ে সন্তুষ্টি প্রকাশ করেন। তিনি বলেন, এটি অসাধারণ মানসম্পন্ন জার্নাল। তিনি এমন একটি জার্নাল ছাপানোর প্রক্রিয়ায় সংযুক্ত সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন।

## যুক্তিই হলো বিতর্কের ভিত্তি

*২৬ পৃষ্ঠার পর*

উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। বিশেষ অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটি বোর্ড অব ট্রাস্টিজের সম্মানিত সদস্য জনাব বোরহানুল হাসান চৌধুরী, ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক, কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম ও রেজিস্ট্রার জনাব খুরশিদুর রহমান। পিইউডিএস-এর চিফ মডারেটর জুলিয়া পারভিনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি প্রফেসর ড. অনুপম সেন বলেন, পিইউডিএস একটি অসাধারণ কাজ করে যাচ্ছে। কারণ, একটি বিশ্ববিদ্যালয় কেবলমাত্র পড়াশুনা নিয়েই থাকে না। বিশ্ববিদ্যালয়ের অনেক কাজ। বিশ্ববিদ্যার যেখানে উপস্থিতি থাকে, তাকেই বিশ্ববিদ্যালয় বলা হয়। তর্ক থেকে আরম্ভ করে সংস্কৃতিচর্চা, জ্ঞান সৃষ্টি, জ্ঞান বিতরণসহ নানাকিছু একটি বিশ্ববিদ্যালয় করে থাকে। সেখানে তর্ক একটি বড়ো ভূমিকা নেয়, যা হলো যুক্তির ব্যবহার। তর্কে যুক্তির পাশাপাশি আবেগেরও ব্যবহার রয়েছে। আমরা যখন তর্ক করি, তখন তাতে যুক্তির সঙ্গে আবেগের ব্যবহার লক্ষ করা যায়।

ড. অনুপম সেন বঙ্গবন্ধু প্রসঙ্গে বলেন, বঙ্গবন্ধুর জীবনের দিকে তাকালে আমরা দেখব, সেখানে যুক্তি যেমন কাজ করেছে, অসাধারণভাবে কাজ করেছে আবেগও। হাজার বছরের পরাধীন বাঙালিকে স্বাধীনতা ও এই দেশ দেওয়ার জন্য তিনি পাকিস্তানের প্রায় তেইশ বছরের শাসনামলে ভাষা আন্দোলন থেকে শুরু করে অনেক আন্দোলন-সংগ্রাম করেছেন, অক্লান্ত পরিশ্রম করেছেন, অবর্ণনীয় কারানির্যাতন ভোগ করেছেন। এসবের পেছনে তাঁর যুক্তি ও আবেগকে অস্বীকার করা যাবে না। ড.সেন 'যুক্তিই হলো বিতর্কের ভিত্তি' উল্লেখ করে বলেন, সক্রেটিসের বিচার, এনলাইটেনমেন্ট আন্দোলন, আব্রাহাম লিংকনের ক্রীতদাস প্রথা উচ্ছেদ, ফরাসী বিপ্লব, বঙ্গবন্ধুর ছয় দফা–সবই ছিল যুক্তিভিত্তিক।

তিনি বলেন, যুক্তিই জীবন নয়। তবে জীবনের পুরোটাজুড়ে থাকে যুক্তি। বিশেষ অতিথির বক্তব্যে প্রিমিয়ার ইউনিভার্সিটি বোর্ড অব ট্রাস্টিজের সম্মানিত সদস্য জনাব বোরহানুল হাসান চৌধুরী বলেন, ডিবেটিং স্কিল ডেভেলপ করা বাস্তব জীবনে, দৈনন্দিন জীবনে, ব্যবহারিক জীবনে খুবই দরকার। ডিবেটিং-এর মাধ্যমে অনেককিছু শেখা যায়, নিজের জানার ঘাটতি পূরণ করা যায়।

বিশেষ অতিথির বক্তব্যে প্রিমিয়ার ইউনিভার্সিটির ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক বলেন, সমাজ পরিবর্তনে কিংবা মূল্যবোধসম্পন্ন সমাজ গঠনে বিতর্কের দরকার। সমাজে যদি বিতর্ক ও যুক্তির প্রভাব না থাকে সেই সমাজকে এগিয়ে নেওয়া সম্ভব নয়। বিশেষ অতিথির বক্তব্যে প্রিমিয়ার ইউনিভার্সিটি কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম বলেন, মানবসমাজে যে-জঙ্গমতা রয়েছে, এই সমাজকে এগিয়ে নিতে সেই জঙ্গমতা দূর করার ক্ষেত্রে বিতর্কও ভূমিকা রাখতে পারে। বিশেষ অতিথির বক্তব্যে রেজিস্ট্রার জনাব খুরশিদুর রহমান বলেন, একাডেমিক শিক্ষার পাশাপাশি বিতর্ক হলো সহশিক্ষা। এই সহশিক্ষা ব্যক্তিকে দক্ষ, অভিজ্ঞ, আত্মবিশ্বাসি ও নৈতিক করে তুলতে সহায়তা করে।

মডারেটর সাইফুদ্দিন মুন্নার সঞ্চালনায় অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন পিইউডিএস-এর সভাপতি ফজলে রাব্বি। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ব্যবসা-শিক্ষা অনুষদের সহকারী ডিন প্রফেসর এম. মঈনুল হক, গণিত বিভাগের চেয়ারম্যান ইফতেখার মনির, তড়িৎ প্রকৌশল বিভাগের চেয়ারম্যান টুটন চন্দ্র মল্লিক, আইন বিভাগের চেয়ারম্যান তানজিনা আলম চৌধুরী, ইংরেজি বিভাগের চেয়ারম্যান সাদাত জামান খান, প্রক্টর আহমদ রাজীব চৌধুরী, মডারেটর সঞ্জয় বিশ্বাস, হিল্লোল সাহা, নিলুফার সুলতানা, মিনহাজ হোসেন, ফারিয়া হোসেন বর্ষা, তানিয়াহ্‌ মাহমুদা তিন্নি, পিইউডিএস-এর সহ-সভাপতি মো. জোনায়েদ ও সাধারণ সম্পাদক মেহেদী রহমান নিকাশ।

## বিশ্ববিদ্যালয় হলো বিশ্ববিদ্যার স্থান

*১০ পৃষ্ঠার পর*

আহরণ করতে সক্ষম হবে। পরবর্তীকালে তোমাদের জ্ঞান যখন আরও অনেক উপরিস্তরে উঠবে, তখন হয়ত তোমরা একটি বিষয় নিয়ে তোমাদের গবেষণা করবে। তবে বিশ্ববিদ্যালয়সমূহে অন্যান্য বিষয়ের মতো সমাজবিজ্ঞান ও টেকসই উন্নয়ন বিভাগে যে-শিক্ষা তোমরা আহরণ করছো বা করবে, তা তোমাদের আজকের বিশ্বসমাজকে, বাংলাদেশের সমাজকে বুঝতে এবং তাদের আন্তঃসম্পর্ক বুঝতেও সাহায্য করবে। উদাহরণস্বরূপ বলা চলে, বর্তমানে বাংলাদেশ ক্রমশ গ্রাম্য সমাজ থেকে, কৃষক সমাজ থেকে নগরায়িত ও শিল্প-সেবাভিত্তিক সমাজে রূপান্তরিত হচ্ছে। তার ফলে নতুন নতুন সামাজিক সমস্যার উদ্ভব হচ্ছে। উন্নয়ন নানা পথে অগ্রসর হয়, যার প্রভাব সমাজে নানাভাবে পড়ে। যতই তোমাদের সমাজবিজ্ঞান ও টেকসই উন্নয়ন পাঠ অগ্রসর হবে, ততই তোমাদের সমাজকে বোঝার ও দেওয়ার নানা ক্ষেত্র উন্মোচিত হবে। এইসব সমস্যাকে উপলব্ধি করে তার সমাধানেও তোমাদের ভূমিকা রাখতে হবে। বাংলাদেশে এখনও প্রায় ৪কোটি লোক দারিদ্রসীমার নিচে রয়েছে। তাদের আর্থসামাজিক উন্নয়নে একজন সমাজবিজ্ঞানীর বিশেষ ভূমিকা রয়েছে।

০২ ফেব্রুয়ারি ২০২৩, প্রিমিয়ার ইউনিভার্সিটির জিইসি মোড়স্থ ক্যাম্পাসে অনুষ্ঠিত স্যোসিওলজি এন্ড সাসটেইনেবল ডেভেলপমেন্ট বিভাগের ৭ম ব্যাচের 'ওরিয়েন্টেশন প্রোগ্রাম ফল ২০২২'-এ প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। তিনি পরিবার, রাষ্ট্র ও ধর্মকে সমাজের তিনটি মুখ্য প্রতিষ্ঠান বলে অভিহিত করেন। কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলমের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন মাননীয় উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, মাননীয় ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক। এছাড়াও বক্তা ছিলেন বিভাগের কো-অর্ডিনেটর ড. সাদিকা সুলতানা চৌধুরী। স্বাগত বক্তা ছিলেন বিভাগের শিক্ষক তানিয়াহ্‌ মাহমুদা তিন্নি।

বিশেষ অতিথির বক্তব্যে উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা নবীনদের উদ্দেশ্যে বলেন, উন্নয়ন ছাড়া মানুষের বিকাশ, সামাজিক বিকাশ সম্ভব নয়। সুতরাং টেকসই উন্নয়নের গুরুত্ব অপরিসীম। তিনি নবীনদের বলেন, কলেজ পেরিয়ে বিশ্ববিদ্যালয়ে এসে যে-স্বাধীনতার স্বাদ পাওয়া যায়, তা এগিয়ে নেওয়ার দায়িত্ব তোমাদের। ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক বলেন, উন্নয়নের সঙ্গে যদি সমাজ ও সংস্কৃতির মেলবন্ধন না হয়, যদি সেই উন্নয়ন টেকসই না হয়, তাহলে সেই উন্নয়ন যথাযথ হয় না। স্যোসিওলজি এন্ড সাসটেইনেবল ডেভেলপমেন্ট বিভাগের শিক্ষক অর্পা পালের সঞ্চালনায় অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম বলেন, মানবজীবনের সবচেয়ে গুরুত্বপূর্ণ সময় হলো বর্তমান। জীবনকে এগিয়ে নিতে হলে, ভবিষ্যৎজীবন উজ্জ্বল করতে হলে বর্তমানকে অবশ্যই যথাযথভাবে ব্যবহার করতে হবে।

অনুষ্ঠান শুরুর আগে নবীন শিক্ষার্থীদের প্রিমিয়ার ইউনিভার্সিটির কোড অব কন্ডাক্ট সম্পর্কে বলেন প্রক্টর আহমদ রাজীব চৌধুরী। কেক কেটে নবীন শিক্ষার্থীদের বরণ করার পরে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়।

## অধ্যাপক ড. তৌফিক সাঈদকে প্রিমিয়ার ইউনিভার্সিটির ট্রেজারার পদে নিয়োগ

*২০ পৃষ্ঠার পর*

২০০৯ সালে সহযোগী অধ্যাপক ও ২০১৬ সালে অধ্যাপক হিসেবে পদোন্নতি লাভ করেন। তিনি প্রিমিয়ার ইউনিভার্সিটিতে ডিন, সিন্ডিকেট, একাডেমিক কাউন্সিলসহ প্রশাসনিক বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন। তিনি দেশে-বিদেশে বিভিন্ন আন্তর্জাতিক মানের সেমিনারে অংশগ্রহণ করেছেন। এছাড়া আন্তর্জাতিক মানের বিভিন্ন জার্নালে তাঁর গবেষণামূলক অনেক লেখা প্রকাশিত হয়। *দৈনিক আজাদী, ১৮-০৮-২০২৩, পৃষ্ঠা: ০২*

## প্রিমিয়ার ইউনিভার্সিটি অর্থনীতি বিভাগে ৩৬তম ব্যাচের ওরিয়েন্টেশন প্রোগ্রাম অনুষ্ঠিত



সম্প্রতি প্রিমিয়ার ইউনিভার্সিটি অর্থনীতি বিভাগে, সেশন ফল-২০২৩, ৩৬তম ব্যাচের ওরিয়েন্টেশন প্রোগ্রাম অনুষ্ঠিত হয়। এই অনুষ্ঠানে নতুন ভর্তি হওয়া ছাত্রছাত্রীদের বিভাগের শিক্ষকগণ স্বাগত জানান। অর্থনীতি বিভাগের চেয়ারম্যান ফারজানা ইয়াসমিন চৌধুরী তাঁর বক্তব্যে অর্থনীতি বিভাগ যে বিশ্বের সাথে তাল মিলিয়ে নতুন কারিকুলাম (ওবিই) অনুসরণ করছে, সেই বিষয়টি প্রাধান্য দেন এবং অর্থনীতি বিষয়ে পড়াশোনা করে ক্যারিয়ার গঠনসংক্রান্ত বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। এছাড়াও তিনি ছাত্রছাত্রীদের পড়াশোনায় গুরুত্ব দেওয়ার পাশাপাশি কো-কারিকুলার কার্যক্রমে অংশগ্রহণ করার ব্যাপারে দিকনির্দেশনা দেন। উক্ত আয়োজনে বিভাগের সহকারী অধ্যাপক সুদীপ দে 'অ্যাকাডেমিক রুলস এন্ড রেগুলেশন' সংক্রান্ত একটি প্রেজেন্টেশান উপস্থাপন করেন। এই আয়োজনে বিভাগের সকল শিক্ষক-শিক্ষিকা ও কমকর্তা-কর্মচারী এবং নতুন ভর্তি হওয়া সকল ছাত্রছাত্রী উপস্থিত ছিলেন। *দৈনিক আজাদী, ২৩-০৮-২০২৩, পৃষ্ঠা: ০৩*


# প্রিমিয়ার ইউনিভার্সিটি, চট্টগ্রাম বুলেটিন



## প্রিমিয়ার ইউনিভার্সিটিতে মহান বিজয় দিবস উদযাপন

প্রিমিয়ার ইউনিভার্সিটির জিইসি মোড়স্থ কেন্দ্রীয় শহীদ মিনারে মহান বিজয় দিবস উদযাপন করা হয়েছে ১৬ ডিসেম্বর ২০২৩। এ উপলক্ষ্যে আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী, একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ ও প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন শহীদ মিনারে পুষ্পমাল্য অর্পণ করে মুক্তিযুদ্ধের শহীদদের প্রতি শ্রদ্ধা জানান। এরপর ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজ, কর্মকর্তা-কর্মচারী, গণিত বিভাগ, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগ, ইংরেজি বিভাগ, ব্যবসা-শিক্ষা অনুষদ, আইন বিভাগ, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, স্থাপত্য বিভাগ, অর্থনীতি বিভাগ, স্যোসিওলজি এন্ড সাসটেইনেবল ডেভেলপমেন্ট বিভাগ, পাবলিক হেলথ বিভাগ, ফ্যাশন ডিজাইন এন্ড টেকনোলজি বিভাগ ও প্রিমিয়ার ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটির পক্ষ থেকে পুষ্পমাল্য অর্পণ করা হয়। এসময় উপস্থিত ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের সম্মানিত সদস্য সচিব জনাব বোরহানুল হাসান চৌধুরী, মাননীয় উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, ট্রেজারার প্রফেসর ড. তৌফিক সাঈদ, রেজিস্ট্রার জনাব খুরশিদুর রহমান, কলা ও সমাজবিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহীত উল আলম, বিজ্ঞান ও প্রকৌশল অনুষদের প্রফেসর ড. মিহির কুমার রায়, পরীক্ষা নিয়ন্ত্রক শেখ মুহাম্মদ ইব্রাহিম, ব্যবসা-শিক্ষা অনুষদের সহকারী ডিন প্রফেসর এম. মঈনুল হক, গণিত বিভাগের চেয়ারম্যান মোহাম্মদ ইফতেখার মনির, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারম্যান টুটন চন্দ্র মল্লিক, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগর চেয়ারম্যান ড. সাহীদ মো. *১২ পৃষ্ঠার ১ম কলাম*

## প্রিমিয়ার ইউনিভার্সিটি গণিত বিভাগে কর্মশালা অনুষ্ঠিত



প্রিমিয়ার ইউনিভার্সিটি গণিত বিভাগের আয়োজনে এবং আইকিউএসি'র সহযোগিতায় বিভাগের শিক্ষক-শিক্ষার্থীদের নিয়ে দ্বিমাসিক কলোকুইয়ামের অংশ হিসেবে অনুষ্ঠিত হল এক প্রশিক্ষণ কর্মশালা। দামপাড়াস্থ একাডেমিক ভবনে বিভাগের কম্পিউটার ল্যাবে 'লেটেক: এ সায়েন্টিফিক ডকুমেন্ট প্রিপারেশন টুল' শিরোনামে অনুষ্ঠিত কর্মশালায় রিসোর্স পারসন হিসেবে উপস্থিত থেকে লেটেকের উপর প্রশিক্ষণ প্রদান করেন বিভাগের চেয়ারম্যান মোহাম্মদ ইফতেখার মনির। সকল অংশগ্রহণকারীকে দিয়ে উইন্ডোজ অপারেটিং সিস্টেমের জন্য ওপেন সোর্স টেক ডিস্ট্রিবিউশন মিকটেক, লেটেক আইডিই টেকস্টুডিও এবং পিডিএফ রিডার সুমাত্রা পিডিএফ ইন্সটলেশন করানোর মধ্য দিয়ে প্রশিক্ষণের সূচনা করেন মোহাম্মদ ইফতেখার মনির। বিভাগের শিক্ষক মামুন-অর-রশিদের সভাপতিত্বে এই কর্মশালায় গণিত অনার্স এবং মাস্টার্স প্রোগ্রামসমূহের কেপস্টন কোর্সের শিক্ষার্থী এবং বিভাগের শিক্ষকবৃন্দ অংশগ্রহণ করেন। *দৈনিক আজাদী, ১১-০৯-২০২৩*

প্রিমিয়ার ইউনিভার্সিটিতে মহান স্বাধীনতা দিবস উদযাপন

## ২৬ মার্চ বাঙালির সর্বশ্রেষ্ঠ দিন

প্রিমিয়ার ইউনিভার্সিটির জিইসি মোড়স্থ কেন্দ্রীয় শহীদ মিনারে মহান স্বাধীনতা দিবস উদযাপন করা হয়েছে ২৬ মার্চ ২০২৩। এ উপলক্ষে আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী ও শিক্ষায় একুশে পদকপ্রাপ্ত প্রিমিয়ার ইউনিভার্সিটির মাননীয় উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন শহীদ মিনারে পুষ্পমাল্য অর্পণ করে মুক্তিযুদ্ধের শহীদদের প্রতি শ্রদ্ধা জানান।

এরপর মাননীয় উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, ট্রেজারার প্রফেসর একেএম তফজল হক, রেজিস্ট্রার জনাব খুরশিদুর রহমানসহ কর্মকর্তা-কর্মচারী শহীদ মিনারে পুষ্পমাল্য অর্পণ করেন। ব্যবসা-শিক্ষা অনুষদ, প্রকৌশল অনুষদ, কলা অনুষদ, আইন অনুষদ, সমাজবিজ্ঞান অনুষদ ও বিজ্ঞান অনুষদের সম্মানিত শিক্ষকবৃন্দ স্ব স্ব ডিনের নেতৃত্বে পুষ্পমাল্য অর্পণ করে শহীদদের শ্রদ্ধা জ্ঞাপন করেন। পরে প্রিমিয়ার ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটির পক্ষ থেকে পুষ্পমাল্য অর্পণ করা হয়। এসময় উপস্থিত ছিলেন প্রকৌশল ও বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. তৌফিক সাঈদ, ব্যবসা-শিক্ষা অনুষদের সহকারী ডিন এম. মঈনুল হক, স্থাপত্য বিভাগের চেয়ারম্যান বিশিষ্ট স্থপতি সোহেল এম. শাকুর, গণিত বিভাগের চেয়ারম্যান মোহাম্মদ ইফতেখার মনির, ইংরেজি বিভাগের



চেয়ারম্যান সাদাত জামান খান, তড়িৎ ও ইলেকট্রনিক প্রকৌশল বিভাগের চেয়ারম্যান টুটন চন্দ্র মল্লিক, আইন বিভাগের চেয়ারম্যান তানজিনা আলম চৌধুরী, জনস্বাস্থ্য (পাবলিক হেলথ) বিভাগের চেয়ারম্যান মো. জাহেদুল ইসলাম, ফ্যাশন ডিজাইন এন্ড *১৫ পৃষ্ঠার ১ম কলাম*

## প্রিমিয়ার ইউনিভার্সিটির অর্থনীতি বিভাগে কর্মশালা অনুষ্ঠিত

প্রিমিয়ার ইউনিভার্সিটিতে অর্থনীতি বিভাগের উদ্যোগে ২৮ মে ২০২৩ SPSS Fundamentals: Essential Skills for Data Analysis শীর্ষক এক কর্মশালা আয়োজিত হয়। এই আয়োজনে সভাপতিত্ব করেন বিভাগীয় চেয়ারম্যান ফারজানা ইয়াসমিন চৌধুরী। অর্থনীতি বিভাগের সহকারী অধ্যাপক সুদীপ দে এই কর্মশালা পরিচালনা করেন। এই কর্মশালায় Data entry and coding (Primary data & Time series data), Descriptive statistics & Frequency distribution :(Mean, Range, maximum, minimum value, standard error, standard deviation, variance, mode, skewness, kurtosis), Multicollinearity (with VIF) এবং normality test এ SPSS software-এর ব্যবহার সংক্রান্ত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। বিভাগের সকল শিক্ষক এবং ছাত্রছাত্রী এই কর্মশালায় উপস্থিত ছিলেন।

